আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৬ || সংখ্যা ০৫ || সোমবার || কার্তিক ১৭ || ১৪২৮ || রবিউল আউয়াল ২৬ || ১৪৪৩ || Vol. 26 || Issue 05 || 01 November || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086


এরিক এডাম

মঙ্গলবার নিউইয়র্ক সিটির নির্বাচনঃ এরিক নতুন মেয়র!

সালাহউদ্দিন আহমেদ: আগামীকাল মঙ্গলবার (২ নভেম্বর) যুক্তরাষ্ট্রের ডেমোক্র্যাট রাজ্য নিউইয়র্ক সিটির নির্বাচন। এই নির্বাচনে সিটিবাসী নতুন মেয়র ছাড়াও পাবলিক এডভোকেট, সিটি কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট, কাউন্সিল সদস্য, কাউন্টি জজ সহ বিভিন্ন পদে তাদের প্রতিনিধি নির্বাচন করবেন। ডেমোক্র্যাট ও রিপাবলিকান পার্টি সহ একাধিক পার্টির প্রার্থীরা এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। ইতিমধ্যেই নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে নিউইয়র্ক সিটির বোর্ড অব ইলেকশন। প্রাথমিক জরিপ ছাড়াও বিভিন্ন সূত্রে জানা গেছে নিউইয়র্ক সিটির এবারের নির্বাচনে ব্রুকলীন বরো প্রেসিডেন্ট এরকি এডামস নতুন মেয়র হতে (বাকি অংশ ২০ পাতায়)


কারটিস এ. স্লিওয়া


জুমানি ডি. উইলিয়ামস


ব্রেড লেন্ডার


শাহানা হানিফ


সোমাই সাঈদ

ডেনমার্কে ছড়াচ্ছে নতুন ধরনের করোনা

বাংলা পত্রিকা ডেস্ক : ডেনমার্কে ডেল্টা করোনা ভাইরাসের নতুন একটি ভেরিয়েন্টের নতুন সংস্করণ (বাকি অংশ ৮ পাতায়)

যুক্তরাষ্ট্রে চালু হল 'এক্স' লিঙ্গের পাসপোর্ট



বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের পাসপোর্টের লিঙ্গ উল্লেখের জায়গায় 'পুরুষ' বা 'নারী'-এর বদলে লেখা রয়েছে 'এক্স'। বুধবার আমেরিকার এক এক ইন্টারসেক্স কর্মী ডানা জাজিম প্রথম এই রকম একটি পাসপোর্ট পেলেন। রূপান্তরকামী এবং উভকামীদের সমান অধিকার প্রদানের জন্য 'এক্স'-এর উল্লেখ রাখা হয়েছে বলে জানিয়েছে আমেরিকা। যুক্তরাষ্ট্র সরকারের নির্দেশে কনস্যুলার রিপোর্ট অফ বার্থ অ্যাব্রোডের তরফে (বাকি অংশ ২০ পাতায়)

৫ থেকে ১১ বছর বয়সীদের টিকা অনুমোদন

বাংলা পত্রিকা ডেস্ক : করোনা সংক্রমন রোধে দ্রুত টিকা দেয়ার লক্ষ্যে শুক্রবার ৫ থেকে ১১ বছর (বাকি অংশ ২০ পাতায়)

নিউজিল্যান্ডের কাছেও ধরাশায়ী ভারত

বাংলা পত্রিকা ডেস্কঃ টি-টোয়েন্টি বিশ্বকাপের চলমান সপ্তম আসরে নাজেহাল অবস্থা ভারতের। প্রথম ম্যাচে চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের কাছে স্রেফ উড়ে যায় বিরাট কোহলির নেতৃত্বাধীন দলটি। ভারতকে ১৫১ রানে আটকে দিয়ে ১০ উইকেটের বড় ব্যবধানে জয় পায় পাকিস্তান। বিশ্বকাপের মতো বড় আসরে এই প্রথম ভারতের বিপক্ষে জয় (বাকি অংশ ২০ পাতায়)

স্কটল্যান্ডে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলা পত্রিকা ডেস্কঃ দুই সপ্তাহের বিদেশ সফরে স্কটল্যান্ডের গ্লাসগোতে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (বাকি অংশ ২০ পাতায়

বিশ্বকাপ শেষ সাকিবের

বাংলা পত্রিকা ডেস্কঃ দক্ষিণ আফ্রিকা ও অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশের ম্যাচ বাকি। অথচ দুই ম্যাচে দেখা মিলবে না সাকিব আল হাসানের। সুপার টুয়েলভে তাকে ছাড়াই বাংলাদেশ টি-২০ বিশ্বকাপে মাঠে নামবে। হ্যামস্ট্রিংয়ের (বাকি অংশ ৯ পাতায়



APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801

স্ট্রোক হলে যা করবেন

বাংলা পত্রিকা ডেস্ক : আমাদের জীবনযাপনে বহু পরিবর্তন এসেছে। খাদ্যাভ্যাসে পরিবর্তন ও শারীরিক পরিশ্রম দিন দিন করে যাওয়ার কারণে (বাকি অংশ ২০ পাতায়)

বিয়েতে মাংস কম দেওয়ায় বর-কনে পক্ষের সংঘর্ষ

বাংলা পত্রিকা ডেস্ক : চট্টগ্রামের সাতকানিয়ায় বিয়েতে মাংস কম দেওয়াকে কেন্দ্র করে বর ও কনেপক্ষের (বাকি অংশ ০৯ পাতায়)

মিয়ানমারে বাড়ি-ঘরে আগুন দিয়েছে সেনাবাহিনী

বাংলা পত্রিকা ডেস্ক : মিয়ানমারের চীন রাজ্যের পশ্চিমাঞ্চলে সাধারণ মানুষের বাড়ি-ঘরে ব্যাপক তা-ব চালিয়েছে সে দেশের সেনাবাহিনী। বহু বাড়ি-ঘর গুঁড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে সেনাবাহিনীর বিরুদ্ধে। প্রাণ বাঁচাতে পালিয়ে গেছেন সেখানকার বাসিন্দারা। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা এক প্রতিবেদনে এ তথ্য (বাকি অংশ ২০ পাতায়)



সালমান শাহ ৫ কারণে 'আত্মহত্যা' করেছিলেন

বাংলা পত্রিকা ডেস্কঃ চিত্রনায়ক সালমান শাহের মৃত্যুর ঘটনায় পিবিআই (পুলিশ ব্যুরো অব (বাকি অংশ ২০ পাতায়)

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihaj@gmail.com
Web: www.hajjmakkah.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
৩-এর পৃষ্ঠা

বাংলাদেশ মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার প্রতি গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ -রাবাব ফাতিমা



নিউইয়র্ক: "বাংলাদেশ মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার নীতিসমূহের প্রতি গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ যার প্রতিফলন দেখা যায় জাতিসংঘের মানবাধিকার ব্যবস্থাপনাসমূহের সাথে আমাদের বিদ্যমান নিবিড় সম্পৃক্ততার মাধ্যমে"। গত ২৯ অক্টোবর শুক্রবার জাতিসংঘ সাধারণ পরিষদে মানবাধিকার কাউন্সিলের রিপোর্টের উপর আয়োজিত এক সাধারণ বিতর্কে বক্তব্য প্রদানকালে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত (বাকি অংশ ৮ পাতায়)

জ্যাকসন হাইটসে 'নয়ন-আলী প্যানেল'র নির্বাচনী সমাবেশে প্রবাসীদের স্বার্থ রক্ষার অঙ্গীকার

বাংলা পত্রিকা ডেস্ক: আমেরিকার মূলধারায় কার্যকর ভূমিকা রাখা সহ প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ রক্ষার অঙ্গীকারের মধ্য দিয়ে নিউইয়র্কের জ্যাকসন হাইটসে অনুষ্ঠিত হলো বাংলাদেশ সোসাইটি ইনক'র আসন্ন নির্বাচনে পপ্রতদ্বন্দ্বিতাকারী 'নয়ন-আলী' প্যানেলের







নির্বাচনী সমাবেশ। গত ২৭ অক্টোবর বুধবার রাতে স্থানীয় বাংলাদেশ প্লাজায় অনুষ্ঠিত এ সমাবেশে 'নয়ন-আলী' প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেয়া হয়। জ্যাকসন হাইটসবাসী আয়োজিত সমাবেশে বক্তারা বলেন, 'নয়ন-আলী প্যানেল'-এর সকল প্রার্থীই যোগ্যতা-অভিজ্ঞতায় সেরা। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হলে এই প্যানেলের বিজয় কেউ ঠেকিয়ে রাখতে পারবে না। উল্লেখ্য, আগামী ১৪ নভেম্বর রোববার বাংলাদেশ সোসাইটির বহুল আলোচিত এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা।

কমিউনিটি অ্যাক্টিভিস্ট শামসুল আলম লিটনের সভাপতিত্বে এবং 'নয়ন-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আবুল কাসেম ও আমানত হোসেন আমানের যৌথ পরিচালনায় সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজেনেস এসোসিয়েশন অব এনওয়াই-জেবিবিএ'র সাবেক সভাপতি শাহ নেওয়াজ ও উপদেষ্টা তারেক হাসান খান, 'নয়ন-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আবু নাসের ও প্রধান উপদেষ্টা আলী ইমাম শিকদার, সভাপতি পদপ্রার্থী কাজী আশরাফ হোসেন (নয়ন), সিনিয়র সহ সভাপতি প্রার্থী আব্দুর রহীম হাওলাদার ও সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলী, চট্টগ্রাম সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি কাজী শাখাওয়াত হোসেন আজম, রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের সভাপতি মামুন মিয়াজী, সহ সভাপতি সাইফুল ইসলাম লিটন, বিশিষ্ট ব্যবসায়ী আহসান হাবিব, সঙ্গীত শিল্পী রানো নেওয়াজ প্রমুখ।

সমাবেশে 'নয়ন-আলী' পরিষদের কর্মী-সমর্থক ছাড়াও কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিপুল সংখ্যক প্রবাসী উপস্থিত ছিলেন।

সমাবেশে 'নয়ন-আলী' পরিষদের নির্বাচন পরিচালনা কমিটির যুগ্ম সদস্য সচিব মাকসুদুল হক চৌধুরী প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেন। এই প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- কাজী আশরাফ হোসেন (নয়ন), সিনিয়র সহ সভাপতি- আব্দুর রহীম হাওলাদার, সহ সভাপতি- মোহাম্মদ রেজাউল করীম (সগীর), সাধারণ সম্পাদক- মোহাম্মদ আলী, সহ সাধারণ সম্পাদক- মোহাম্মদ দুলাল মিয়া, কোষাধ্যক্ষ- মোহাম্মদ জেড খান (ডিউক), সাংগঠনিক সম্পাদক- আহসান হাবিব, সাংস্কৃতিক সম্পাদক- মনিকা রায়, জন সংযোগ ও প্রচার সম্পাদক- শেখ হায়দার আলী, সমাজকল্যাণ সম্পাদক- আবুল কাশেম চৌধুরী, সাহিত্য সম্পাদক- মোহাম্মদ হাসান (জিলানী), ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- মোহাম্মদ এইচ রশীদ (রানা), স্কুল ও শিক্ষা সম্পাদক- মো. সামাদ মিয়া (জাকের) এবং কার্যকরী সদস্য যথাক্রমে মোহাম্মদ এম আলম, মোহাম্মদ এ সিদ্দিক, সাঈদুর আর খান (ডিউক) ও আহসান উল্লাহ (মামুন)।

সমাবেশে কাজী আশরাফ হোসেন (নয়ন), আব্দুর রহীম হাওলাদার ও মোহাম্মদ আলী করোনা মহামারিতে কমিউনিটি সেবায় তাদের ভূমিকার কথা তুলে ধরে বলেন, 'নয়ন-আলী প্যানেল' নির্বাচিত হলে বাংলাদেশ সোসাইটি সহ কমিউনিটিকে অন্য উচ্চতায় নিয়ে যেতে আমরা আরও কার্যকর ভূমিকা রাখতে পারবো। তারা বলেন, আমেরিকার মূলধারায় এবং প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ রক্ষায় এই প্যানেলের প্রার্থীরা দীর্ঘদিন ধরে কাজ করে চলেছেন। ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠার অঙ্গীকার করেন তারা।

বক্তারা বলেন, নির্বাচন অবাধ ও সুষ্ঠু হলে সকলের সার্বিক সহযোগিতায় কুইন্সে সর্বোচ্চ সংখ্যক ভোটে নির্বাচিত হয়ে 'নয়ন-আলী' প্যানেল চূড়ান্তভাবে বিজয়ী হবে। এই প্যানেলের সকল প্রার্থীকে বিজয়ী করতে জ্যাকসন

Hillside Medical & Pain Management
164-05 Hillside Ave. Jamaica, NY 11432
Ph: (718-297-6090
PHYSICAL THERAPY
আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি
ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত
WE ARE OPEN
We have missed you
Mask, gloves, face shield, hand sanitizer available for all patients
Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F









সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী
তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি
ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট
সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ বেঞ্চব্রিজ এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
১০৮১৯ কান্টনবিন এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

মায়ান সভ্যতার দেশে



হাবিব রহমান

প্রাচীন সভ্যতা মানেই রহস্যে ঘেরা আদি মানববসতি, তাদের সংস্কৃতি, রোমাঞ্চকর ইতিহাস। এ সম্পর্কে জানার আগ্রহ আমার প্রবল। প্রাচীন সভ্যতা এবং ইতিহাসের নুড়ি কুড়াতে প্রায়শই আমি পৃথিবীর দেশে দেশে ঘুরে বেড়াই। যেজন্য কিছুদিন আগেও ঘুরে এসেছি তুরস্কের উত্তর পশ্চিমাঞ্চলের দেশ, এজিয়ান সাগরের উপকূলে অবস্থিত ঐতিহাসিক ট্রয় নগরী। যে শহরটি জড়িয়ে আছে মানব সভ্যতার সূচনা এবং বিস্তারের সঙ্গে। প্রায় সোয়া তিনহাজার বছর আগে যে নগরীটি ধ্বংস হয়ে গিয়েছিলো সেই সময়ের সবচেয়ে সুন্দরী নারী হেলেনের জন্য।

এবারকার ভ্রমণে আমার দর্শনের তালিকায় রয়েছে মায়ানদের দেশ। মায়ান সভ্যতা হচ্ছে পৃথিবীর অন্যতম নিদর্শন। খৃস্টপূর্ব ২৬০০ সালে মায়ান সভ্যতা বিকাশ লাভ করে মধ্য আমেরিকায়। মেক্সিকো, গুয়েতেমালা, হন্ডুরাস, এল সালভেদরের ১০০০ কিলোমিটার জুড়ে ছিল এইমায়া সভ্যতার অবস্থান।

আমি এসেছি মেক্সিকোর জনপ্রিয় পর্যটন শহর কানকুনে। জায়গাটি মেক্সিকোর ইউক্যাটান উপদ্বীপের উত্তরপূর্ব উপকূলে অবস্থিত একটি আন্তর্জাতিক পর্যটন কেন্দ্র এবং রিসোর্ট এলাকা। এর দুর্দান্ত সুন্দর সৈকতগুলো সারা বছর সারা বিশ্বের পর্যটক আকর্ষন করে। তবে এবারকার ভ্রমণে সৈকত দর্শন আমার প্রায়োরিটি ছিলোনা। মায়া সভ্যতার নিদর্শনগুলো মধ্য আমেরিকার বিভিন্ন দেশগুলোতে ছড়িয়ে থাকলেও এর রাজধানী ছিলো চিচেন ইতসা নামক স্থানে। আর এই স্থানটি মেক্সিকোর অন্তর্গত এবং কানকুনের সন্নিকটে। মেক্সিকোর এই এলাকার গহীন জঙ্গলে এখনো রয়ে গেছে সে সভ্যতার অসংখ্য চিহ্ন। রহস্যময় মন্দির, পাথরের দেয়াল, পিরামিড এবং বিশাল বিশাল পিলারের সারি। মায়ানদের নির্মিত বিশালাকৃত্র পিরামিড এখন ইউনেস্কো হেরিটেজ এবং নতুন সপ্তম আশ্চর্যের অন্তর্ভুক্ত করা হয়েছে।

নিউইয়র্ক থেকেই ট্যুর বুক করে এসেছিলাম মায়া সভ্যতার রাজধানী চিচেন ইতসা দেখার জন্য। ১৬ শতকে মেক্সিকোয় স্প্যানিশদের প্রবেশের আগে পর্যন্ত মায়া সভ্যতাই ছিল পৃথিবীর সবচেয়ে উন্নত। মেক্সিকোর ইউকাটান প্রদেশে ৪ বর্গ মাইল এলাকা জুড়ে এই চিচেন ইৎজা শহরই ছিল মায়া সভ্যতার সবচেয়ে বড় সাফল্য। এই মায়া সভ্যতা। শুধু যে প্রাচীন তাই নয় বরং সভ্যতার মধ্যে সব থেকে বেশি রহস্যে ঘেরা রয়েছে মায়া সভ্যতা। যুগে যুগে বিজ্ঞানীরা এই সভ্যতার রহস্য উন্মোচনে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তবে কী রয়েছে এই রহস্যে ঘেরা সভ্যতায়, কেনই বা এ সভ্যতা নিয়ে এত আগ্রহ? তা জানার জন্য আমরা যাচ্ছি বিলুপ্ত মায়ান সভ্যতার রাজধানী চিচেন ইতসা সহ সে সভ্যতার নানা নিদর্শন দেখতে।

হাজার হাজার বছর পুরনো এ সভ্যতাকে আমেরিকাতে স্প্যানিশদের আসার আগে সবচেয়ে আধুনিক সভ্যতা হিসেবে ধরা হয়। তৎকালীন পৃথিবীর সবচেয়ে আধুনিক ও উন্নত সভ্যতা ছিল এ মায়া সভ্যতা। মায়া সভ্যতায় বসবাসকারীদের মায়ানও বলা হতো।

প্রি-ক্লাসিক্যাল পিরিয়ডে, যা ২৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত স্থায়ী ছিল, মায়া সভ্যতার ধীরে ধীরে প্রসারণ ঘটতে থাকে। ২০০০ খ্রিস্টপূর্বাব্দে তারা কৃষি কাজ এবং বসতি স্থাপন শুরু করে। তার পূর্বে তারা শিকার করে ও ফলমূল জোগাড় করে জীবনধারণ করত। এরপর ১৮০০ খ্রিস্টপূর্বাব্দে প্রশান্ত মহাসাগরের উপকূলে সেকোনুস্ক অঞ্চলে তারা বসতি স্থাপন করে। এরপর তারা ধীরে ধীরে পুরো মেসো আমেরিকায় ছড়িয়ে পড়ে ও বিশাল বিশাল স্থাপত্য কার্যের শুরু করে। এসব অঞ্চলজুড়ে তাদের শিলালিপি, মৃৎশিল্প ও স্থাপত্য কলার বিভিন্ন নিদর্শন পাওয়া যায়।



মায়া শব্দটির উৎপত্তি ঘটেছে 'মায়াপান' এর প্রাচীন শহর ইউকাতান থেকে। ইউকাতান ছিল পোস্ট-ক্লাসিক সময়ে (খ্রিস্টপূর্ব ২০০০-২৫০ খ্রিস্টাব্দ) মায়ান সাম্রাজ্যের শেষ রাজধানী। 'মায়া'রা জাতিগত বৈশিষ্ট্য এবং ভাষা অনুযায়ী নিজেদের পরিচয় দিয়ে থাকে- দক্ষিণের কিচ (Quiche in the South) বা উত্তরের ইউকেটেক (Yucatec in the North)। ১৮৪০ সালে জন লয়েড স্টিফেনস এবং ফ্রেডরিক ক্যাথারউড যখন "রহস্যময় মায়া"দের 'আবিষ্কার' করে, তখন পুরো পৃথিবী কিছুটা বিভ্রান্ত হয়। কিন্তু বাস্তবে, মায়া সংস্কৃতি ততটা রহস্যময় নয় যতটা শুরুতে সবাই ধারণা করেছিল। মায়াদের সম্পর্কে জনপ্রিয় একটি ভুল ধারণা আছে যে, তারা হারানো জাতি। মায়ারা হারিয়ে যায়নি, বরং, তাদের বংশধরেরা চিচেন ইত্জা, বোনামপাক, উক্সমাল এবং আলতুন হা নামের বিখ্যাত যে শহরগুলো স্থাপন করেছিল, সেগুলো এখনো সেই একই স্থানে বিদ্যমান এবং একহাজার বছর আগে যে রীতি-নীতির চল ছিল, সেগুলোর পরিবর্তিত রূপ এখনো সেখানকার স্থানীয়রা অনুশীলন করে থাকে।

আমরা যাচ্ছি সেই মায়ান সভ্যতার নিদর্শন দেখতে এবং এখনও টিকে থাকা মায়ানদের সাথে পরিচিত হতে।

কাঁটায় কাঁটায় সকাল ৮টায় ট্যুর গাইড আমাকে উঠিয়ে নিলো বিচ প্যালেস রিসোর্ট থেকে। পুরো বাসটাই নানা দেশের পর্যটকে ভর্তি। পরিচয় পর্বের পর শুরু হলো গাইডের লেকচার পর্ব তথা মায়ান দের ইতিহাস বর্ণনা।

আজ থেকে প্রায় চার হাজার বছর আগের কথা। মেসো আমেরিকা বা বর্তমান মধ্য আমেরিকার সবচেয়ে পরাক্রমশালী প্রাচীনতম জাতি ছিল মায়ানরা। হন্ডুরাস, গুয়াতেমালা, এল সালভেদরের উত্তরাংশ, সেন্ট্রাল মেক্সিকোর তাবাস্কো আর চিয়াপাসসহ আরো প্রায় ১ হাজার কিলোমিটার এলাকা জুড়ে বসতি স্থাপন করেছিল তারা। সে সময়ে ছড়িয়ে ছিটিয়ে না থেকে মায়ানরা এই নির্দিষ্ট ভৌগোলিক এলাকায় গড়ে তুলেছিল সমৃদ্ধ এক সভ্যতা, যার নাম মায়া সভ্যতা। তারা শুধু মধ্য আমেরিকার পরাক্রমশালী জাতিই ছিল না, পৃথিবীর অন্য প্রান্তের মানুষদের তুলনায় কয়েক ধাপ এগিয়ে ছিল।

যখন অন্য মানুষেরা জানত না সভ্যতা কী, কীভাবে আবাস গড়তে হয়, সেসময়ই মায়ানরা গড়ে তুলেছিল উঁচু উঁচু স্থাপনা, এগিয়ে গিয়েছিল জ্ঞান আর বিজ্ঞানে। উদ্ভাবন করেছিল এমন অনেক কিছু, যা ঐ সময়ের তো বটেই, বর্তমান মানুষদের কাছেও বিস্ময়ের ব্যাপার।

২৫০-৯০০ খ্রিস্টাব্দ ছিল মায়া সভ্যতার স্বর্ণযুগ। এ সময় এ অঞ্চলে ৪০টিরও বেশি শহর প্রতিষ্ঠা লাভ করে যার কিছু কিছুর জনসংখ্যা ৫০ হাজারেরও বেশি ছিল। এই সময়ে বড়-ধরনের নির্মাণকার্য, শিল্পকর্মের উন্নয়ন ও কৃষির অভাবনীয় বিকাশ সাধন হয়েছিল। তারা পাথরের বিশাল অবকাঠামো দিয়ে শহর নির্মাণ করেছিল। প্রত্যেক মায়া নগররাষ্ট্রে একটা করে স্থানীয় রাজা বা আহাও থাকতেন। তিনি বসবাস করতেন রাজপ্রাসাদে। তার সঙ্গে বিশাল রাজপরিবারও ওই রাজপ্রাসাদে থাকত। প্রত্যেক রাজপ্রাসাদের উত্তর প্রান্তে থাকত একটা বাণিজ্য কুঠি, বড় রাস্তা এবং দক্ষিণ প্রান্তে থাকত পিরামিড এবং কৃষিজমি। মায়া সভ্যতায় বিভিন্ন (বাকি অংশ ২৯ পাতায়)



বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

অবাধ, সুষ্ঠু ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হোক
এগিয়ে আসছে জাতীয় নির্বাচন

বাংলাদেশ জাতীয় সংসদের পরবর্তী নির্বাচন ক্রমেই নিকটবর্তী হচ্ছে। নির্বাচন সম্পর্কিত নানা বিষয়ে আলাপ-আলোচনা ক্রমেই জোরদার হচ্ছে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপি নেতারা এর মধ্যে ঘোষণা দিয়েছেন, আগামী নির্বাচন নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে হতে হবে। অন্যথায় তাঁরা সেই নির্বাচনে অংশ নেবেন না। বিএনপির এই ঘোষণার সঙ্গে একমত প্রকাশ করেছেন আরো কিছু রাজনৈতিক দলের নেতারা। এদিকে নির্বাচন কমিশন গঠনে সংবিধান অনুযায়ী দ্রুত আইন প্রণয়নের দাবিও উঠেছে। এ ব্যাপারে উচ্চ আদালতে একটি রিটও করা হয়েছে। এদিকে ক্ষমতাসীন দল আওয়ামী লীগের পক্ষ থেকে বলা হয়েছে, নির্বাচন হবে সংবিধান অনুযায়ী। কোনো তত্ত্বাবধায়ক সরকার গঠনের প্রশ্নই ওঠে না। এমন অবস্থায় নির্বাচন যত নিকটবর্তী হবে, তত বেশি সাংঘর্ষিক পরিস্থিতি সৃষ্টির আশঙ্কা করা হচ্ছে। অতীতের অনেক নির্বাচনেই এমন পরিস্থিতি দেখা গেছে। তখন জাতিসংঘসহ অনেক দেশের প্রতিনিধিরা বাংলাদেশের প্রধান পক্ষগুলোর মধ্যে সমঝোতা সৃষ্টির লক্ষ্যে আলাপ-আলোচনা করেছে। এমন এক প্রেক্ষাপটে ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেছেন, বাংলাদেশের আগামী নির্বাচন কেমন হওয়া উচিত তা বিদেশিরা বলে দেবে না। বাংলাদেশের নির্বাচন পরিচালিত হবে দেশের সংবিধান, প্রচলিত বিধি-বিধান ও অংশীজনদের মতামতের ভিত্তিতে। গত বুধবার জাতীয় প্রেস ক্লাবে কূটনৈতিক সংবাদদাতাদের সংগঠন ডিকাব আয়োজিত 'ডিকাব টক' অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

নির্বাচন নিয়ে দেশের মানুষ অতীতের সংঘাতময় পরিস্থিতির পুনরাবৃত্তি দেখতে চায় না। আবার কিছু দলের বিদেশিদের কাছে ধরনা দেওয়া এবং সংঘাত থামাতে বিদেশিদের ঝাঁপিয়ে পড়াকেও অনেকেই কাঙ্ক্ষিত মনে করেন না। সে ক্ষেত্রে ব্রিটিশ হাইকমিশনারের বক্তব্য যথার্থ। তিনি বলেছেন, সংবিধানের মূল্যবোধের প্রতিফলন ঘটে এমনভাবে নিজস্ব প্রক্রিয়ায় নির্বাচন করার মতো অনেক দক্ষতা ও প্রতিভা বাংলাদেশের আছে। নির্বাচন প্রক্রিয়ায় সবার অবাধ অংশগ্রহণ জরুরি উল্লেখ করে তিনি বলেন, বন্ধু রাষ্ট্র হিসেবে যুক্তরাজ্য আগামী নির্বাচন আয়োজনে যথাসম্ভব সমর্থন দিয়ে যাবে। আমরা মনে করি, নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে পরিচালনা করার প্রাথমিক শর্তগুলো সরকারকেই পূরণ করতে হবে। নির্বাচন কমিশন গঠনের বিষয়ে উচ্চ আদালত কী পর্যবেক্ষণ দেন তা দেখে সেই অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিএনপিসহ যেসব দল তত্ত্বাবধায়ক সরকারের দাবি তুলেছে, তাদের সঙ্গে কথা বলতে হবে। ক্ষমতাসীন বা বিরোধী দল সবাইকেই সংবিধান ও প্রচলিত বিধি-বিধানকে সম্মান জানাতে হবে। একই সঙ্গে অনড় অবস্থানে না থেকে সমঝোতার ভিত্তিতে এগিয়ে আসতে হবে।

আমরা আশা করি, বাংলাদেশের আগামী নির্বাচন একটি মাইলফলক নির্বাচন হিসেবে চিহ্নিত হবে। এই নির্বাচনে সব দল ও মতের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ থাকবে, এমনটাই আমরা প্রত্যাশা করি। অতীতের ভুলভ্রান্তি থেকে শিক্ষা নিয়ে নির্বাচন কমিশন নির্বাচনকে সুষ্ঠু করতে প্রয়োজনীয় সব ব্যবস্থা নেবে এবং নির্বাচনী বিধি-বিধান কঠোরভাবে পালন করবে। সেই নির্বাচন পর্যবেক্ষণে আমরা অবশ্যই বিদেশিদের



ড. অরূপরতন চৌধুরী

করোনার নতুন ভ্যারিয়েন্ট ও প্রতিরোধ

আমাদের সৌভাগ্য যে করোনার বিপর্যস্ত দিনগুলো অতিক্রম করেছি এবং একটি নিউ নরমাল লাইফে ফিরে যেতে চাইছি। ইতিমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তরিক সহযোগিতায় এবং প্রশাসনসহ স্বাস্থ্য মন্ত্রণালয়, সেই সঙ্গে যুক্ত অন্যান্য মন্ত্রণালয়ের সমবেত প্রচেষ্টায় আজ বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে একটি গ্রহণযোগ্য স্থানে আমরা পৌঁছে গেছি। তাই বলে কি আমরা স্বস্তির নিঃশ্বাস ফেলব? আমরা কি স্বাস্থ্যবিধি মেনে চলব না? বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে করোনা যায়নি, বরং আরো অধিকতর সতর্ক থাকতে হবে। স্বাস্থ্যবিধি মেনে বাইরে বেরোলে মাস্ক অবশ্যই আমাদের পরতে হবে, বাইরে থেকে ঘরে এসে হাত সাবান দিয়ে অবশ্যই ধুতে হবে, ভিড়ের মধ্যে নিরাপদ দূরত্ব অবশ্যই বজায় রাখতে হবে এবং সাবান-পানি না থাকলে সেনিটাইজার ব্যবহার অব্যাহত রাখতে হবে।

এখন সবার মনে একই প্রশ্ন, তাহলে কীভাবে করোনা গেল? অনেকে ভাবেন, ভ্যাকসিন তো দুই ডোজই নিলাম এবং করোনার কারণে সব নিষেধাজ্ঞাও উঠিয়ে নেওয়া হলো। এখন আর ঘরে থাকা লাগে না। তবে কেন এত সব বিধিনিষেধ আর স্বাস্থ্যবিধি? এরকমটি ভেবে অনেকেই অবজ্ঞা আর বাহাদুরিতে বেশ খোলামেলা বাইরে হেঁটেচলে কাজ করে বেড়াচ্ছেন। কিন্তু তারা এগুলো কি ঠিক করছেন? না, কখনোই না। আমাদের একটি কথা ভুলে গেলে চলবে না, করোনার জন্য নেওয়া টিকা হয়তো করোনায় আক্রান্ত হলে নানা জটিলতা থেকে আমাদের মুক্ত রাখবে, হাসপাতাল আর নিবিড় পরিচর্যায় যেতে হবে না; কিন্তু তাই বলে আক্রান্ত হব না–এটা কিন্তু ঠিক নয় বা এর কোনো বৈজ্ঞানিক ভিত্তি নেই। এখনো সরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র থেকে সংবাদ বুলেটিন শুনলে জানা যাবে, মৃত্যুসংবাদ কমলেও একেবারে শূন্যের কোঠায় যায়নি।

তাই সচেতন থাকা জরুরি নয় কি? আমাদের অবশ্যই বিশ্ব স্বাস্থ্য সংস্থার স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশিকাগুলো এখনো মেনে চলতে হবে। সবচেয়ে আতঙ্কের খবর হলো, ইতিমধ্যে ভারত এবং অন্য এক-দুটি দেশে করোনার ভিন্ন ভ্যারিয়েন্টও ধরা পড়েছে। সুতরাং, করোনা নতুনভাবেও আসছে। তাই সতর্কতার বিকল্প নেই। যারা মনে করছেন নিষেধাজ্ঞা ওঠে গেছে, জনসমাবেশ চলছে, বাজারহাট, অফিস-আদালত, স্কুলে-কলেজ, শিক্ষাপ্রতিষ্ঠান খুলে গেছে, তাই আবার স্বাস্থ্যবিধি মেনে কেন চলব–তারা আসলে ঠিক করছেন না। ইতিমধ্যে লক্ষ করা যাচ্ছে, অনেকেই বিয়ের অনুষ্ঠানে বা সভা-সমিতিতে সুন্দর করে সাজসজ্জা করে আসছেন, তাদের চেহারা না দেখা গেলে সাজার কষ্টটাই যেন মাটি! তাই তারা মাস্ক খুলেই ঘুরে বেড়াচ্ছেন। তাদের জন্য একটি সতর্কবার্তা হলো, মাস্ক না পরার জন্য এখনো কোনো নির্দেশনা দেওয়া হয়নি, বরং বারবার স্বাস্থ্য মন্ত্রণালয়, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা জনসমাগম স্থান এড়িয়ে যাওয়া এবং সেই সঙ্গে মাস্ক ব্যবহারের কথা বিশেষভাবে উল্লেখ করছে। জরুরি বার্তাটি হলো, যারা এখনো টিকা (ভ্যাকসিন) নেননি, তারা অবশ্যই টিকা নিয়ে নেওয়ার জন্য নিকটস্থ টিকা কেন্দ্রে যোগাযোগ করে টিকা নিয়ে নেবেন। কারণ, টিকা আপনাকে করোনার ভয়ংকর পরিণতি থেকে রক্ষা করবে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সংজ্ঞা অনুযায়ী শনাক্তের হার টানা দুই সপ্তাহে ৫ শতাংশের নিচে নামিয়ে এনেছে বাংলাদেশ। বর্তমানে সংক্রমণের হার ২-৩ শতাংশের নিচে রয়েছে। এটা আপাতত স্বস্তির। তবে এই ধারা অব্যাহত রাখতে হলে আমাদের স্বাস্থ্যসচেতনভাবে চলতেই হবে। ভারতে নতুন যে ভ্যারিয়েন্ট দেখা দিয়েছে, তার নাম ডেলটা প্লাস। এ নিয়ে উদ্বেগ বাড়ছে নানা কারণে। বাংলাদেশে সম্প্রতি করোনা যে বিপর্যয় সৃষ্টি করে, তার ৯১ শতাংশ ছিল ডেলটা প্রকৃতির। বিশেষজ্ঞরা বলছেন, ডেলটা প্লাসের সংক্রমণের তীব্রতা ডেলটা থেকে ১০-১৫ শতাংশ বেশি। এই অবস্থায় গণসচেতনতা, টিকা গ্রহণ, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সতর্কতা অবলম্বনের মাধ্যমে আমরা নতুন ভ্যারিয়েন্টের মোকাবিলা করতে পারি।

আমরা কি নতুন ভ্যারিয়েন্ট মোকাবিলায় প্রস্তুত? প্রতিকারের চেয়ে প্রতিরোধই উত্তম। সেই প্রতিরোধের ব্যবস্থা গ্রহণে পূর্বের মতো ভুল করা যাবে না।

করোনা ভাইরাস নিয়ে সারা বিশ্ব এতটাই নাজেহাল হয়েছে যে, এর উৎস সন্ধানে মার্কিন গোয়েন্দা সংস্থা উঠেপড়ে লেগেছিল। কিন্তু এখন তারাই বলছে, মার্কিন গোয়েন্দা সংস্থাগুলো বলছে, করোনার উৎপত্তি সম্ভবত কখনোই জানা যাবে না। তবে ভাইরাসটি জৈব অস্ত্র হিসেবে তৈরি করা হয়নি। গত শনিবার (৩০ অক্টোবর) এসব জানিয়েছে ব্রিটিশ গণমাধ্যম বিবিসি। সেই প্রতিবেদনে এটাও বলা হয়েছে যে, করোনা ছড়ানোর ক্ষেত্রে একটি প্রাণী থেকে মানুষে সংক্রমণ এবং ল্যাব লিক দুটোই যুক্তিযুক্ত অনুমান। কিন্তু একটি নির্দিষ্ট সিদ্ধান্তে পৌঁছানোর জন্য পর্যাপ্ত তথ্য নেই।

এদিকে গত সপ্তাহে রাশিয়ায় রেকর্ড পরিমাণ কোভিড-১৯ শনাক্ত ও মৃত্যুর ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাজধানী মস্কোয় জারি হয়েছে আংশিক লকডাউন। মস্কোয় শুধু ওষুধ ও অন্যান্য অতিপ্রয়োজনীয় দ্রব্যের দোকানগুলো খোলা রাখার অনুমতি দেওয়া হয়েছে। ৩০ অক্টোবর থেকে ৯ নভেম্বর পর্যন্ত ১১ দিন এই কড়াকড়ি বহাল থাকার কথা আমরা জানতে পেরেছি। সরকারি হিসাবমতে, একই সময়ে রাশিয়ার ৮৫টি অঞ্চলে নতুন করে কোভিড শনাক্ত হয়েছে রেকর্ড ৪০ হাজার ৯৬ জনের। সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে, কোভিড-১৯ মোকাবিলার জন্য আগামী ১২ মাসে ২ হাজার ৩৪০ কোটি মার্কিন ডলার প্রয়োজন। সংস্থাটির প্রধান টেড্রোস আধানম গেব্রিয়াসিস বলেন, আরো ৫০ লাখ লোকের মৃত্যুর আশঙ্কা ঠেকাতে কোভিড-১৯ টিকা, টেস্ট ও চিকিৎসাসুবিধা নিশ্চিত করার জন্য এই অর্থের প্রয়োজন। তিনি মনে করেন, আমরা চূড়ান্ত মুহূর্তে আছি, বিশ্বকে নিরাপদ রাখার জন্য বলিষ্ঠ নেতৃত্বের প্রয়োজন।'

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সর্বশেষ সাপ্তাহিক বুলেটিনে বলা হয়েছে, ইউরোপিয়ান অঞ্চল বাদে পরপর তিন সপ্তাহে বিশ্বে নতুন কোভিড-১৯ সংক্রমণ পূর্ববর্তী সপ্তাহের চেয়ে ৭ শতাংশ বেড়েছে। সাপ্তাহিক নতুন সংক্রমিতদের মধ্যে সবচেয়ে বেশি সংখ্যা যুক্তরাষ্ট্রে ৫ লাখ ৮২ হাজার ৭০৭, যুক্তরাজ্যে ২ লাখ ৮৩ হাজার ৭৫৬, রাশিয়ায় ২ লাখ ১৭ হাজার ৩২২, তুরস্কে ২ লাখ ১৩ হাজার ৯৮১ এবং ভারতে ১ লাখ ১৪ হাজার ২৪৪। গত সপ্তাহ পর্যন্ত বিশ্বব্যাপী কোভিড-১৯-এ মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১৪ কোটি ৯ লাখ ৪০ হাজার ৯৩৭ এবং মোট মৃত্যুর সংখ্যা ৪৯ লাখ ৩ হাজার ৯১১। এদিকে উত্তর গোলার্ধের দেশগুলোতে শীত শুরু হয়েছে। আর শীতে করোনার বিপদ অনেক বেশি বেড়ে যায়। আসন্ন শীতকালে বাংলাদেশে আবারও করোনা ভাইরাস মাথাচাড়া দিয়ে উঠতে পারে। সেজন্য সম্প্রতি দেশের সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং মাস্ক ব্যবহারের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেন, 'শীতকাল এলেই একটু ঠান্ডা লাগে, সর্দি-কাশি হয়। আর এটা হলেই এই করোনা ভাইরাসটা আমাদের সাইনাসে গিয়ে বাসা বানাতে পারে। কাজেই, সেদিকে সবাইকে একটু সতর্ক থাকতে হবে। সবাইকে মাস্ক পরতে হবে এবং খাদ্যতালিকায় 'ভিটামিন সি' যাতে একটু বেশি থাকে এবং যাতে ঠান্ডা না লাগে সেদিকে নজর দিতে হবে।' তিনি এ সময় মৌসুমি ফলমূল, শাকসবজি ও তরিতরকারি বেশি করে খাওয়ার পরামর্শ দিয়েছেন।

করোনাকালে বিশ্বব্যাপী ব্যবসা-বাণিজ্যে স্থবিরতা নেমে এলেও বাংলাদেশ সরকার চেষ্টা করেছে বাংলাদেশে কোনো কিছু যাতে স্থবির না হয় এবং সচল থাকে। সেদিক থেকে বাংলাদেশ যথেষ্ট সাফল্য অর্জন করেছে নিঃসন্দেহে।

লেখক: একুশে পদকপ্রাপ্ত, শব্দসৈনিক, স্বাধীন বাংলা বেতার কেন্দ্র এবং অনারারি সিনিয়র কনসালট্যান্ট, বারডেম হাসপাতাল।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সংজ্ঞা অনুযায়ী শনাক্তের হার টানা দুই সপ্তাহে ৫ শতাংশের নিচে নামিয়ে এনেছে বাংলাদেশ। বর্তমানে সংক্রমণের হার ২-৩ শতাংশের নিচে রয়েছে। এটা আপাতত স্বস্তির। তবে এই ধারা অব্যাহত রাখতে হলে আমাদের স্বাস্থ্যসচেতনভাবে চলতেই হবে। ভারতে নতুন যে ভ্যারিয়েন্ট দেখা দিয়েছে, তার নাম ডেলটা প্লাস। এ নিয়ে উদ্বেগ বাড়ছে নানা কারণে।

নামাজের সময়-সূচী

নভেম্বর	১	২	৩	৪	৫	৬	৭
ফজর	৬.০৮	৬.০৯	৬.১০	৬.১১	৬.১২	৬.১৪	৫.১৬
সূর্যোদয়	৭.২৩	৭.২৫	৭.২৭	৭.২৮	৭.২৯	৭.৩০	৬.৩২
জোহর	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১১.৩৯
আসর	৪.১১	৪.১০	৪.০৯	৪.০৮	৪.০৭	৪.০৬	৩.০৩
মাগরিব	৫.৫৪	৫.৫৩	৫.৫২	৫.৫০	৫.৪৯	৫.৪৮	৪.৪৬
এশা	৭.১০	৭.০৯	৭.০৭	৭.০৬	৭.০৫	৭.০৪	৬.০২

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

কপ-২৬ সফল হোক, রক্ষা পাক ধরিত্রী

২৬ বছরে
সাপ্তাহিক বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

বিধান চন্দ্র দাস

জাতিসংঘের প্রতীক্ষিত জলবায়ু সম্মেলন (কপ-২৬)-এর রোববার শুভ উদ্বোধন হলো। ২৬তম এই সম্মেলনটি হওয়ার কথা ছিল গত বছর। কিন্তু করোনা মহামারির কারণে এটি পিছিয়ে যায়। পরবর্তী সময়ে কপ ব্যুরো এই সম্মেলন অনুষ্ঠানের জন্য ৩১ অক্টোবর থেকে ১২ নভেম্বর ২০২১ নতুন তারিখ নির্ধারণ করে। দুই সপ্তাহব্যাপী এই সম্মেলন স্কটল্যান্ডের গ্লাসগো শহরে এমন এক সময়ে অনুষ্ঠিত হচ্ছে, যে সময়ে জলবায়ু পরিবর্তনের অভিঘাতে বিশ্ব বিপর্যস্ত।

কপ-২৬-এর সঙ্গে সিএমপি-১৬ (কনফারেন্স অব দ্য পার্টিজ সার্ভিং অ্যাজ দ্য মিটিং অব দ্য পার্টিজ টু দ্য কিয়েটো প্রটোকল-১৬তম অধিবেশন), সিএমএ-৩ (কনফারেন্স অব দ্য পার্টিজ সার্ভিং অ্যাজ দ্য মিটিং অব দ্য পার্টিজ টু দ্য প্যারিস অ্যাগ্রিমেন্ট-তৃতীয় অধিবেশন), এসবিএসটিএ-৫২-৫৫ (সাবসিডিয়ারি বডি ফর সায়েন্টিফিক অ্যান্ড টেকনোলজিক্যাল অ্যাডভাইজ-৫২ থেকে ৫৫তম অধিবেশন) ও এসবিআই-৫২-৫৫ (সাবসিডিয়ারি বডি ফর ইমপ্লিমেন্টেশন-৫২ থেকে ৫৫তম অধিবেশন)ও অনুষ্ঠিত হবে। বিশ্ব জলবায়ু পরিবর্তন মোকাবেলায় কপ-২৬-এর সঙ্গে এই অধিবেশনগুলোও গুরুত্বপূর্ণ।

পৃথিবীর অনেক জায়গায় জলবায়ু পরিবর্তনের অভিঘাত এক কঠিন ও জটিল আর্থ-সামাজিক সংকট তৈরি করেছে। বাস্তুতন্ত্র, সম্পদসহ আক্রান্ত হচ্ছে মানুষের শরীর-মনও। গ্রাস করতে চাইছে সমাজসংসার আর সভ্যতাকে। যুক্তরাজ্যের সাবেক প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউন জলবায়ু পরিবর্তনজনিত ভয়াবহ অভিঘাতকে মাথার ওপর চিকন সুতায় ঝুলন্ত ড্যামোক্লিজের সেই তরবারির সঙ্গে তুলনা করেছেন। যেকোনো মুহূর্তে তা ছিঁড়ে পড়বে মাথার ওপর। ধ্বংস হবে মানবসভ্যতা। জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস ইতালির মিলানে অনুষ্ঠিত প্রাক-কপ-২৬ অধিবেশনে (৩০ সেপ্টেম্বর-২ অক্টোবর ২০২১) এক অতি কঠিন বার্তা উচ্চারণ করে বলেছেন, 'আমরা আমাদের এই পৃথিবীকে রক্ষা করতে পারি কিংবা মানবতাকে এক নারকীয় ভবিষ্যতের দিকে ঠেলে দিতে পারি।'



অনেকেই বলছেন, বিশ্বকে রক্ষা করার এটিই সর্বশেষ সুযোগ। গর্ডন ব্রাউন জাতিসংঘের এই জলবায়ু শীর্ষ সম্মেলনকে বিপর্যয় রোধের করণীয় নির্ধারণে সবচেয়ে ভালো মঞ্চ বলে অভিহিত করেছেন। বর্তমান ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন জাতিসংঘে দেওয়া এক ভাষণে বলেছেন, 'এই সম্মেলন মানবতার জন্য এক অতিগুরুত্বপূর্ণ বাঁক।' কাজেই মানবসভ্যতাকে রক্ষার জন্য কপ-২৬ সফলতার কোনো বিকল্প নেই। বিশ্বের শুভবুদ্ধিসম্পন্ন মানুষ তাই প্রত্যাশা করে কপ-২৬ সফল হোক।

স্বীকার করতে হবে যে কপ-২৬ সফল হওয়াটা খুবই চ্যালেঞ্জিং। জলবায়ু পরিবর্তনের জন্য মানবসৃষ্ট কর্মকান্ড (জীবাশ্ম জ্বালানি ব্যবহার, বন ধ্বংস, কৃষি ইত্যাদি) দায়ী, এ কথা এখনো অনেকে মেনে নিতে চান না। বহু বিজ্ঞানী মনে করেন, জলবায়ু পরিবর্তন প্রাকৃতিকভাবেই ঘটে থাকে। কপ-১৬ (২০১০, কানকুন, মেক্সিকো)-এর সময় বিভিন্ন দেশের সহস্রাধিক বিজ্ঞানী সম্মিলিতভাবে আইপিসিসি (ইন্টারগভর্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ) প্রতিবেদনকে চ্যালেঞ্জ জানিয়েছিলেন। গত ৭ আগস্ট (২০২১) প্রকাশিত আইপিসিসির সর্বশেষ (ষষ্ঠ) প্রতিবেদনকেও চ্যালেঞ্জ জানানো হয়েছে (দ্রষ্টব্য : দ্য হার্টল্যান্ড ইনস্টিটিউট, ইলিনয়, যুক্তরাষ্ট্র)।

মাত্র কয়েক দিন আগে (২১ অক্টোবর ২০২১) কয়েকটি দেশের কপ-২৬-এর লক্ষ্য অর্জন বিরোধী তৎপরতায় লিপ্ত হওয়া সংক্রান্ত প্রতিবেদন গার্ডিয়ান, বিবিসি, টেলিগ্রাফসহ পৃথিবীর প্রভাবশালী পত্রিকাগুলো প্রকাশ করেছে। বাংলাদেশের জাতীয় দৈনিক কালের কণ্ঠেও বিবিসির বরাত দিয়ে 'জলবায়ু পরিবর্তনসংক্রান্ত নথি পরিবর্তনে ক্ষমতাধর দেশগুলোর লবিং' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে (২১ অক্টোবর ২০২১)। এর আগে কপ-২৬ স্পন্সররা আনুষ্ঠানিকভাবে সম্মেলনসংশ্লিষ্ট আমলাদের বিরুদ্ধে 'অত্যন্ত অনভিজ্ঞ, দীর্ঘসূত্রী, যোগাযোগে অদক্ষ' বলে অভিযোগ তুলেছিল (১৭ অক্টোবর ২০২১ গার্ডিয়ান)। সবচেয়ে বড় কথা, সম্মেলনে যাঁরা অংশ নিচ্ছেন তাঁরা সবাই এক মত ও পথের অনুসারী নন।

কাজেই এ রকম একটি বাস্তবতায় কপ-২৬ সফল হওয়ার ব্যাপারে আশঙ্কা তৈরি হতেই পারে। বিশেষ করে সম্মেলনের চারটি অভীষ্টের মধ্যে ১ নম্বর (বৈশ্বিক গ্রিনহাউস গ্যাস নির্গমন চলতি শতকের মাঝামাঝির মধ্যে নিটশূন্য করা ও প্রাক-শিল্প যুগের তুলনায় তাপমাত্রা ১.৫ ডিগ্রি সেন্টিগ্রেডের মধ্যে সীমাবদ্ধ রাখা) ও ২ নম্বর (উন্নত দেশগুলো উন্নয়নশীল দেশগুলোকে প্রতিবছর ১০০ বিলিয়ন ডলার প্রদান) অভীষ্ট অর্জন করা সত্যিই চ্যালেঞ্জিং। কপ-২৬-এর মাধ্যমে জলবায়ু পরিবর্তন সমস্যা শতভাগ সমাধান হয়ে যাবে, এ কথা অতি বড় আশাবাদীও বিশ্বাস করেন না। কিন্তু এই সম্মেলনের মাধ্যমে কিছুই অর্জিত হবে না, এটাও তো বিশ্বাসযোগ্য বলে মানা যায় না। বিগত ২৫টি সম্মেলন নির্মোহভাবে পর্যালোচনা করলে সেগুলোর প্রাপ্তিকে ছোট করে দেখার সুযোগ নেই। যেমন–কপ-২৬-কে সামনে রেখে গত ২২ সেপ্টেম্বর (২০২১) চীনের প্রেসিডেন্ট জাতিসংঘের সাধারণ পরিষদে ঘোষণা করেছেন, 'চীন অন্য কোনো দেশে কয়লাচালিত বিদ্যুকেন্দ্র আর নির্মাণ করবে না।' এ বছরের প্রথম দিকে দক্ষিণ কোরিয়া ও জাপান একই ধরনের ঘোষণা দিয়েছিল। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, 'উন্নয়নশীল দেশগুলোর জন্য জলবায়ু পরিবর্তন সহায়তা দ্বিগুণ করা হবে।' জার্মানি, নরওয়ে ও সুইডেন তাদের প্রতিশ্রুত অর্থ প্রদান করেছে। সবচেয়ে বড় কথা, আজ পৃথিবীব্যাপী যে জলবায়ু পরিবর্তন বিষয়ে ব্যাপক জনসচেতনতা তৈরি হয়েছে, তা তো বিগত দিনে অনুষ্ঠিত কপের কল্যাণেই হয়েছে। গ্রেটা থুনবার্গের জন্ম তো কপ-৮ (২০০২)-এর পরে ২০০৩ সালে।

কপ-২৬ চলাকালে জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত দেশগুলোর উচ্চকিত হওয়ার ব্যাপারে আশা করা যায়। সম্মেলনে জীবাশ্ম জ্বালানির ব্যবহার না কমানো কিংবা এর জন্য আরো সময় নেওয়া এবং ক্ষতিগ্রস্ত দেশগুলোর জন্য তহবিলে অর্থ প্রদান না করার পক্ষে নানা ধরনের যুক্তি তুলে ধরা হবে। এগুলো মোকাবেলা করার জন্য সংশ্লিষ্ট পক্ষ যথেষ্ট প্রস্তুতি নিয়ে কথা বলবে বলে আশা করা যায়। বিশেষ করে ক্ষতিগ্রস্ত দেশগুলোর জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত সম্পর্কিত আন্তর্জাতিক জার্নালে সর্বশেষ প্রকাশিত গবেষণাগুলো থেকে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত নিয়ে কথা বললে সেগুলো খন্ডন করা সহজ হবে না। জলবায়ু পরিবর্তনের সঙ্গে মানবসৃষ্ট কর্মকান্ডের সম্পর্ক–এটি শুধু ঝড়, বন্যা, জলোচ্ছ্বাস, দাবানল কিংবা খরার চিত্র তুলে ধরে প্রমাণ করা যাবে না। বিশেষ করে আইপিসিসির প্রতিবেদনকে যেখানে বৈজ্ঞানিক যুক্তি দিয়ে চ্যালেঞ্জ জানানো হয়েছে, সেখানে একমাত্র পাল্টা বৈজ্ঞানিক যুক্তি দিয়েই তাকে মোকাবেলা করতে হবে।

বাংলাদেশের প্রধানমন্ত্রী ক্লাইমেট ভালনারেবল ফোরামের (সিভিএফ) সভাপতি হিসেবে সম্মেলনে অংশ নিচ্ছেন। ১৭ অক্টোবর (২০২১) বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এবং পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রী ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) কয়েকটি দেশের রাষ্ট্রদূতের সঙ্গে ঢাকায় একটি গুরুত্বপূর্ণ বৈঠক সম্পন্ন করেছেন। বৈঠকে কপ-২৬-এ বাংলাদেশের পক্ষে ইইউর সহযোগিতা চাওয়া হয়েছে। এ ছাড়া কপ-২৬ প্রেসিডেন্ট ও ব্রিটিশ এমপি অলোক শর্মার সঙ্গে একাধিক বৈঠকসহ যুক্তরাজ্য সরকারের এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় ও দক্ষিণ এশিয়ার কপ-২৬ বিষয়ক আঞ্চলিক রাষ্ট্রদূত কেন ও'ফ্লাহার্টির সঙ্গেও বাংলাদেশের বৈঠক সম্পন্ন হয়েছে। বাংলাদেশের এই কূটনৈতিক তৎপরতা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। বাংলাদেশ 'মুজিব ক্লাইমেট প্রসপারিটি প্ল্যান' প্রস্তুত করেছে, যা বাংলাদেশ তথা সিভিএফভুক্ত দেশগুলোর জলবায়ু পরিবর্তন মোকাবেলায় কাজে লাগবে। আশা করা যায়, কপ-২৬-এ বাংলাদেশ তার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সফল হবে।

বিশ্বের শুভবুদ্ধিসম্পন্ন মানুষের একান্ত প্রত্যাশা, কপ-২৬ সফল হোক। রক্ষা পাক ধরিত্রী।

লেখক: অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয়

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

NUR BEPARY AUTO REPAIR
& BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS
Emirates
TURKISH AIRLINES
السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া
Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102
সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station
Cell: 917-459-7181
website: www.digitaltraveltour.com

We are on Facebook

বাংলাদেশ মানবাধিকার

(৩ পাতার পর)

রাবাব ফাতিমা। তিনি আরও বলেন, মানবাধিকার কাউন্সিলের সদস্য হিসেবে বাংলাদেশ কাউন্সিলের দায়িত্ব ও কাজে সক্রিয়ভাবে নিয়োজিত ও সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ"।

রোহিঙ্গা ইস্যুটিকে সর্বোচ্চ প্রাধিকারভূক্ত এজেন্ডায় রাখা এবং কাউন্সিলের ৪৭তম সেশনে সর্বসম্মতিক্রমে এ বিষয়ক একটি রেজুলেশন গ্রহণ করার জন্য মানবাধিকার কাউন্সিলের প্রশংসা করেন রাষ্ট্রদূত ফাতিমা। মিয়ানমারে নিযুক্ত বিশেষ র‍্যাপোটিয়ার ও স্বাধীন তদন্ত ব্যবস্থার কাজ এবং ভূমিকারও প্রশংসা করেন তিনি। রাষ্ট্রদূত ফাতিমা রোহিঙ্গাদের নিরাপদ, স্বপ্রণোদিত ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা এবং মিয়ানমারে তাদের নিজভূমিকে বৈষম্য ও নিপীড়নমুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপসমূহ অব্যাহত রাখতে কাউন্সিলের প্রতি আহবান জানান।

মানবাধিকার কাউন্সিল গৃহীত রেজুলেশনে কোভিড-১৯ ভ্যাকসিনের ন্যায়সঙ্গত, সাশ্রয়ী, সময়োপযোগী এবং বৈশ্বিক প্রাপ্যতা নিশ্চিত করার বিষয়টি তুলে ধরা হয়েছে মর্মে উল্লেখ করে রেজুলেশনটিকে স্বাগত জানান রাষ্ট্রদূত ফাতিমা। কোভিড-১৯ সৃষ্ট ক্রমবর্ধমান অসমতাসহ এর আর্থ-সামাজিক প্রভাব মোকাবিলায় পদক্ষেপ গ্রহণার্থে কাউন্সিলের প্রতি আহবান জানান তিনি। দক্ষিণের উন্নয়নশীল দেশসমূহ কোভিড-১৯ ভ্যাক্সিনে ন্যায়সঙ্গত ও সময়োপযোগী প্রবেশাধিকার পাচ্ছেনা মর্মে উদ্বেগ প্রকাশ করেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি। এ প্রসঙ্গে অভিবাসীদের প্রতি সকল ধরণের বৈষম্য বিলোপ ও তাদের কোভিড ভ্যাক্সিনের প্রাপ্যতা নিশ্চিত করার উপর জোর দেন তিনি।রাষ্ট্রদূত ফাতিমা জলবায়ু পরিবর্তন ও মানবাধিকার সংক্রান্ত রেজুলেশন গ্রহণকে স্বাগত জানান। জলবায়ুজনিত বাস্তুচ্যুতির দিকে বাড়তি মনোযোগ দিতে কাউন্সিলের প্রতি আহবান জানান তিনি, যা বাংলাদেশসহ জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর জন্য একটি বড় উদ্বেগের বিষয়।

নারী ও শিশুদের উপর কোভিডের অসাঞ্জস্যপূর্ণ প্রভাবের বিষয়ে উদ্বেগ জানিয়ে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, "আমরা উদ্বিগ্ন যে অনেক উন্নয়নশীল দেশে স্কুল বন্ধ হয়ে যাওয়ার ফলে ঝরে পড়ার হার বেড়েছে, এবং মেয়েরা বাল্যবিবাহ, সহিংসতা ও নির্যাতনের উচ্চ ঝুঁকির মধ্যে পড়েছে"। অতিমারির প্রভাব মোকাবিলা করে লিঙ্গসমতা ও নারীর ক্ষমতায়নের অগ্রগতি সাধনে কাউন্সিল যাতে নতুন করে মযোযোগ দেয় সেবিষয়ে আহবান জানান তিনি।

কাউন্সিল গৃহীত কর্মপ্রক্রিয়া এবং সদস্যরাষ্ট্রসমূহের মধ্যে পারস্পরিক আস্থা ও বিশ্বাস বৃদ্ধি এবং সহযোগিতামূলক মনোভাবের মাধ্যমে মানবাধিকার সমুন্নত রাখার বিষয়টি এগিয়ে নেওয়ার জন্য আহ্বান জানান রাষ্ট্রদূত ফাতিমা।

জাতিসংঘ সাধারণ পরিষদে মানবাধিকার কাউন্সিলের সভাপতি রাষ্ট্রদূত নাজহাত শামীম খান এ রিপোর্ট উপস্থাপন করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ডেনমার্কে ছড়াচ্ছে

(প্রথম পাতার পর)

ছড়িয়ে পড়তে শুরু করেছে বলে জানিয়েছে ডেনমার্কের স্বাস্থ্য অধিদপ্তর। সপ্তাহে প্রায় দশটি আক্রান্তের ঘটনা নথিভুক্ত হচ্ছে এবং ডেল্টা ভেরিয়েন্টের এই নতুন সংস্করন। এবিষয়ে প্রথম আক্রান্তের খবরটি ডেনমার্কে রিপোর্ট করা হয়েছিল গত ৪ আগস্ট। ডেল্টার এই উপ-ভেরিয়েন্টটির নাম দেওয়া হয়েছে 'এওয়াই.৪.২'| ডেনমার্কের স্বাস্থ্যমন্ত্রী ম্যাগনাস হিউনিকের এক বক্তব্যে জানান যে, যুক্তরাজ্যে অদ্যাবধি সংক্রমিতের মধ্যে অন্তত ১০ শতাংশ এই নতুন উপ-ভেরিয়েন্ট দ্বারা আক্রান্ত হয়েছে। ব্রিটিশ স্বাস্থ্য কর্তৃপক্ষ জানায়, তাঁদের হাতে প্রমাণ রয়েছে, উপ-ভেরিয়েন্টটি আসল ডেল্টা ভেরিয়েন্টের চেয়ে কিছুটা বেশি সংক্রামক এবং ভয়াবহ।

স্বাস্থ্যমন্ত্রী হিউনিক টুইটারের মাধ্যমে আশ্বস্ত করেন যে, নতুন এই ভেরিয়েন্ট বড় ধরনের কোনো চিন্তার কারণ হয়ে দাঁড়াবে না বলে তিনি আশা করছেন। তিনি বলেন, 'এটি বাড়ছে না, তাই এখনই আমরা চিন্তিত নই। তবে এওয়াই.৪.২ দ্বারা সংক্রামণ এবং এর গতিবিধি উভয়ই আমরা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। গবেষণায় প্রমাণ পাওয়া গেছে যে, উপ-ভেরিয়েন্টটি আসল ডেল্টা ভেরিয়েন্টের তুলনায় বেশি সহজে ছড়িয়ে পড়ে এবং মূল ডেল্টা ভেরিয়েন্টের চেয়ে বেশি সংক্রামক এই নতুন রূপটি। ইউনিভার্সিটি কলেজ অব লন্ডনের জেনেটিক্স ইনস্টিটিউটের প্রধান ফ্রাঁসোয়া ব্যালোক্স এ প্রসঙ্গে বিবিসিকে বলেছেন যে, 'এওয়াই.৪.২ সম্ভবত মূল ডেল্টা ভেরিয়েন্টের তুলনায় প্রায় ১০ শতাংশ বেশি সংক্রামক। আমরা আলফা এবং ডেল্টার সময় যা দেখেছি, তার তুলনায় এটি কিছুই নয়। সে সময়ের অন্যান্য ভেরিয়েন্টের চেয়ে আলফা এবং ডেল্টা প্রায় ৫০ বা ৬০ শতাংশের বেশি সংক্রামক ছিল যা সামাল দেওয়া অত্যন্ত কষ্টকর হয়ে পড়েছিল'। তিনি আরো বলেন 'এটা ভালো যে আমরা সচেতন এবং অত্যন্ত স্বস্তিদায়ক যে, সন্দেহজনক সব কিছু নিরীক্ষণ করার জন্য যথেষ্ট সম্পদ এবং অবকাঠামো আমাদের হাতে রয়েছে'। উপ-ভেরিয়েন্টটিকে অদ্যাবধি 'উদ্বেগজনক ভেরিয়েন্ট হিসাবে বর্ণনা করা না হলেও এটাকে বিশেষ তাৎপর্যপূর্ণ একটি ভেরিয়েন্ট হিসেবে আমলে নিয়েছেন গবেষকরা। আর সে কারণে উদ্ভূত উপ-ভেরিয়েন্টকে অন্যান্য করোনাভাইরাসের মতো গ্রীক বর্ণমালার নামানুসারে নামকরণ করা হয়নি। এখনো পর্যন্ত এমন কোনো প্রমাণ পাওয়া যায়নি যে, এওয়াই.৪.২ এর কারণে অন্যান্য রোগের উপসর্গ তৈরি করতে পারে বা সংক্রামিত ব্যক্তির জন্য মৃত্যুর ঝুঁকি বেশি হতে পারে।

২৯ অক্টোবর ডেনিশ পার্লামেন্টের সব দল নতুন এই করোনভাইরাসটির সংক্রমণের ব্যাপারে পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা এবং আলোচনার জন্য জড়ো হয়েছে। সুইডেনে গত এক সপ্তাহে ৬ জন রোগীর দেহে ডেল্টার এই উপ-ভেরিয়েন্টের উপস্থিতি পাওয়া গেছে। স্ক্যান্ডিনেভিয়ার অন্যান্য দেশগুলোতেও ডেল্টার উপ-ভেরিয়েন্ট এওয়াই.৪.২ এর কয়েকটি মুষ্টিমেয় ঘটনার ব্যাপারে রিপোর্ট করা হয়েছে বলে জানায় দেশগুলোর স্বাস্থ্য অধিদপ্তর।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

অন্যূন ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এসেসে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৮ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

বিয়েতে মাংস কম দেওয়ায় বর-কনে

(প্রথম পাতার পর)

মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের অন্তত ১২ জন আহত হয়ে কেরানীহাট আশ-শেফা হাসপাতালে চিকিৎসা নিয়েছেন।

শনিবার দুপুর ২টার দিকে উপজেলার কালিয়াইশ ইউনিয়নের নিরিবিলি কমিউনিটি সেন্টারে এ ঘটনা ঘটে। সংশ্লিষ্টরা জানান, উপজেলার ছদাহা ইউনিয়নের পূর্ব শাহীরপাড়া এলাকার এক ছেলের সঙ্গে চন্দনাইশের হাছনদী এলাকার এক মেয়ের বিয়ে ঠিক হয়। পূর্বনির্ধারিত সিদ্ধান্ত অনুযায়ী শনিবার সকাল থেকে কালিয়াইশ ইউনিয়নের নিরিবিলি কমিউনিটি সেন্টারে বিয়ের অনুষ্ঠান চলছিল।

দুপুরের দিকে খাবার সময় মাংস কম দেওয়ায় বরপক্ষের সঙ্গে কনেপক্ষের বাকবিত-া শুরু হয়। একপর্যায়ে তা মারামারিতে রূপ নেয়। পরে স্থানীয়রা ৯৯৯ নম্বরে ফোন করে বিষয়টি জানালে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

সাতকানিয়া থানার এসআই মোল্লা মো. জাহাঙ্গীর বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলে স্থানীয় চেয়ারম্যান বিষয়টি সমাধানের কথা জানিয়েছেন। বরপক্ষ কিংবা মেয়েপক্ষ কেউ থানায় এখনো অভিযোগ করেনি।

বিশ্বকাপ শেষ সাকিবের

(প্রথম পাতার পর)

চোটে বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন এ তারকা। বিষয়টি নিয়ে টিম ম্যানেজমেন্টের কোনো ঘোষণা না এলেও জাতীয় দলের নিভুরযোগ্য সূত্র নিশ্চিত করেছে সাকিব বাকি দুই ম্যাচ খেলছেন না।

শারজায় ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে হ্যামস্টিংয়ের চোটে পড়ে মাঠ ছাড়েন সাকিব। এরপর মাঠে ফিরে চার ওভার বোলিং করেন এ বাঁ হাতি। চোট নিয়ে ব্যাটিংয়েও নামেন তিনি। ব্যথা বাড়লে তিন দিনে বিশ্রামে রেখে সাকিবকে পর্যবেক্ষণ করবে জানায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড। গতকাল জানা গেল সাকিবের বাকি ম্যাচ খেলা হচ্ছে না।

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড়
কুপন সহ
যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার
কুপন সহ
ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ভ্রমণ নিষেধাজ্ঞা প্রত্যাহারঃ

ব্রাজিল, চীন, ভারত, আয়ারল্যান্ড, শেনজেন অঞ্চল, দক্ষিণ আফ্রিকা এবং যুক্তরাজ্যের উপর থেকে ভ্রমণের নিষেধাজ্ঞা আগামী ৮ নভেম্বর, ২০২১ শেষ হবে।

গত ২৫ অক্টোবর প্রেসিডেন্ট বাইডেন 'কোভিড-১৯ মহামারীকালে বিশ্বে নিরাপদ ভ্রমণ পুনরায় শুরু' শিরোনামে যে ঘোষণা দিয়েছিলেন তা কার্যত বরবৎ হবে ৮ নভেম্বর ২০২১ রাত ১২.০১ মিনিট থেকে। যারা উপরে উল্লেখিত দেশ এবং অঞ্চলে শারীরিকভাবে অবস্থান করছিলেন তাদের উপর যুক্তরাষ্ট্রের ভ্রমণ নিষেধাজ্ঞা জারি ছিলো। প্রেসিডেন্ট সেই নিষেধাজ্ঞা তুলে নিয়ে তার স্থলে বিদেশী সকল বয়স্ক ব্যক্তির জন্যে ভ্যাকসিনের শর্ত আরোপ করেছেন। বিদেশী যারা ৮ নভেম্বর ইস্টার্ন স্ট্যান্ডার্ড সময় অনুযায়ী যুক্তরাষ্ট্রে প্রবেশ করবেন তাদের জন্য এই ঘোষণা কার্যকর হবে।

এই ঘোষণায় যাদের জন্য মানবিক কারণে বিশেষ ছাড়া দেয়া হবে সে সম্পর্কে বিস্তারিত জানা যাবে ইউএস সিটিজেন, নন ইউএস ইমিগ্র্যান্ট এয়ার ট্রাভেল টু ইউনাইটেড স্টেস। ডিডিসি'র ওয়েব সাইটে।

প্রটেক্টেট এরিয়া সমূহে ইমিগ্র্যান্টদের গ্রেফতার নিষেধাজ্ঞা সম্পর্কে নতুন নির্দেশনা

বাইডেন প্রশাসন স্কুল, হাসপালার, প্যারেড এবং প্রার্থনালয়সমূহে ইমিগ্রেশনের আদেশ বাস্তবায়নে নিয়োজিত সংস্থার সদস্যরা কাউকে গ্রেফতার করতে পারবেনা বলে নতুন নির্দেশনা জারি করেছে। বাইডেন প্রশাসন গত ২৭ অক্টোবর স্কুল, হাসপাতাল এবং অন্যান্য নির্দিষ্ট স্থাপনা থেকে আনডকুমেন্টেড লক্ষ লক্ষ ইমিগ্র্যান্ট সুরক্ষায় এই ঘোষণা দিয়েছে। ফলতঃ তাদের ডিপোর্টেশন থেকে রক্ষা করে কংগ্রেসে তাদের বৈধতার সুযোগ দিয়ে নাগরিকত্ব লাভের পথ সুগম করে দেবে।

নতুন নির্দেশাবলী তালিকাভুক্ত নিরাপদ অঞ্চলগুলোতে অবিলম্বে কার্যকর করে ইমিগ্রেশন এজেন্টদের গ্রেফতার সার্চ, পরোয়ানা জারি বা অন্য কোন আইনী পদক্ষেপ গ্রহণ থেকে বিরত থাকতে বলা হয়েছে। তালিকায় আরও অন্তর্ভুক্ত রয়েছে স্কুল ও বিশ্ববিদ্যালয় সমুহ, হাসপাতাল এবং অন্যান্য মেডিক্যাল স্থাপনা; কোভিড-১৯ পরীক্ষা ও ভ্যাকসিন গ্রহণ কেন্দ্র সমুহ, প্রার্থনালয় এবং যেসব স্থানে শিশুরা সমবেতন হয় যেমন প্লে গ্রাউন্ড, ডে কেয়ার সেন্টার এবং ফস্টার কেয়ার সেন্টার সমূহ।

সামাজিক ব্যয় বিলে ইমিগ্রেশন ধারা অন্তভুক্ত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে ডেমক্র্যাটরাঃ

সামাজিক ব্যয় বিলে অন্তর্ভুক্ত করে ইমিগ্রেশন সমস্যা সমাধানে ডেমোক্র্যাটরা পর্দার অন্তরাল থেকে চেষ্টা করে যাচ্ছেন। তবে প্রেসিডেন্ট বাইডেন এবং দলের অন্য আরও নোতারা সাম্প্রতিক সপ্তাহগুলোতে অনেকটা প্রকাশ্যেই তাদের কৌশল নিয়ে কথা বলেছেন। ডেমোক্র্যাটদের জন্য প্রশ্ন হচ্ছে বৈধ হওয়ার সুযোগ খুঁজছে যেসব লাখ লাখ আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট তাদের জন্য কী করা হবে? একটি পরিকল্পনা নিয়ে আলোচনা চলছে যে, তাদের প্রটেক্টেড স্ট্যাটাস তাদের সিটিজেনশীপের পথ কিছুটা বিলম্বিত করবে। অন্য পরিকল্পনাটি হচ্ছে যারা যুক্তরাষ্ট্রে ২০১০ এর আগে প্রবেশ করেছে, তারা গ্রিনকার্ডের জন্য আবেদন করতে পারবেন। কোন-কিছুই চূড়ান্ত হয়নি এবং এটাও নিশ্চিত নয় যে, তারা তাদের পরিকল্পনা বাস্তবায়ন করতে পারবেন কিনা।

গত ২৫ অক্টোবর সোমবার সিনেটে মেজরিটি দলের হুইপ রিচার্ড ডারবিল (ডি-ইলিনয়) বলেছেন, ডেমোক্র্যাটরা যে প্রস্তাবটিতে কিছুটা অগ্রগতি লাভ করেছে, তা হলো আনডকুমেন্টেড ইমিগ্র্যান্টরা বৈধভাবে কাজ করার সুযোগ পাবে, ট্যাক্স দিতে পারবে এবং ডিপোর্টেশনের ভয় থাকবে না। তিনি বলেছেন, কংগ্রেশনাল বাজেট অফিসে পরিকল্পনাটি প্রাথমিকভাবে কিছুটা সমর্থন লাভে সক্ষম হয়েছে। অন্য দিকে হাউজ স্পিকার ন্যান্সী পেলোসি এবং তার সাপোর্টাররা



ডেমোক্র্যাট সদস্য ও সহযোগীদের পরিস্থিতির সম্পর্কে জ্ঞান রাখে এমন মানুষদের উপদেশ মত চলার চেষ্টা অব্যাহত রাখতে বলেছেন। যাতে ২০১০ সালে যুক্তরাষ্ট্রে প্রবেশকারী ইমিগ্র্যান্ট গ্রিনকার্ডের জন্য আবেদন করার সুযোগ পান। পেলোসির অফিস থেকে নিজেদের মধ্যেকার আলোচনা সম্পর্কে কিছু বলতে অস্বীকার করেছেন।

বিষয়টি সম্পর্কে বিশেষজ্ঞ অনেকেই বলেছেন, সিনেট পার্লামেন্টে পরিকল্পাটি নিয়ে কোন চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার আগে সামাজিক ব্যয় বিলে অন্তর্ভুক্ত করতে একটি সর্বসম্মত সিদ্ধান্তে পৌছার জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে।

নিউইয়র্ক থেকে মিরাজ হোসেনের প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। ইউএস সিটিজেন হিসেবে স্ত্রীসহ প্রায় ১৫ বছর যাবত এদেশে বসবাস করছি। আমাদের কোন সন্তান না থাকায় আমরা বালাদেশ থেকে একটি শিশু দত্তক নিতে চাই।

এ ব্যাপারে আমার জিজ্ঞাসা হচ্ছে কিভাবে দত্তক সন্তান নেয়া সম্ভব এবং এখান থেকে সন্তান আদৌ দত্তক নেয়া সম্ভব কিনা। আর সম্ভব হলে এর জন্য কতদিন সময় লাগতে পারে। এ বিভাগের মাধ্যমে আমার প্রশ্নের জবাব পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

মিরাজ হোসেনের প্রশ্নের উত্তরঃ

কতিপয় শর্তপূরণ সাপেক্ষে আপনি বাংলাদেশ থেকে কোন শিশুকে দত্তক নিয়ে যুক্তরাষ্ট্রে আনতে পারেন। যুক্তরাষ্ট্রে আনার জন্য তাকে ভিসা দেয়ার আগে ইউএস সিআইএস আপনার যোগ্যতা চেক করে দেখবে।

মৌলিক প্রয়োজনঃ

বাংলাদেশর আদালত থেকে অভিভাবকত্বের প্রমাণ। বাংলাদেশর পারিবারিক আদালত থেকে আপনাকে অবশ্যই বৈধ অভিভাবকত্বের সার্টিফিকেট নিতে হবে। বাংলাদেশে স্বতন্ত্রভাবে কেন্দ্রীয় সরকারের কোন দত্তক কর্তৃপক্ষ নেই। পারিবারিক বিষয়ে পারিবারিক আদালতের একচ্ছত্র অধিকার।

বাংলাদেশ থেকে কোন শিশুকে দত্তক নিয়ে যুক্তরাষ্ট্রে আনেত হলে নিম্নলিখিত শর্তগুলো অবশ্যই পূরণ করতে হবে।

দত্তক গ্রহিতা অভিভাবকদের বয়সঃ সম্ভাব্য অভিভাবকদের বয়স অবশ্যই কমপক্ষে ১৮ বছর হতে হবে।

বিবাহঃ বাংলাদেশে সমলিঙ্গের বিবাহ অনুমোদন করে না। তবে পারিবারিক বৈবাহিক স্ট্যাটাস কোন আবেদনকারীর কাস্টডি মঞ্জুর করতে পারে।

আয়ঃ পারবারিক আদালতে আপনাকে প্রমাণ করতে হবে যে, আপনি শিশুকে খওয়ানো, বাসস্থান এবং শিক্ষাদনে সম্ভব।

শিশু অবশ্যই এতিম হবেঃ

আমেরিকান ইমিগ্রেশনের যোগ্যতা অর্জনের শিশুটি যে এতিম সে বিষয়ে আপনাকে যুক্তরাষ্ট্র ইমিগ্রেশন আইনে একজন এতিমের যে সংজ্ঞা আছে তা পূরণ করতে হবে। আর আপনাকে বাংলাদেশে অভিভাবকত্বের আইন অনুসরণ করতে হবে অবশ্যই।

প্রক্রিয়াঃ

আপনি বাংলাদেশে শিশুটির কাস্টডি লাভ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে অনাপত্তি সার্টিফিকেট পাওয়ার পর আপনি শিশুটিকে আপনার অব্যবহৃত আত্মীয়ের শ্রেণীভুক্ত করার আবেদন এবং শিশুটির ইমিগ্রেশন ভিসার জন্য আবেদন করতে পারবেন।

প্রক্রিয়া সম্পন্ন করতে কত সময় লাগবেঃ

এটি একটি লম্বা প্রক্রিয়া এবং সময় নির্ধারণ করা কঠিন। প্রাথমিকভাবে নির্ভর করবে বাংলাদেশের পারিবারিক আদালত থেকে আপনি কত দ্রুত সার্টিফিকেট পেতে পারেন। যদি শিশুর বাংলাদেশে নিরাপত্তা দেয়ার কোন আশ্রয় না থাকে, তবে আপনি আপনার আবেদন দ্রুত নিষ্পত্তির জন্য যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশনে অনুরোধ করতে পারেন।

এক্ষেত্রে আমাদের পরামর্শ হচ্ছে প্রয়োজন বোধে আপনি একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে আলোচনা করতে পারেন। এ ব্যাপারে আমাদের অফিসের সাথেও যেগাাযোগ করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইলঃ kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

ভাসানচরে রোহিঙ্গা প্রত্যাবাসন ও জাতিসঙ্ঘ

সাপ্তাহিক বাংলা পত্রিকা ২৬ বছরে
The Weekly Bangla Patrika

তন্ময় চৌধুরী

ভাসানচরে রোহিঙ্গাদের জন্য বাংলাদেশের গৃহীত মানবিক সহায়তা কার্যক্রমে জাতিসঙ্ঘ যুক্ত হবে বলে একটি সমঝোতাস্মারক স্বাক্ষরিত হয়েছে গত ৯ অক্টোবর। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রণালয়ের সচিব মো: মহসিন এবং জাতিসঙ্ঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর-এর বাংলাদেশের প্রতিনিধি জোহানেস ভ্যানডারক্লাউ সচিবালয়ে সমঝোতাস্মারকে (এমওইউ) স্বাক্ষর করেন। এ সমঝোতার ফলে বাংলাদেশ সরকার ও ইউএনএইচসিআর যৌথভাবে ভাসানচরে রোহিঙ্গাদের খাদ্য ও পুষ্টি, সুপেয় পানি, পয়ঃনিষ্কাশন, চিকিৎসা, দক্ষতা প্রশিক্ষণ, মিয়ানমারের ভাষায় পাঠক্রম ও অনানুষ্ঠানিক শিক্ষা এবং জীবিকায়নের ব্যবস্থা করবে। এর ফলে, রোহিঙ্গারা আরো উন্নত জীবনের সাময়িক নিশ্চয়তা পেল। অন্য দিকে বাংলাদেশের জন্য তা এক ধরনের কূটনৈতিক সাফল্য; যদিও তার পূর্ণতা পাবে মিয়ানমারে রোহিঙ্গা প্রত্যাবাসনের মাধ্যমেই।

ভাসানচরে জাতিসঙ্ঘ সম্পৃক্ত হওয়ায় স্থানান্তরিত রোহিঙ্গারা সেখানে সচ্ছলভাবে জীবন যাপন করতে পারবে এবং ভবিষ্যতে মিয়ানমারে টেকসই প্রত্যাবর্তনের জন্য তারা আরো ভালোভাবে প্রস্তুত হতে পারবে বলে ইউএনএইচসিআর বিবৃতি দিয়েছে। বাংলাদেশের পক্ষ থেকেও বলা হয়েছে, কক্সবাজারে অবস্থিত রোহিঙ্গাদের মতো ভাসানচরে স্থানান্তরিত রোহিঙ্গারাও সমান মানবিক সহায়তা পাবে। চুক্তির ফলে আনন্দিত রোহিঙ্গারা ভাসানচর এবং কক্সবাজারের বিভিন্ন ক্যাম্পে যাঁলি, মিছিল ও মিষ্টি বিতরণ করে। 'স্বাগত জাতিসঙ্ঘ', 'ধন্যবাদ বাংলাদেশ'সহ বিভিন্ন প্ল্যাকার্ড, ব্যানার ও ফেস্টুন নিয়ে যাঁলি করে রোহিঙ্গারা বাংলাদেশ সরকার ও জাতিসঙ্ঘের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে স্লোগান দেয়। দুঃখের বিষয়, কিছু মানবাধিকার সংগঠন ও আন্তর্জাতিক বেসরকারি সংগঠন এখনো ভাসানচরের বিরুদ্ধে মিথ্যা তথ্য প্রচার করছে, যা মোটেও কাম্য নয়।

২০১৭ সালের ২৫ আগস্ট মিয়ানমার সামরিক বাহিনীর গণহত্যা ও হিংস্র উচ্ছেদ অভিযান থেকে পালিয়ে আসা প্রায় সাড়ে সাত লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেয় বাংলাদেশ। নতুন ও পুরনো মিলিয়ে বর্তমানে ১১ লাখ রোহিঙ্গা কক্সবাজারে অবস্থান করছে। রোহিঙ্গাদের আশ্রয়ণের ব্যবস্থা হিসেবে প্রায় ছয় হাজার একর বনভূমি ধ্বংসের ফলে প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি দিন দিন বৃদ্ধি পাচ্ছে কক্সবাজারে।

২০১৭ সালের ২৫ আগস্ট মিয়ানমার সামরিক বাহিনীর গণহত্যা ও হিংস্র উচ্ছেদ অভিযান থেকে পালিয়ে আসা প্রায় সাড়ে সাত লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেয় বাংলাদেশ। নতুন ও পুরনো মিলিয়ে বর্তমানে ১১ লাখ রোহিঙ্গা কক্সবাজারে অবস্থান করছে। রোহিঙ্গাদের আশ্রয়ণের ব্যবস্থা হিসেবে প্রায় ছয় হাজার একর বনভূমি ধ্বংসের ফলে প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি দিন দিন বৃদ্ধি পাচ্ছে কক্সবাজারে। তা ছাড়া প্রত্যাবাসনে দীর্ঘসূত্রতা, বৈদেশিক অনুদান দিন দিন কমে যাওয়ার ফলে আয় ও জীবন-মান নিয়ে অনেক রোহিঙ্গার হতাশাগ্রস্ত হওয়া এবং অস্ত্র, মাদক, স্বর্ণ ও মানবপাচার ইত্যাদি বিষয়ে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে রোহিঙ্গাদের মধ্যে অপরাধপ্রবণতা দিন দিন বেড়েই যাচ্ছে। তাই রোহিঙ্গাদের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং প্রাকৃতিক বিপর্যয়ের ফলে সৃষ্ট জীবননাশের হুমকি থেকে রোহিঙ্গাদের রক্ষার্থে, এক লাখ রোহিঙ্গাকে ভাসানচরে স্থানান্তরের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ। ২০১৯ সালের ৪ ডিসেম্বর ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তর শুরু হয়। এ পর্যন্ত ছয় দফায় প্রায় ১৯ হাজার রোহিঙ্গাকে স্থানান্তর করেছে বাংলাদেশ সরকার। ১৩ হাজার একর আয়তনের ওই চরে ১২০টি গুচ্ছগ্রামের অবকাঠামো তৈরি করে এক লাখের বেশি মানুষের বসবাসের ব্যবস্থা করা হয়েছে। পরিকল্পিত ও প্রশস্ত আবাসন, স্কুল, মাঠ, মসজিদ, স্বাস্থ্যকেন্দ্র ও সাইক্লোন শেল্টারসহ সব ধরনের সুযোগ-সুবিধা রয়েছে ভাসানচরে। মানবতার খাতিরে বাংলাদেশ যেখানে রোহিঙ্গাদের জন্য প্রায় ৩৫০ মিলিয়ন ডলার খরচ করে শরণার্থী ব্যবস্থাপনার মডেল হিসেবে ভাসানচরের মতো দৃষ্টান্তমূলক প্রকল্প হাতে নিয়েছে, সেখানে কিছু মানবাধিকার ও আন্তর্জাতিক বেসরকারি সংগঠনের মায়াকান্না সত্যিই অবাক করছে। শুরুতে জোরপূর্বক, অর্থের প্রলোভন, মিথ্যা আশ্বাস ইত্যাদির মাধ্যমে রোহিঙ্গা স্থানান্তর করা হচ্ছে বলে তথ্য প্রচার করা হয়। পরবর্তী সময়ে ভাসানচরকে জেলখানা, ডিটেনশন সেন্টার ইত্যাদি বলে গুজব ছড়ানো হয়। এমনকি সাধারণ রোহিঙ্গাদেরকে হুমকি দেয়ার অভিযোগও ওঠে কয়েকটি মানবাধিকার ও আন্তর্জাতিক বেসরকারি সংগঠনের বিরুদ্ধে।

গত ২৯ সেপ্টেম্বর, রোহিঙ্গা প্রত্যাবাসনের পক্ষে সক্রিয় রোহিঙ্গা নেতা মুহিবুল্লাহ মাস্টারকে হত্যা এবং ২২ অক্টোবর কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্পে অবস্থিত একটি মাদরাসায় হামলা চালিয়ে সাত রোহিঙ্গাকে হত্যা, বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত এলাকা থেকে শুধু সেপ্টেম্বরেই ৩৪ লাখ পিস ইয়াবা উদ্ধার, নিজেদের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ১০৮ জন রোহিঙ্গা নিহত হওয়ার মতো ঘটনাগুলো প্রমাণ করে, রোহিঙ্গাদের একটি অংশ কী পরিমাণ অপরাধপ্রবণ হয়ে উঠছে। রোহিঙ্গা নেতা ও এনজিওকর্মীদের নিরাপত্তা চেয়ে কিছু আন্তর্জাতিক সংগঠন বিবৃতি দিয়েছে। অথচ রোহিঙ্গা সঙ্কটের টেকসই সমাধান হিসেবে রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়ে তাদের কোনো সক্রিয় ভূমিকা পরিলক্ষিত হচ্ছে না। কক্সবাজারে রোহিঙ্গা বসতিগুলো পাহাড়ি ঢালুতে তৈরি এবং ঘিঞ্জিপূর্ণ হওয়ায়, বিভিন্ন অপরাধ যথাসময়ে নিয়ন্ত্রণ করাও কষ্টসাধ্য হয়ে পড়ে বলে মনে করেন নিরাপত্তা বিশ্লেষকরা। আন্তর্জাতিক বেসরকারি সংগঠনগুলোর উচিত, বাণিজ্যিক স্বার্থ ত্যাগ করে অতিদ্রুত এক লাখ রোহিঙ্গাকে ভাসানচরে স্থানান্তর প্রক্রিয়ায় অংশগ্রহণ করে সাধারণ রোহিঙ্গাদের নিরাপত্তা নিশ্চিতে এগিয়ে আসা। তা ছাড়া তারা একত্রিত হয়ে রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানোর বিষয়ে, বিশ্ব জনমত গঠনে আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে। রোহিঙ্গাদের টেকসই ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনে অবদান রাখার মাধ্যমেই আন্তর্জাতিক মানবাধিকার ও বেসরকারি সংগঠনগুলোর প্রকৃত মানবিক সহায়তা কার্যক্রমের বহিঃপ্রকাশ ঘটবে।

বিভিন্ন সময়ে জাতিসঙ্ঘ, ওআইসি, ইউরোপিয়ান ইউনিয়ন প্রতিনিধি, রাষ্ট্রদূতদের দল, জাতিসঙ্ঘ সাধারণ পরিষদের ৭৫তম অধিবেশনের সভাপতিসহ সবাই ভাসানচর প্রকল্প সম্পর্কে ইতিবাচক মনোভাব ও বিবৃতি দিয়েছেন। সব ষড়যন্ত্র প্রতিহত করে বাংলাদেশ এখন জাতিসঙ্ঘকে ভাসানচরে সম্পৃক্ত করতে সমর্থ হয়েছে। মানবিক সহায়তার পাশাপাশি এখন পরিপূর্ণভাবে অভ্যন্তরীণ ও আঞ্চলিক নিরাপত্তা এবং রোহিঙ্গা প্রত্যাবাসনের উপর কঠোর মনোযোগী হতে হবে বাংলাদেশ ও আন্তর্জাতিক সম্প্রদায়কে। জাতিসঙ্ঘ যদি শুধু বাংলাদেশে রোহিঙ্গাদের সুবিধা দেয়ার ওপর জোর দেয়, তাহলে অনিশ্চয়তার মধ্যে থাকা রোহিঙ্গারা কখনোই নিজ দেশে ফিরে যেতে আগ্রহী হবে না। আন্তর্জাতিক সম্প্রদায়ের উচিত, মিয়ানমারকে রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের গণহত্যার জন্য অভিযুক্ত করা এবং যথাযথ প্রত্যাবাসনের জন্য একটি অভ্যন্তরীণ পরিবেশ গড়ে তুলতে দেশটিকে বাধ্য করা। মিয়ানমারে প্রত্যাবাসন বিলম্বিত ও ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তর প্রক্রিয়া বাধাগ্রস্ত করার উদ্দেশ্যে রোহিঙ্গা ক্যাম্পগুলোতে অস্থিতিশীল পরিবেশ তৈরি করার যে ষড়যন্ত্র, তা নস্যাৎ করতে হবে। রোহিঙ্গা স্থানান্তর প্রক্রিয়ার মতো, রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়ায়ও যুক্ত হয়ে, রোহিঙ্গাদের প্রতি বাংলাদেশের উদারতা ও উদ্যোগকে সমর্থন করবে আন্তর্জাতিক সম্প্রদায়; সে প্রত্যাশাই করছি।

লেখক : দক্ষিণ এশিয়ার রাজনীতি অভিবাসন ও মানবিক নিরাপত্তা নিয়ে একজন স্বাধীন গবেষক



তালেবানের সামনে যত চ্যালেঞ্জ



মো: বজলুর রশীদ

তালেবানদের কাছে কাবুলের পতন রাজনৈতিক পন্ডিতদের হতবাক করেছে, মার্কিন সেনাধ্যক্ষ বলছেন, হিসাবের অঙ্ক ভুল হয়ে গেছে! কাবুলের নিয়ন্ত্রণ পাওয়ার পর তালেবানরা এখন বিভিন্ন দিক থেকে একাধিক চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে।

অর্থনৈতিক বিষয়টি গুরুত্বপূর্ণ, অভ্যন্তরীণ ও বৈশ্বিক অর্থের প্রবাহ। দীর্ঘ যুদ্ধকালীন সময়ে আফগানিস্তানকে ব্যাপকভাবে বিদেশী অর্থের ওপর নির্ভরশীল করে রাখা হয়েছে। আফগানিস্তানের মোট আয়ের ২০ শতাংশ বিদেশী সহায়তা। সেগুলো এখন বন্ধ। উপরন্তু আফগান কেন্দ্রীয় ব্যাংকের ৯.৫ বিলিয়ন ডলার ফ্রিজ করা হয়েছে। আন্তর্জাতিক মুদ্রা তহবিল কর্মসূচি স্থগিত করায় পরিস্থিতি তীব্রতর হয়েছে। যুদ্ধবিধ্বস্ত দেশে যখন নগদ অর্থ ও মানবিক সহায়তা দরকার সেখানে অর্থসম্পদ আটক করে রাখা হয়েছে, যা চরম ন্যক্কারজনক। আফিম বাণিজ্য তালেবানদের ৩০০ মিলিয়ন থেকে ১.৬ বিলিয়ন ডলার দিতে পারে। বার্ষিক বাজেটের জন্য ৫.৫ বিলিয়ন ডলার দরকার। বিশ্লেষকরা মনে করেন চীন, রাশিয়া, তুরস্ক, পাকিস্তান ও ইরান আর্থিক সহায়তা দিয়ে প্রভাব বিস্তারের সুযোগ কাজে লাগাবে।

আন্তর্জাতিক নীতিনির্ধারকরা চলতি বছর ১৩ সেপ্টেম্বর আফগানিস্তানের জন্য প্রায় এক বিলিয়ন ডলার সহায়তার প্রতিশ্রুতি দিয়েছেন। জাতিসঙ্ঘের মহাসচিব গুতেরেস আফগান শিশু ও অন্যান্য দুর্বল জনগণকে অনাহার থেকে রক্ষার জরুরি আবেদন জানানোর পর এই প্রতিশ্রুতি পাওয়া গেছে। তবে গুতেরেস কমপক্ষে ৬০৬ মিলিয়ন ডলার চেয়েছিলেন।

মার্কিন পররাষ্ট্র বিভাগ ও ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি) বলেছে, দেশটি আফগানিস্তানকে ৬৪ মিলিয়ন ডলার দেবে যাতে 'নিরাপত্তাহীনতা, সংঘর্ষ, প্রাকৃতিক দুর্যোগ ও কোভিড-১৯ মহামারীর জটিল প্রভাবের মুখোমুখি আফগানদের সরাসরি জীবনরক্ষাকারী সহায়তা দেয়া হয়।' ইউনিসেফের হেনরিয়েটা জানান, ১০ লাখ আফগান শিশু পুষ্টিহীনতার মুখে পড়বে।

তালেবানরা নিয়ন্ত্রণ নেয়ার পর তিন কোটি ৮০ লাখ লোকের আফগানিস্তান বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল ও আফগানিস্তানের কেন্দ্রীয় ব্যাংকে মার্কিন নিয়ন্ত্রিত সম্পদ পরিচালিত সহায়তা প্রকল্প থেকে বিচ্ছিন্ন হয়। বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) অনুমান করেছে, আফগানরা এ বছর ৪০ শতাংশ ফসল হারিয়েছে; তাই গমের দাম ২৫ শতাংশ বেড়েছে।

পাকিস্তান অনেক আগে খাদ্য ও ওষুধ পাঠিয়েছিল, ইরান মানবিক সহায়তা পাঠিয়েছে। তুরস্ক পাকিস্তানের মাধ্যমে শুকনো খাবার পাঠিয়েছে। চীন ৩১ মিলিয়ন ডলার সহায়তা দিয়েছে।

দ্বিতীয় বিষয়টি হলো প্রশাসন। তালেবানদের দেশ পরিচালনার টেকনোক্র্যাটিক অভিজ্ঞতার অভাব রয়েছে। সরকারি পরিষেবা ও অর্থনৈতিক বিষয় পরিচালনার জন্য দরকার সুদক্ষ ও পেশাদার লোকবল। অনেক পেশাদার তালেবানের ভয়ে দেশ ছেড়ে পালিয়েছে।

তৃতীয় বিষয়টি তালেবান গোষ্ঠীর ভেতরকার ভিন্নমত। একটি চরমপন্থী মানসিকতা এবং অন্যটি মধ্যপন্থী। যেমন- সামরিক নেতা সিরাজউদ্দিন হাক্কানি চরমনীতির প্রবক্তা এবং সামরিক প্রধান মোহাম্মদ ইয়াকুব ও জুরিস্ট আবদুল হাকিম মধ্যপন্থী। তালেবান নেতা হাইবাতুল্লাহ আখুন্দজাদা সংঘর্ষ এড়াতে ইয়াকুব ও হাক্কানির মধ্যে সামরিক বাহিনীর নিয়ন্ত্রণ বিভক্ত করেছেন। এটি তেমন ভালো কাজ হয়নি।

চতুর্থ হলো আন্তর্জাতিক স্বীকৃতি। তালেবানদের দু'টি গুরুত্বপূর্ণ নীতির ওপর কাজ করতে হবে। একটি অন্তর্ভুক্তিমূলক সরকার এবং নারী ও সংখ্যালঘুদের বিশেষ অধিকার দেয়া। তাদের আরো নিশ্চিত করতে হবে যে, আফগান মাটি মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে ব্যবহার করা হবে না সেটি যত তিক্তই হোক।

পঞ্চম চ্যালেঞ্জটি হলো সরকার ও সংবিধান। তালেবানরা গণতন্ত্রের পশ্চিমা ধাঁচকে অনুসরণ করছে না, সিদ্ধান্ত ও নীতির জন্য সুপ্রিম স্টেট কাউন্সিল প্রতিষ্ঠিত হয়েছে। এই কাউন্সিল একজন আমিরের অধীনে কাজ করবে, তবে সংবিধান সম্পর্কে অনেক কথা রয়েছে। প্রথমে বলা হয়েছিল, ইরানি মডেল অনুসরণ করবে, এখন সেই অবস্থানে নেই। বেশি প্রচারিত হয়েছিল 'আফগানিস্তান ইসলামিক আমিরাত' হবে। এখন দেখা যাচ্ছে, আফগানিস্তান কিংডম বা বাদশাহর শাসন হচ্ছে, এটি বেশ অবাক করা কথা। কিং জহির শাহের সময় যে সংবিধান ছিল, সেটি আবার চালু করা হবে।

আমরা দেখেছি আজ পর্যন্ত আফগানিস্তানে আটটি সংবিধান রচিত হয়েছে। সর্বশেষ সংবিধানটি ২০০৪ সালে বানানো হয়। আফগানিস্তানের প্রথম সংবিধানটিকে 'নিজামনামা' বলা হতো। এক হাজার ডেলিগেট ১৯২৪ সালে এটি অনুমোদন করেছিলেন, এর সাত বছর পর নাদির শাহের প্রশাসন আসে। তিনি একটি সংবিধান তৈরি করেন সেটি দ্বিতীয় সংবিধান। ওখানে যে মৌলিক বিষয় ছিল তাতে 'ইসলামী সরকার' বা ইসলামী হুকুমতের কথা ছিল, ওই সংবিধানে ১১০ আর্টিকেল ছিল, সংবিধানের সব কিছুই ইসলামী ও ইসলামী আইনকানুনকে প্রাধান্য দেয়া হয়েছিল। এরপর ১৯৬৪ সালে আসে জহির শাহের সংবিধান। সেখানে ১১ চ্যাপ্টার ও ১২৮ আর্টিকেল স্থান পায়। এরপর আসেন প্রেসিডেন্ট দাউদ, ১৯৭৩ সালে তিনিও একটি সংবিধান রচনা করেন যেখানে ১৩ চ্যাপ্টার ও ১৩৬ আর্টিকেল সংযুক্ত করা হয়। মানে যিনি আসেন তিনি একটি সংবিধান রচনা করে দেশ পরিচালনা করেছেন। ১৯৭৮ সালে দাউদের পতন হয়েছিল। বারবাক কারমাল যখন আসেন তখনো নতুন সংবিধান বানানো হয়, সেখানে যে মূলনীতি ছিল সেখানে দেশকে ডেমোক্র্যাটিক রিপাবলিক অব আফগানিস্তান বলা হয়েছে। ১৯৮০ সালে এই সংবিধানে কিছু সংশোধন করা হয়। তখন সোভিয়েত ইউনিয়ন দ্বারা আক্রান্ত ছিল আফগানিস্তান। বারবাক কারমালের সাত বছর পর ড. নাজিবুল্লাহ আসেন। তিনি আর একটি সংবিধান বানান, সেখানে ১৩ চ্যাপ্টার ও ১৩৯ আর্টিকেল ছিল। তিন বছরের মধ্যে এই সংবিধান তিনবার অ্যামেন্ডমেন্ট করা হয়। সোভিয়েত বাহিনী যখন দেশ ছেড়ে চলে যায়, তখন বহুদিন পর্যন্ত দেশে কোনো সংবিধান ছিল না। হামিদ কারজাইয়ের আমলে সংবিধান বানানো হয়। ২০০৪ সালে কিছু পরিবর্তন করা হয়। নাদির খান ও দাউদ খান যে সংবিধান বানিয়েছিলেন, সেগুলোকে দেশের সবচেয়ে 'বাজে সংবিধান' হিসেবে আখ্যায়িত করা হয়। সব শাসক নিজের সুবিধামতো সংবিধান বানিয়েছেন। অন্য দিকে ১৯৯৮ সালে তালেবানরা ক্ষমতায় থাকার সময় প্রথম সংবিধান সম্পাদনা করেন, যাকে 'দস্তুর এমারাত ইসলামী' বলা হয় এবং দ্বিতীয়টি 'মনশুর এমারাত ইসলামী আফগানিস্তান' যা ২০২০ সালে ফাঁস হয়েছিল; কিন্তু তালেবানরা এটিকে সংবিধান হিসেবে গ্রহণ করেনি। লক্ষণীয় বিষয়, সংবিধান সম্পর্কে তালেবান অ্যাক্টিং মিনিস্টার অব জাস্টিসের সাথে চীনা দূতের সাক্ষাৎ ঘটে ২৮ সেপ্টেম্বর ২০২১ সালে। আলোচনায় আসে যে, বাদশাহ জহির শাহের আমলের সংবিধান অন্তর্বর্তী সময়ের জন্য চালু রাখা হবে। ইসলামী শরিয়াহ বা আমিরাতের নিয়ম ধারাবিরোধী বিধি এবং আন্তর্জাতিক আইনের নিয়মকানুন যা শরিয়তবিরোধী নয়; সেসবও মেনে চলবে। তা হলে অবস্থা দাঁড়াচ্ছে- খেলাফতের যিনি আমিরুল মুমিনিন তিনি আপাতত বাদশাহের মতোই কাজ করবেন। কেননা সংবিধান অনুসারে রাষ্ট্রপ্রধান একজন বাদশাহ বা রাজা। এখানে ইসলামী আমিরাতে তালেবানদের সূক্ষ্ম বুদ্ধি কাজ করছে। তবে পুরো বিষয়টি এখনো দেখার মতো অবস্থায়। কখন কোন দিকে মোড় নেয়, তা বলা দুষ্কর। ষষ্ঠ চ্যালেঞ্জটি প্রতিপক্ষ বাহিনী থেকে উদ্ভূত। আইএসকেপি ইস্যু। তালেবান ও আইএস উভয়ই সুন্নি চরমপন্থী গোষ্ঠী, কিন্তু তারা মিত্র নয়, প্রতিদ্বন্দ্বী। আইএসের উদ্দেশ্য আফগানিস্তানে আইএস খোরাসান প্রদেশ প্রতিষ্ঠা করা। আইএস ও তালেবান ২০১৫ সাল থেকে আফগানিস্তানে আইএস প্রবেশের সময় থেকে যুদ্ধে রয়েছে।

বিশ্লেষকরা তালেবানকে আইএসের বিরুদ্ধে রক্ষাকবচ হিসেবে দেখছেন। আফগানিস্তানে আইএসের উপস্থিতি মার্কিন যুক্তরাষ্ট্র ও তালেবানের জন্য একটি সাধারণ সম্পর্কের ভিত্তি রচনা করে ফেলেছে। ক'দিন আগে দোহা আলোচনায় আইএস দমনের জন্য যুক্তরাষ্ট্র কমান্ডো পাঠানোর প্রস্তাব উঠিয়েছে। তালেবানরা বাইরের শক্তির প্রয়োজন নেই বলে সে প্রস্তাবে রাজি হয়নি।

সপ্তম চ্যালেঞ্জ কাবুলে বিদ্রোহী গোষ্ঠীটির অভ্যন্তরে দেখা দিয়েছে ক্ষমতার দ্বন্দ্ব। ফলে আফগানিস্তানের পরিস্থিতি আরো অবনতির আশঙ্কা করা হচ্ছে। ক'দিন আগে হামিদ কারজাই বিমানবন্দরের বাইরের গেটে আরেক দফা ভয়াবহ বোমা হামলাকে তারই অংশ মনে করছেন নিরাপত্তা বিশ্লেষকরা।

আফগানিস্তানে নিরাপত্তার দায়িত্ব পালন করা একাধিক স্থানীয় ও আন্তর্জাতিক গোয়েন্দা দফতরের মতে, যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে লড়াইয়ে তালেবানের সবগুলো ফ্রন্ট একাট্টা হয়ে লড়লেও যুক্তরাষ্ট্রের সেনারা চলে আসায় সে লক্ষ্যের সমাপ্তি ঘটেছে। সরকার গঠনের সময় গোষ্ঠীটির বিভিন্ন ফ্রন্টের নেতাদের মধ্যে দ্বন্দ্ব দেখা দিয়েছে। ফলে তারা রাজনৈতিক সঙ্ঘাতে জড়িয়ে পড়েছে।

অষ্টম সমস্যাটি গুরুতর। বুঝতে হবে, আফগান যুদ্ধ শেষ হয়নি, ফর্ম পরিবর্তন হয়েছে। মূলত আফগানিস্তান থেকে মার্কিনিরা কখনো বের হতে পারবে না। ডেনিয়েল মার্ক তার বইতে এরকম কথা বলেছিলেন, 'নো এক্সিট ফর্ম পাকিস্তান'। কাবুল ও এ অঞ্চল থেকে আমেরিকানরা যেতে পারবে না। কেন? সোজা উত্তর- চীন ও অংশত রাশিয়া। মার্কিন সমরবিশারদরা মনে করেন, চীনের সাথে সমুদ্রে যুদ্ধের চেয়ে ভূস্থলের যুদ্ধ খুবই গুরুত্বপূর্ণ হবে। সেই ভূভাগ মার্কিনিদের প্রয়োজন। এখন যত প্রিয় বা অপ্রিয় হোক, ভারতকে যুক্তরাষ্ট্র ছাড়তে পারে না একই কারণে। একই সাথে আরেক বিরাট আফগানিস্তান তৈরি হচ্ছে মধ্য এশিয়াজুড়ে। রাশিয়া অনেকটা কব্জা করে রেখেছে সব ক'টি দেশ। চীন ও আমেরিকাও সেখানে নিজের স্বার্থ রক্ষায় বিবিধ কর্মসূচি রেখেছে বহুদিন ধরে। এখন চীন মধ্য এশিয়া ও আফগানিস্তানে ঢুকছে। মার্কিনিদের মাথাব্যথার কারণ পাকিস্তানও কম নয়- দেশটি পরমাণু শক্তিধর। এসব কারণে যুক্তরাষ্ট্র বিশাল এই মাঠ ছেড়ে দিতে পারে না। তাই যুক্তরাষ্ট্র আফগানিস্তানকে লক্ষ্য করে আশপাশেই থাকবে। আফগান সীমান্ত থেকে মাত্র ২০০ মাইল দূরে তাজিকিস্তানে ভারতের সামরিক ঘাঁটি রয়েছে। সেটি ড্রোন ঘাঁটি; এই ঘাঁটি যুক্তরাষ্ট্র প্রয়োজনে ব্যবহার করবে। রাশিয়াও এ বিষয়ে সবুজ সঙ্কেত দেখিয়েছে। আবার তাজিকিস্তানের সাথে তালেবানদের ভালো সম্পর্ক নেই।

তাজিক-আফগান সীমান্তে যুদ্ধ যুদ্ধ অবস্থাটি নবম সমস্যা। আফগানিস্তানের রাজনৈতিক অস্থিরতার মধ্যে এই বিবাদ শুরু হয়েছে। তালেবানরা আফগানিস্তানের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের জন্য তাজিকের নিন্দা জানিয়েছে। আহমেদ মাসউদ ও সাবেক আফগান ভাইস প্রেসিডেন্ট আমরুল্লাহ সালেহ উভয়ই জাতিগতভাবে তাজিক। দুই নেতাই বর্তমানে তাজিকিস্তানের আশ্রয়ে রয়েছেন। সাবেক আফগান সরকারি কর্মকর্তাদের নিরাপদ আশ্রয় ও সহায়তা দিয়েছে তাজিকিস্তান। পাঞ্জশির উপত্যকায় তালেবানবিরোধী প্রতিরোধ বাহিনীকে তাজিক সরকার সহায়তা করছে বলেও জানা গেছে। পাকিস্তান হস্তক্ষেপ না করলে পাঞ্জশির জয় সহজ হতো না।

এ দিকে তাজিকিস্তানের প্রেসিডেন্ট এমোমালি রাহমন কাবুলে তালেবান নিযুক্ত মন্ত্রিসভাকে স্বীকৃতি দিতে অস্বীকার করেছেন। পাঞ্জশির প্রদেশে তালেবানদের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগও করেছেন তিনি। এক ভাষণে তিনি আফগানিস্তানের পরিস্থিতিকে 'অস্থিতিশীল' বলেছেন।

জাতিগত তাজিকরা আফগানিস্তানের জনসংখ্যার এক-চতুর্থাংশেরও বেশি। তালেবান সদস্যরা প্রধানত সবচেয়ে বড় জাতিগত গোষ্ঠী পশতুনদের অন্তর্ভুক্ত। রেষারেষি ও উত্তেজনার মধ্যে তালেবান-তাজিকরা যুদ্ধের দিকে অগ্রসর হলে কেউ সমর্থন পাবে না। তাজিকিস্তানের রাষ্ট্রপতি এমোমালি রাহমন অভিযোগ করেছেন, বিভিন্ন সন্ত্রাসী গোষ্ঠী আফগানিস্তানে সক্রিয় থাকায় আবারো দেশটি সন্ত্রাসবাদের প্লাটফর্ম হতে পারে।

উত্তর-পূর্ব আফগানিস্তানের তাখার প্রদেশ তাজিকিস্তানের সাথে আফগান সীমান্ত। তাজিকিস্তানের গোর্নো-বাদাখশান স্বায়ত্তশাসিত অঞ্চলে রাশিয়ান সামরিক ঘাঁটি রয়েছে। ভারতেরও শক্তিশালী বিমান ঘাঁটি রয়েছে ওই অঞ্চলে। ভারতের তীর পাকিস্তানের দিকে হলেও এখন পুরো এলাকা তাদের লক্ষ্যবস্তু। উল্লেখ্য, ভারত, রাশিয়া ও তাজিকিস্তান তালেবান সরকারের সমালোচনা করে চলেছে এবং কেউ স্বীকৃতি দেয়নি। কাবুলকে চাপে রাখতে তালেবান-সীমান্তে উসকানি তাজিকিস্তানের একটি কৌশল।



তালেবানের সামনে রয়েছে অসংখ্য চ্যালেঞ্জ। আমরা মাত্র ক'টি বিষয়ে আলোচনা করেছি। আরো অনেক চ্যালেঞ্জ রয়েছে- হাজরা নিয়ে ইরানের সাথে বিরোধ, পাকিস্তানের সাথে বিভিন্ন বিষয়ে নতুন বিরোধের সূত্রপাত, পাকিস্তানের তেহরিকে তালেবান ইস্যু; নারীদের সমতা-ক্ষমতা-শিক্ষার আন্দোলন, মানবিক সহায়তার দ্বার উন্মুক্তকরণ, খাদ্যাভাব দূর করা, দ্রব্যমূল্যের লাগাম টেনে ধরা, বিদেশে আফগানিস্তান থেকে পলানো বিভিন্ন পেশাজীবীদের তালেবানবিরোধী প্রচারণা বন্ধ করা, শীতকালীন চ্যালেঞ্জ মোকাবেলা, নিজেদের মধ্য দ্বন্দ্ব নিরসন।

আফগানিস্তানে ক্ষমতার দৌড়ে এগিয়ে থাকতে যে দু'টি ফ্রন্ট বেশি তৎপর, তাদের মধ্যে একটি হচ্ছে তালেবানের হেলমান্দভিত্তিক ফ্রন্ট, অন্যটি হাক্কানি নেটওয়ার্ক। হেলমান্দভিত্তিক ফ্রন্টের দাবি, মার্কিন ড্রোন হামলায় তারাই বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। ব্যাপক প্রাণহানি সত্ত্বেও তারা লড়াই চালিয়ে গেছে। ফলে তাদের প্রাপ্যতা নিশ্চিত করতে হবে, ন্যাটো সেনাদের ফেলে যাওয়া সামরিক সরঞ্জাম প্রতিদ্বন্দ্বী ফ্রন্টগুলো গোপনে সরিয়ে নেয়া নিয়ে তালেবান নেতৃত্বের অস্বস্তি দূর করে শান্তি সমঝোতা স্থাপন, পদবঞ্চিত তালেবান নেতাদের সমঝোতাকরণ, অতি-রক্ষণশীল কট্টরপন্থীদের শরিয়াহ আইনের কঠোর সংস্করণ প্রয়োগ ও মধ্যপন্থীদের কিছুটা ছাড় দেয়ার মনোভাব নিয়ে মনস্তাত্ত্বিক লড়াই তালেবানদের বিভাজনের দ্বার উন্মুক্ত করে দিয়েছে। যারা দালালি করেছে, সেসব নাগরিককে তালেবানের জ্যেষ্ঠ নেতারা ক্ষমা করলেও তালেবানের অন্য ফ্রন্টগুলো ও যোদ্ধারা তা মানতে চান না। ফলে যেকোনো সময় সায়গনের মতো 'ঠাণ্ডা হওয়ার পর আবার রক্ত প্রবাহের' আশঙ্কা করা হচ্ছে। এসব নিয়ে তালেবানের নাভিশ্বাস উঠছে। যেকোনো ইস্যুই আফগানিস্তানে দীর্ঘমেয়াদে অশান্তির

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl Jackson Heights, NY 11372 917-744-7308, 718-457-0813	87-54 168th Street, 2nd Fl Jamaica, NY 11432 718-406-5549	1 Blacksmith Lane Dix Hill, NY 11731 718-406-5549	2148 Starling Ave. Bronx, NY 10462 718-406-5549	175 B Forbell Street Brooklyn, NY 11208 718-406-5549	859 Fillmore Ave Buffalo, NY 14212 718-406-5549

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call

718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.

72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে

(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MEPPS
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
NEW ADDRESS
72-08 Broadway
Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804

BUSINESS HOURS
Saturday 11:30 PM - 8PM
Sunday 11:30 PM - 8PM
Monday 11:30 PM - 8PM
Tuesday 11:30 PM - 8PM
Wednesday 11:30 PM - 8PM
Thursday 11:30 PM - 8PM
Friday CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সাপ্তাহিক বাংলা পত্রিকা
২৩ বছরে
The Weekly Bangla Patrika

সংবিধান বনাম সংবাদ ক্ষেত্রের স্বাধীনতা

মো: হারুন-অর-রশিদ

গণতন্ত্র চর্চার জন্য আমাদের দেশের সংবিধান মন্দ নয়; বরং বোঝার জন্য পৃথিবীর অনেক দেশের সংবিধানের চেয়ে আমাদের দেশের সংবিধান অনেকটা স্পষ্ট ও সহজ। আমাদের সংবিধানে মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য সুস্পষ্ট ধারা সন্নিবেশিত আছে। এখানে আইনের শাসন নিশ্চিতকল্পে বিচার বিভাগের স্বাধীনতা, বাকস্বাধীনতা, গণমাধ্যমের স্বাধীনতা, ধর্ম পালনের স্বাধীনতাসহ মৌল মানবিক অধিকার যেমন খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসার নিশ্চয়তার কথা উল্লেখ আছে। এগুলো সবই সংবিধানে লিখিত বিধান মাত্র। কার্যত সংবিধানে যা আছে আমাদের দেশে ঠিক তার উল্টোটি ঘটে চলেছে প্রতি মুহূর্তে।

আমরা যদি চিন্তা ও বিবেকের স্বাধীনতার কথা বলি তা হলে আমাদের সংবিধানের তৃতীয় ভাগের ৩৯ অনুচ্ছেদে যেমন বলা আছে, উপধারা (১) চিন্তা ও বিবেকের স্বাধীনতার নিশ্চয়তা দান করা হইল। (২) রাষ্ট্রের নিরাপত্তা, বিদেশী রাষ্ট্রগুলোর সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, জনশৃঙ্খলা, শালীনতা ও নৈতিকতার স্বার্থে কিংবা আদালত-অবমাননা, মানহানি বা অপরাধ সংঘটনে প্ররোচনা সম্পর্কে আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বাধানিষেধ-সাপেক্ষে : (ক) প্রত্যেক নাগরিকের বাক ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকারের এবং (খ) সংবাদক্ষেত্রের স্বাধীনতার, নিশ্চয়তা দান করা হইল।

সংবিধানের এমন বিধান থাকা সত্ত্বেও একজন লেখক ও সাংবাদিকদের জেলে যেতে হয়? কেন মুশতাক আহমেদকে কারাগারে জীবন দিতে হলো? কেন কার্টুনিস্ট আহমেদ কবির কিশোরকে আটক করে নিষ্ঠুর নির্যাতন করা হলো? কেন তাকে ১০ মাস কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে কাটাতে হলো? ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেফতার করে একেকজন লেখক, সাংবাদিকের গলা চেপে ধরা হচ্ছে। 'পক্ষকাল' পত্রিকার সম্পাদক ও বণিকবার্তার ফটোসাংবাদিক শফিকুল ইসলাম কাজল সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি ছবি শেয়ার করার কারণে তাকে ৫৪ দিন নিখোঁজ ও দীর্ঘ দিন কারাগারে থাকতে হয়েছিল। এটি মতপ্রকাশের স্বাধীনতার ওপর চরম হুমকি। সংবিধান যেখানে বিবেক ও চিন্তার স্বাধীনতা এবং সংবাদ ক্ষেত্রের স্বাধীনতা নিশ্চিত করেছে সেখানে ডিজিটাল নিরাপত্তা আইন প্রয়োগ করে কেন সংবাদকর্মী ও মুক্তমত প্রকাশকারী ব্যক্তিদের ক্রমাগতভাবে নিপীড়ন ও নির্যাতন করা হচ্ছে তা প্রশ্নের দাবি রাখে। আসলে, যেকোনো সরকারবিরোধী সমালোচনা, উষ্মা, মতবিরোধকে চুপ করিয়ে দিতে সরকার এই আইন প্রয়োগ করছে। প্রকৃতপক্ষে সরকারের এই আচরণ স্বৈরতান্ত্রিকতার বহিঃপ্রকাশ।

বাংলাদেশে সাংবাদিকতা এক বিপজ্জনক পেশা। বিপজ্জনক শুধু এ দেশের সাংবাদিকদের জন্য নয়। পৃথিবীর নানা দেশের ক্ষেত্রেই তা প্রযোজ্য। যেমন ২০২০ সালের মার্চ মাসে মেক্সিকোর সাংবাদিক মিরোস্লোভা ব্রিচ ভেল ডুসিয়াকে খুন করা হয়। তার অপরাধ ছিল, রাজনৈতিক অনিয়ম, দুর্নীতি ও সন্ত্রাসী কর্মকান্ড নিয়ে সোচ্চার থাকা। আমরা দেখতে পাচ্ছি যে, দেশে দেশে শাসকদের মধ্যে স্বৈরতান্ত্রিক প্রবণতা যত বাড়ছে, ততই মতপ্রকাশের স্বাধীনতার, বাকস্বাধীনতার যার সাথে সাংবাদিকতার স্বাধীনতা অঙ্গাঙ্গীভাবে যুক্ত তার ওপর আঘাত নামছে। অধ্যাপক অমর্ত্য সেন এই প্রবণতাকে 'প্যান্ডেমিক অব অথরিটারিয়ানিজম' বা কর্তৃত্ববাদের অতিমারী বলে আখ্যা দিয়েছেন। তার মতে, আজ সারা বিশ্বই এই



জাতীয় অতিমারীর মুখোমুখি এবং মানবজীবনে ভিন্ন ভিন্নভাবে কিন্তু 'পারস্পরিক সম্পর্কযুক্ত' উপায়ে তা প্রভাবিত করছে। আরো একটু স্পষ্ট করে তিনি বলছেন, "দার্শনিক ইমানুয়েল কান্ট মনে করতেন 'জনপরিসরে সব বিষয়ে লোকের বিচারবুদ্ধি ব্যবহারের স্বাধীনতা'র চেয়ে গুরুত্বপূর্ণ আর কিছু হতে পারে না। অথচ প্রায়ই সমাজে মতামত প্রকাশের সুযোগগুলোকে চেপে দেয়া হয়। আজকের পৃথিবীতে এশিয়া, ইউরোপ, লাতিন আমেরিকা, আফ্রিকার বিভিন্ন দেশে এবং খাস আমেরিকাতে স্বৈরতন্ত্র বলিয়ান হয়ে উঠেছে, এটি একটি প্রকাণ্ড দুশ্চিন্তার কারণ।"

বাকস্বাধীনতা ও তর্কবিতর্কের স্বাধীনতা- স্বাধীনতা, গণতন্ত্র ও প্রগতির পূর্বশর্ত এবং তা আমরা কখনোই বিসর্জন দিতে পারি না। আর কেউ এই মৌলিক সাংবিধানিক অধিকার কেড়ে নিতে পারে না। একই সাথে বলে রাখি এই স্বাধীনতাহীনতা শুধু সাংবাদিক, সাংবাদিকতার জন্য বিপজ্জনক নয়, বিপজ্জনক পাঠক, শ্রোতা, দর্শক ; অর্থাৎ নাগরিক ও রাজনৈতিক সমাজের কাছেও।

কেউ ভিন্নমত পোষণ করলেই তার গলা টিপে ধরতে হবে এটি গণতান্ত্রিক আচরণের বিপরীত। গত ৩ মার্চ জম্মু ও কাশ্মিরের সাবেক মুখ্যমন্ত্রী ডা: ফারুক আবদুল্লাহর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা খারিজ করে ভারতের সুপ্রিম কোর্টের বিচারপতি সঞ্জয় কিষাণ কউলের নেতৃত্বাধীন বিচারপতি হেমন্ত গুপ্তার সমন্বিত বেঞ্চের পক্ষ থেকে বলা হয়, "কোনো দৃষ্টিভঙ্গি সরকারের মতের বিরোধী ও তা থেকে ভিন্ন হলেই তাকে 'দেশদ্রোহ' বলা যায় না" (নয়া দিগন্ত, ৪ মার্চ ২০২১)।

সংবাদমাধ্যমের স্বাধীন অধিকার হরণ করে এক দিকে তথ্যহীনতা, সংবাদহীনতা অন্য দিকে সরকারের বুলিকে বেশি করে প্রচার করে সাধারণ মানুষকে দেশ-কাল-অর্থনীতি বিষয়ে তার যে তথ্যের অধিকার, জানার অধিকার, সে বিষয়ে মতামত সৃষ্টির অধিকার তা থেকে বঞ্চিত করে চলেছে। এর ফলে দেশের নাগরিক সমাজ, বৃহত্তর রাজনৈতিক সমাজকে ক্রমে বিপন্ন করে তুলেছে।

বিশ্ব সংবাদমাধ্যম স্বাধীনতা সূচক ২০২০ (ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স-২০২০) এ বাংলাদেশের অবস্থান ১৮০টি দেশের মধ্যে ১৫১তম, যা ২০১৯ সালে ছিল ১৫০তম অবস্থানে।

এই সূচক অনুযায়ী বাংলাদেশের সংবাদমাধ্যমের স্বাধীনতা লক্ষন মারাত্মকভাবে বেড়েছে। মাঠপর্যায়ে সংবাদকর্মীদের ওপর রাজনৈতিক কর্মীদের হামলা, নিউজ ওয়েবসাইট বন্ধ ও সাংবাদিক গ্রেফতারের ঘটনা বেড়েছে বলে রিপোর্টার্স উইদাউট বর্ডারের বিশ্লেষণে উল্লেখ করা হয়েছে।

সংবাদমাধ্যমের জন্য অশনি সঙ্কেত হলো এই যে, অনেক দেশের সরকারই সংবাদমাধ্যমকে গণতন্ত্রের একটি অপরিহার্য অংশ হিসেবে দেখতে রাজি হচ্ছে না। দেখছে প্রতিপক্ষ হিসেবে। খোলাখুলিভাবেই তারা বিরাগ, বিতৃষ্ণা প্রকাশ করছে। সরকারের গোলাম, চাটুকার হয়ে টিকে থাকতে পারলে তার অবস্থান সুদৃঢ় হচ্ছে। কিন্তু বিবেকের স্বাধীনতা সব ব্যক্তিকেই গোলাম, দাসত্ব, আর চাটুকার বানাতে পারে না। যার কারণে বেশির ভাগ সাংবাদিক তার পেশার প্রতি বিতৃষ্ণা পোষণ করছেন।

বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব) জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের শিক্ষক আমিনুল ইসলামের নেতৃত্বে 'অ্যান ইনভেস্টিগেশন ইনটু রিস্ক টু মেন্টাল হেলথ অব বাংলাদেশী জার্নালিস্টস' শীর্ষক এক গবেষণায় দেখা যায় ৭৯.১ শতাংশ সাংবাদিক তার নিজ পেশা নিয়ে সন্তুষ্ট নন (কালের কণ্ঠ, ৪ মার্চ ২০২১)।'

ডিজিটাল নিরাপত্তা আইনের কারণে সংবাদকর্মীরা সরকারের বিপক্ষে যায় এমন নিউজ করার সময় আতঙ্কগ্রস্ত থাকে। যুক্তরাজ্যভিত্তিক একটি মিডিয়া ওয়াচডগ বডি আর্টিকেল ১৯-এর বার্ষিক প্রতিবেদন অনুযায়ী, ২০২০ সালে ডিজিটাল নিরাপত্তা আইনের ১৯৮টি মামলায় ৪৫৭ জনকে বিচারের আওতায় আনা হয়েছে ও গ্রেফতার করা হয়েছে। ৪১টি মামলার আসামি করা হয়েছে ৭৫ জন পেশাদার সাংবাদিককে। তাদের মধ্যে ৩২ জনকে বিচারের আওতায় আনা হয়েছে (নয়া দিগন্ত, ৭ মার্চ ২০২১)।

বাংলাদেশের এ কালাকানুনের ব্যাপক অপব্যবহারের মাধ্যমে সাংবাদিক, শিক্ষক, সংস্কৃতিকর্মী, কার্টুনশিল্পী ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিন্ন মতপ্রকাশকারীসহ নাগরিকদের ওপর নিপীড়ন ও হয়রানির সমালোচনা করে আন্তর্জাতিক সংবাদমাধ্যমে লেখা হচ্ছে 'ডিজিটাল হাইওয়ে বিকামস ডিজিটাল জেল'। এ আইনের অপব্যবহার করে সরকার ভিন্ন মত দমন ও স্বাধীন সাংবাদিকতার পথ রুদ্ধ করতে চাইছেন। সাংবাদিক, লেখক, কার্টুনিস্টসহ যেসব নাগরিক ডিজিটাল নিরাপত্তা আইনের শিকার হয়েছেন এবং হচ্ছেন, তাদের বেশির ভাগই জামিনে মুক্তির অধিকার থেকে অন্যায়ভাবে বঞ্চিত হচ্ছেন। কাউকে কাউকে রিমান্ডে নিয়ে শারীরিক-মানসিকভাবে নির্যাতন করা হয়েছে, এমন অভিযোগ পাওয়া যায়। সব আইন বিশেষজ্ঞদের অভিমত হলো, ডিজিটাল নিরাপত্তা আইনের অনেক ধারা বাংলাদেশের সংবিধানের মৌল চেতনা ও মতপ্রকাশ, অবাধ তথ্যপ্রবাহ এবং মৌলিক মানবাধিকার-সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক আইন ও বিধানের পরিপন্থী। কাজেই অসঙ্গতিপূর্ণ ধারাগুলো বাতিল করে সংবিধান ও আন্তর্জাতিক আইন বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে আইনটি সংশোধন করা আবশ্যক।

একটি কথা মনে রাখা দরকার, কোনো জাতির মেধার প্রসারতাকে রুদ্ধ করে দেয়ার চেষ্টার মানে হলো ওই জাতিকে ধ্বংস করে দেয়ার চেষ্টা। আবুল হোসেন সম্পাদিত 'শিখা' পত্রিকার নামপত্রে লেখা থাকা একটি উক্তি দিয়ে আজকের লেখাটির যবনিকা টানতে চাই। সেখানে যেমন লেখা থাকত- 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।'

তিন দফা সময় বাড়িয়েও

(শেষের পাতার পর)

থেকে সরে দাঁড়িয়েছেন বেশ কয়েকজন পরিচালক। আবার অনিয়মের অভিযোগে দুই পরিচালককে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশে বাদ দেওয়া হয়েছে।

যুগান্তরের অনুসন্ধান ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) তদন্তে প্রস্তাবিত ব্যাংকটির এসব অনিয়মের তথ্য উঠে এসেছে।

আরও জানা গেছে, প্রাথমিক সম্মতিপত্র পাওয়ার দুই বছর চলে গেলেও এখন পর্যন্ত মূলধন জমা দিতে পারেনি ব্যাংক কর্তৃপক্ষ। নানা অজুহাতে তিন দফা সময় বাড়িয়ে নেওয়া হয়েছে। প্রস্তাবিত প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠলেও রহস্যজনকভাবে নির্বিঘ্নে সময় বাড়ানোর বিষয়টি বিবেচনা করছে কেন্দ্রীয় ব্যাংক-এমন অভিযোগ সংশ্লিষ্টদের।

কেন্দ্রীয় ব্যাংকের কাগজপত্রে দেখা গেছে, তিন দফা সময় বাড়িয়েও পরিশোধিত মূলধনের অর্থ জমা করতে না পারায় প্রাথমিক সম্পত্তিপত্রও এখন বাতিলের শঙ্কায়। গত ৮ সেপ্টেম্বর বাংলাদেশ ব্যাংকের এক চিঠিতে বলা হয়েছে, 'বিশেষ বিবেচনায় আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত শেষবারের মতো সময় বৃদ্ধি করা হলো। বর্ধিত সময়ের মধ্যে প্রযোজ্য শর্তাবলি পূরণ করে লাইসেন্স গ্রহণের আবেদনে ব্যর্থ হলে ইস্যুকৃত 'লেটার অব ইনটেন্ট (এলওআই)' চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।'

এ বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র মো. সিরাজুল ইসলাম বৃহস্পতিবার মোবাইল ফোনে যুগান্তরকে বলেন, এলওআইয়ের শর্ত পূরণ করার জন্য প্রস্তাবিত পিপলস ব্যাংক তিন মাস সময় চায়। বোর্ড তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে সময় দিয়েছে। এ সময়ে তারা শর্ত পূরণ করতে না পারলে নিয়ম অনুযায়ী তাদের এলওআই বাতিল হয়ে যাবে।

মিথ্যা তথ্য দিয়ে সম্পত্তিপত্র নেওয়ার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, 'ব্যাংকটির আবেদনের নথিপত্রে কিছু গরমিল আছে। আমাদের নিজস্ব মেকানিজমে সবই বের হচ্ছে। বিদেশ থেকে ব্যাংকিং চ্যানেলের বাইরে কেউ টাকা এনে তা মূলধন হিসাবে দেখাতে চাইলে সেটিও ধরা পড়বে।' আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, প্রস্তাবিত ব্যাংকটির যারা পরিচালক, তাদের অ্যাকাউন্টে পর্যাপ্ত টাকা জমা নেই।'

সংশ্লিষ্ট নথিপত্রে দেখা গেছে, বাংলাদেশ ব্যাংকের ২০১৯ সালের ১৭ ফেব্রুয়ারীর পরিচালনা পর্ষদের সভায় বেঙ্গল কমার্শিয়াল, সিটিজেন ও পিপলস নামে নতুন তিনটি ব্যাংকের নীতিগত অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে দুটি ব্যাংক বাণিজ্যিক কার্যক্রম শুরু করলেও অস্তিত্ব সংকটে পিপলস ব্যাংক।

গোড়ায় গলদ: ব্যাংকটির আবেদন নথিতে আবুল কাশেম নিজেকে ২৩৬ ইস্ট সেকেন্ড স্ট্রিট ব্রুকলীন, নিউইয়র্কের বাসিন্দা ও একজন ব্যবসায়ী হিসাবে পরিচয় দেন। তার ব্যবসা প্রতিষ্ঠানের নাম কাশেম কন্ট্রাকটিং ইনক। সেখানে তার রিয়েল এস্টেট ব্যবসা আছে বলেও দাবি করা হয়। ১৫ বছর ধরে সেখানে তিনি ব্যবসা করেন। ২০১৮ সালের ২৭ এপ্রিল পর্যন্ত সেখানে তার ৫১ লাখ ২২ হাজার মিলিয়ন ডলারের সম্পদের তথ্য তুলে ধরা হয় আবেদনে।

এর মধ্যে ব্যাংকে নগদ ৬২ হাজার ১৫০ ডলার, লাইফ ইনসুরেন্স পলিসি ১১ হাজার ৩২২ ডলার, রিয়েল এস্টেট ব্যবসায় বিনিয়োগ ২১ লাখ ৬২ হাজার ডলারসহ বিভিন্ন খাতের ৫১ লাখ ৩৯ হাজার ১৬ ডলারের স্থাবর-অস্থাবর সম্পদের তথ্য দেওয়া হয়। বিপরীতে সেখানে ব্যাংকে তার দেনা দেখানো হয় ৫ হাজার ১২২ ডলার।

সংশ্লিষ্ট একাধিক সূত্র জানিয়েছে, প্রকৃতপক্ষে আমেরিকায় তার এত বিপুল পরিমাণ সম্পদ নেই। তার এই সম্পদ বিবরণীর নথিপত্র মিথ্যা তথ্য দিয়ে তৈরি করে কেন্দ্রীয় ব্যাংকে জমা দেওয়া হয়। এ কারণে লেটার অব ইনটেন্টের ৩ নম্বর শর্ত গত দুই বছরেও পূরণ করতে পারেননি আবুল কাশেম। ৩ নম্বর শর্তে বলা আছে, ব্যাংকের প্রস্তাবিত চেয়ারম্যান আবুল কাশেমের বাংলাদেশী নেটওয়ার্থের ৫৬ লাখ টাকা বাদে অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ যুক্তরাষ্ট্রে তার নেটওয়ার্থ হিসাবে প্রদর্শিত সম্পদ থেকে অর্জিত অর্থ ব্যাংকিং চ্যানেলে দেশে আনতে হবে।

নিউইয়র্কের 'পুরোনো বাংলাদেশী কমিউনিটির একজন নেতা নাম প্রকাশ না করার শর্তে গত ১৩ অক্টোবর বুধবার রাতে মোবাইল ফোনে বলেন, আবুল কাশেমের পক্ষে কেন্দ্রীয় ব্যাংকের এই শর্ত পূরণ করা কোনোভাবেই সম্ভব নয়। কারণ ব্যাংকে তিনি যে সম্পদের হিসাব জমা দিয়েছেন তার বেশির ভাগই মিথ্যা। এখন নিউইয়র্কে তার ব্যবসা বলতে কিছুই নেই। রিয়েল এস্টেট ব্যবসা দূরের কথা, তার নতুন বিল্ডিং বানানোর কোনো লাইসেন্সও নেই। পুরোনো ভবন রেন্যুভেশনের একটি লাইসেন্স থাকলেও নেই কাজকর্ম। ব্রুকলিনে একটি বাড়ি আছে। বাড়িটি তার ও স্ত্রীর যৌথ নামে। বাড়ি কেনার বিপরীতে ব্যাংক লোনও আছে। তিনি এখন 'বিগ ফিস'র পেছনে দৌড়াচ্ছেন। তার সঙ্গে কেউ যৌথ বিনিয়োগে গেলে নির্ঘাত প্রতারিত হবেন।

কে এই আবুল কাশেম: অনুসন্ধানে জানা গেছে, যুক্তরাষ্ট্র প্রবাসী আবুল কাশেমের বাড়ি সন্দ্বীপে। চট্টগ্রামের হালিশহরেও রয়েছে তার বাড়ি। দীর্ঘদিন ধরে তিনি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসবাস করেন। সেখানে কার সার্ভিসিং ও পুরোনো বাড়ি সংস্কার কাজের ব্যবসা রয়েছে তার। পাশাপাশি তিনি নিজেকে নিউইয়র্ক আওয়ামী লীগের নেতা হিসাবে পরিচয় দেন।

সেই সুবাদে আওয়ামী লীগ সরকারের সাবেক প্রভাবশালী একজন মন্ত্রীর সঙ্গে তার পরিচয় ও ঘনিষ্ঠতা হয়। ওই মন্ত্রীর আশীর্বাদে ব্যাংকের মালিক হওয়ার স্বপ্ন দেখেন তিনি। প্রথম দফায় ব্যর্থ হলেও দ্বিতীয় দফার চেষ্টায় প্রাথমিক সম্মতিপত্র বাগিয়ে নেন। এরপর রাজধানীর অভিজাতপাড়া হিসাবে পরিচিত বনানীতে ব্যাংকের অফিস খুলে ঘুরতে থাকেন বড় ব্যবসায়ী, শিল্পপতিদের দ্বারে দ্বারে। পরিচালক করার কথা বলে ফাঁদ পাতেন।

শুরুর দিকে এই উদ্যোগের সঙ্গে জড়িত একটি বেসরকারি ব্যাংকের সাবেক শীর্ষ কর্মকর্তা জানান, ব্যাংকিং ব্যবসা এখন আর তেমন লাভজনক নয়। তবে অনেক নব্যধনী 'জাতে উঠতে' ব্যাংকের পরিচালক হতে মুখিয়ে থাকেন। তাদের এখন পরিচালক করার চেষ্টা করছেন আবুল কাশেম। এমন ব্যবসায়ীদের কাছে টানতে পারলেই কেবল বেঁধে দেওয়া সময়ের মধ্যে ব্যাংকটির কার্যক্রম শুরু হতে পারে।

ফাঁদে পা দিয়েছেন যারা: সংশ্লিষ্টরা জানান, বর্তমানে নতুন ব্যাংক করতে ৪০০ কোটি টাকা মূলধন দরকার। প্রাথমিক সম্মতিপত্র পাওয়ার পরই এই মূলধন সংগ্রহ করতে নানামুখী তৎপরতা শুরু করেন আবুল কাশেম। তার ফাঁদে পা দিয়ে উদ্যোক্তা হিসাবে যুক্ত হন মেঘনা ব্যাংকের সাবেক ভাইস চেয়ারম্যান আবদুল আলিম, খান ব্রাদার্স গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তোফায়েল কবির খান, তমা কনস্ট্রাশনের পরিচালক মুকিতুর রহমান, কার সিলেকশনের কর্ণধার আসলাম সেরনিয়াবাত এবং জাকির হোসেন পাটোয়ারী, সামিহা আজিম, তাসলিমা ইসলামসহ বাংলাদেশি ও প্রবাসী বেশ কয়েকজন ব্যবসায়ী।

যদিও আবুল কাশেমের আর্থিক টানাটানি ও টালবাহানা টের পেয়ে এদের কয়েকজন এক পর্যায়ে সরে পড়েন। এছাড়া ফার্স্ট সিকিউরিটি ব্যাংক থেকে ঋণ নিয়ে পিপলস ব্যাংকে ১০ কোটি টাকা মূলধন বিনিয়োগ করেছিলেন একটি বেসরকারি ব্যাংকের শীর্ষ কর্মকর্তা শহীদুল আহসান। তার মালিকানাধীন এজি অ্যাগ্রোর প্রতিনিধি হিসাবে মেয়ে রাহনুমা আহসানকে পরিচালক করতে চেয়েছিলেন আবুল কাশেম। নিয়ম অনুযায়ী, কর পরিশোধ করা আয়কেই শুধু মূলধন হিসাবে দেখানো যায়। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) তদন্তে এই অনিয়ম চিহ্নিত হওয়ায় তাকে বাদ দেওয়া হয়।

এ ব্যাপারে গত ৭ অক্টোবর শহিদুল আহসান মোবাইল ফোনে বলেন, এই ব্যাংক প্রতিষ্ঠার প্রক্রিয়ার সঙ্গে তিনি এখন আর নেই। তার বিনিয়োগ করা টাকাও তুলে নিয়েছেন। আর কোনো মন্তব্য করতে রাজি হননি তিনি। একইদিন বিকালে খান ব্রাদার্স গ্রুপের এমডি তোফায়েল কবির খান ফোনে যুগান্তরকে বলেন, শুরুতে বাংলাদেশ ব্যাংকে জমা দেওয়া পরিচালকদের তালিকায় তার নাম ছিল। কিন্তু নানা কারণে মান-ইজ্জত রক্ষায় তিনি এখন আর পিপলস ব্যাংকের কোনো কর্মকান্ডর সঙ্গে জড়িত নেই।

এছাড়া প্রস্তাবিত ব্যাংকটির পরিচালক কার সিলেকশনের কর্ণধার আসলাম সেরনিয়াবাত পিপলস ব্যাংক গঠনের প্রক্রিয়ার সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করে বলেন, ব্যাংকটির পরিচালক হতে গিয়ে এখন মানসম্মান রক্ষা করাই দায়। এক-দুজন পরিচালকের বিরুদ্ধে তথ্য গোপনের অভিযোগে কেন্দ্রীয় ব্যাংক তাদের বাদ দিয়েছে বলে শুনেছি। আমি গত কয়েক বছর সর্বোচ্চ করদাতাদের একজন হয়েও আমাকে নানা প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে। অনেকেই ফোন করে জানতে চান আমাদের ব্যাংক কবে রান করবে। তাদের কোনো জবাব দিতে পারি না। ব্যাংকটির উদ্যোক্তা চেয়ারম্যান কাশেম সাহেব জানেন তিনি কীভাবে কী করছেন। মিথ্যা তথ্য দিয়ে প্রাথমিক সম্মতিপত্র পাওয়ার বিষয়টি জানেন কিনা-এমন প্রশ্নের জবাবে আসলাম সেরনিয়াবাত বলেন, 'এ ব্যাপারে আমার কিছু জানা নেই। তবে কেউ মিথ্যা তথ্য দিয়ে থাকলে প্রচলিত আইন অনুযায়ী সরকার অবশ্যই তার বিরুদ্ধে ব্যবস্থা নেবে।'

পরিচালকের তালিকায় নাম থাকা মেঘনা ব্যাংকের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল আলিম ফোনে যুগান্তরকে বলেন, 'ব্যাংকটির উদ্যোক্তা চেয়ারম্যান আবুল কাশেম সাহেবকে আমি চিনতাম না। পিপলস ব্যাংক প্রতিষ্ঠার প্রক্রিয়ার সঙ্গে জড়িয়ে তাকে চিনেছি। এখন আর এর সঙ্গে আমি নেই। আমি শুধু বলব, এলওআই পাওয়ার পরও কোনো ব্যাংক যদি বাণিজ্যিক কার্যক্রম শুরু করতে না পারে তাহলে তা দুঃখজনক।'

মিথ্যা তথ্য দিয়ে ব্যাংকের সম্মতিপত্র নেওয়া ও পরিচালক নিয়োগ নিয়ে নানামুখী তৎপরতা সম্পর্কে জানতে গত ৩০ সেপ্টেম্বর দুপুরে আবুল কাশেমের মোবাইল ফোনে কল করে সময় চাইলে করোনা পরিস্থিতির কারণে তিনি কোনো ভিজিটরের সঙ্গে দেখা করেন না বলে জানান। তখন এ প্রতিবেদক ফোনেই তার বক্তব্য জানতে চাইলে মিটিংয়ের অজুহাতে এড়িয়ে যান। কখন ফোন করলে কথা বলা যাবে-জানতে চাইলে এক সপ্তাহ পর কল করতে বলেন।

এক সপ্তাহ পর ৭ অক্টোবর দুপুর থেকে বিকাল পর্যন্ত একাধিকবার তার মোবাইল ফোনে কল করা হলেও তিনি রিসিভ করেননি। ওইদিন (৭ অক্টোবর) তার হোয়াটসঅ্যাপে নির্ধারিত তিনটি প্রশ্ন লিখে বক্তব্য জানতে চেয়ে বার্তা পাঠানো হয়। বার্তাটি তিনি দেখেছেন-তা নিশ্চিত হওয়া গেছে এই প্রতিবেদকের হোয়াটসঅ্যাপের স্ক্রিনে ওঠা নির্ধারিত সংকেতের মাধ্যমে। কিন্তু এ রিপোর্ট লেখা পর্যন্ত তিনি কোনো জবাব দেননি।

এর আগে গত ১২ অক্টোবর মঙ্গলবার বেলা ১১টার দিকে বনানী ডিওএইচএসে প্রস্তাবিত ব্যাংকটির অফিসে গিয়েও তাকে পাওয়া যায়নি। অফিসের স্টাফ পরিচয়ে মোমরেজ নামের এক যুবক জানান, 'স্যার (আবুল কাশেম) অফিসে আসেননি। বাসায় আছেন।' গুলশান ১০৯ নম্বর রোডের বাসায় গিয়ে তাকে পাওয়া যায়। কলিংবেল বাজালে ভেতর থেকে এ প্রতিবেদকের পরিচয় নিশ্চিত হওয়ার পর দরজা না খুলেই ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে আবুল কাশেম বলেন, 'আপনি আমার বাসায় এলেন কীভাবে। আমি আপনার সঙ্গে কথা বলব না।'

এরপরও দরজার বাইরে থেকেই তার হোয়াটসঅ্যাপে পাঠানো প্রশ্নের ব্যাপারে বক্তব্য জানতে চাইলে তিনি বলেন, 'আমি কোনো রাজনৈতিক নেতা নই যে, আমার বক্তব্য কোনো নিউজ হতে পারে। সুনির্দিষ্ট প্রশ্নের জবাব না দিয়ে উলটো এ প্রতিবেদক কেন বাসায় তার বক্তব্য আনতে গেলেন-তা নিয়ে প্রশ্ন তুলে প্রতিবেদককে চলে যেতে বলেন আবুল কাশেম।

সাপ্তাহিক বাংলা পত্রিকা ২৬ বছরে
The Weekly Bangla Patrika

আফগানিস্তান : তালেবানি শাসনে নারীর ক্রীড়াচর্চা

ইকরামউজ্জমান

যুক্তরাষ্ট্র এবং তার মিত্ররা ২০০১ সালে আফগানিস্তান দখল করে বড় স্বপ্ন দেখেছিল। বৃহৎ পরিকল্পনার আওতায় দেশ শাসন এবং নতুন চিন্তাভাবনায় শাসন কাঠামো গড়ে তোলার সেই চেষ্টা ফ্যাকাসে হতে বেশি সময় লাগেনি। এর পরও যুক্তরাষ্ট্র হাল ছাড়েনি। চেষ্টা করেছে তালেবানকে বাগে আনতে বিভিন্ন কৌশল, এমনকি বারবার সামরিক শক্তি ব্যবহার করে। শেষ পর্যন্ত সব ধরনের চেষ্টা ব্যর্থ এবং নিজেদের নিয়ন্ত্রণ ক্ষমতা ক্রমেই প্রশ্নবিদ্ধ হয়ে পড়ায় তালেবানের সঙ্গে চুক্তি করে তাদের কাছে ক্ষমতা হস্তান্তর করে যুক্তরাষ্ট্র এবং তার মিত্ররা আফগানিস্তানের বিরাট জনগোষ্ঠীকে পুরোপুরি অনিশ্চয়তা, শঙ্কা এবং মহাবিপদে ঠেলে দিয়ে আফগানিস্তান ছেড়েছে পরাজয়ের গ্লানি নিয়ে।

যুক্তরাষ্ট্রসহ ন্যাটো বাহিনীর সৈন্য প্রত্যাহারের পর তালেবান পুনরায় ক্ষমতা দখল করেছে। তারা অন্তর্বর্তীকালীন সরকার গঠন করেছে কট্টরপন্থিদের নিয়ে। এদের মধ্যে উচ্চশিক্ষিত থাকলেও এরা নিজস্ব ধ্যান-ধারণায় পরিবর্তনে বিশ্বাসী নন। বরং এদের ভেতরে পোষণ করা রূপ এবার প্রকাশ পেয়েছে। এ ক্ষেত্রে নারীদের শিক্ষা, চাকরি, সংস্কৃতি, ক্রীড়াচর্চা এবং বিনোদনের ক্ষেত্রে বিরোধিতা ওত্র কঠোর মনোভাব। যারা ভেবেছিলেন, নারীদের বিভিন্ন বিষয়ে তালেবানের মন-মানসিকতায় পরিবর্তন আসবে; বিশ্ব দেখবে আগের তালেবান আর এখনকার তালেবান এক নয়- তাদের আশা এবং পর্যবেক্ষণ ভুল প্রমাণিত হয়েছে। নারীদের বিভিন্ন বিষয়ে তালেবান শক্ত অবস্থান এবং বিরোধিতার মধ্যেই আছে। তবে তাদের সুযোগ ছিল নারীদের মৌলিক এবং মানবিক অধিকারের ক্ষেত্রে উদারতা দেখানোর, যেটি বর্তমান বিশ্বে সৌদি আরব, ইরানসহ অন্যান্য দেশে পরিলক্ষিত। সেখানে পড়াশোনার পাশাপাশি নারীরা বিভিন্ন সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রমে অংশ নিতে পারছে।

তালেবান ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে নারীরা সবচেয়ে বেশি বিপদের সম্মুখীন। আতঙ্ক, অনিশ্চয়তা, শাস্তির ভয় এবং মৃত্যুজনিত নিরাপত্তাবোধের অভাবে হাজার হাজার নারী-পুরুষ-শিশু (এর মধ্যে নারী ও পুরুষ খেলোয়াড় এবং ক্রীড়াবিদ অন্তর্ভুক্ত) যে যেভাবে পেরেছেন দেশ ছেড়েছেন। আফগানিস্তানের জাতীয় যুবদলের ফুটবলার ১৯ বছরের জাকি আনওয়ারি মরিয়া হয়ে দেশ ছাড়তে চেয়েছিলেন উড়োজাহাজের পাখার নিচে লুকিয়ে থেকে। শেষ পর্যন্ত তার মৃত্যু হয়েছে করুণভাবে। আফগানিস্তানের নারীরা ঘরোয়া ছাড়াও আন্তর্জাতিক পর্যায়ে দেশকে প্রতিনিধিত্ব করতেন ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল, অ্যাথলেটিজম, ভলিবল, ভারোত্তোলন, জুডো, কারাতে, সাঁতারসহ বিভিন্ন খেলায়। তালেবান ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে ভীত-সন্ত্রস্ত হয়ে নারী ফুটবলার কেউ



কেউ তাদের বুট, জার্সি, ট্র্যাকস্যুট ও খেলার ছবি পুড়িয়ে ফেলেছেন। আত্মগোপনে যেতে বাধ্য হয়েছেন। একজন জুডোকা তার জুডোর পোশাক এবং বেল্ট টুকরো টুকরো করে কেটে মাটিতে পুঁতে ফেলেছেন, যাতে তলেবান ঘরে ঢুকলে এগুলো দেখতে না পায়।


ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD
KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।


রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

লস এঞ্জেলেস পুলিশ প্রধানের সঙ্গে বাফলা নেতৃবৃন্দের বৈঠক

৯১১ নাম্বারেও মিলছে বাংলায় সেবা



ক্যারিফের্নিয়া থেকে সংবাদদাতা: যুক্তরাষ্ট্রে নতুন প্রবাসী কিংবা অভিবাসীরা প্রথম যে সমস্যাগুলো মোকাবিলা করেন তার মধ্যে অন্যতম ইংরেজি ভাষায় কম দক্ষতার বিষয়টি। তারা দেশটিতে পৌঁছানোর পর আইনি, চিকিৎসা, পারিবারিক বা অন্য যেকোনো জরুরি সমস্যায় সাহায্যের জন্য অনেক ক্ষেত্রেই গুছিয়ে তাদের সমস্যার কথা ইংরেজিতে বলতে পারেন না।

এক্ষেত্রে সরকারি দফতরে ট্রান্সলেটর বা দোভাষী নিয়োগ বিষয়ে আলোচনা করতে সম্প্রতি বাংলাদেশ ইউনিটি ফেডারেশন অব লস এঞ্জেলেস-বাফলা'র নেতৃবৃন্দ এক ভার্চুয়াল বৈঠকে বসেছে লস এঞ্জেলেস পুলিশ ডিপার্টমেন্টর (এলএপিডি) কর্মকর্তাদের সাথে। ভার্চুয়াল সভায় এলএপিডি জানায়, জরুরি জাতীয় নম্বর ৯১১ এর মাধ্যমে এখনো চাইলে ইংরেজিতে একটু কম দক্ষ যে কেউ বাংলা ভাষার অপশন ব্যবহার করে বাংলায় নিজের সমস্যার কথা জানতে পারবেন। যদিও লস এঞ্জেলেসে বসবাসরত বাংলাদেশী কমিউনিটির অনেকেই এ তথ্যটি সম্পর্কে অবগত নয়।

গত ২৮ অক্টোবর বৃহস্পতিবার, বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত বৈঠকে এলএপিডির পুলিশ প্রধান মাইকেল মুর, ৯১১ এর অপারেটর ও অন্যান্য শীর্ষ কর্মকর্তাসহ উপস্থিত ছিলেন। বাফলার বর্তমান সভাপতি শিপার চৌধুরী ও সেক্রেটারি লেফটেন্যান্ট জিয়া ইসলাম, বাফলার প্রথম সভাপতি ডা. আবুল হাসেম, বাফলার ফাউন্ডার ড. মাহবুব খান, বাফলার সাবেক সভাপতি জসিম আশরাফী, বাফলার ফাইন্যান্স সেক্রেটারি ফারুক হাওলাদার, বাফলার অর্গানাইজিং সেক্রেটারি খোরশেদ আলম রতন, বাফলার পাবলিক রিলেশন্স সেক্রেটারি আব্দুস সামাদ, জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্নিয়ার নবনির্বাচিত সভাপতি আবুল হাসনাত রায়হান, সেক্রেটারি সৈয়দ নাসির উদ্দিন জেবুল ও সদ্য বিদায়ী সেক্রেটারি বদরুল আলম মাসুদ, আমেরিকান অ্যাসোসিয়েশন অব বাংলাদেশি ইঞ্জিনিয়ার্স অ্যান্ড আর্কিটেক্টস (এএবিইএ) সাউদার্ন ক্যালিফোর্নিয়া চ্যাপ্টার সভাপতি ইঞ্জিনিয়ার শহিদ আলম ও অন্যান্যরা।

বাফলার প্রেসিডেন্ট শিপার চৌধুরী বক্তব্যের শুরুতে পুলিশ প্রধানসহ ঊর্ধ্বতন কর্মকর্তাদের আলোচনায় স্বাগতম জানান।

শিপার চৌধুরী কমিউনিটির যেকোনো স্বার্থে পুলিশ সাথে কাজ করার আগ্রহ প্রকাশ করে বলেন, "আজকের এই মিটিং এর মাধ্যমে পুলিশ বিভাগের সাথে আমাদের গভীর সম্পর্ক স্থাপন হলো। বাংলাদেশি কমিউনিটি লস এঞ্জেলেসের অগ্রযাত্রায় দীর্ঘ সময় ধরে অবদান রেখে যাচ্ছে। তাদেরও শান্তি ও নিরাপদে বসবাসে পাশে থেকেছে এলএপিডি'র পুলিশ সদস্যরা।"

এছাড়া, যুক্তরাষ্ট্রের 'হেট ক্রাইম' বেড়ে যাওয়ায় কমিউনিটির প্রতিনিধিরা তাদের উদ্বিগ্নতার কথা জানান। সে বিষয় নিয়েও কথা বলেন পুলিশ কর্মকর্তারা। ভার্চুয়াল আলোচনায় এলএপিডি প্রধান মাইকেল মুর বলেন, 'বাংলাদেশী কমিউনিটির বাসিন্দারা শান্তি প্রিয়, তারা আইন মেনে চলে এবং তাদের প্রতি আমারও শ্রদ্ধা আছে। অপরাধ কমিয়ে আনতে কমিউনিটির সচেতনতা গুরুত্বপূর্ণ। আমরাও চাইব এলএপিডিতে আরো বাংলাদেশীরা কমিউনিটির বাসিন্দারা যোগ দিক।'

আলোচনায় মাইকেল মুর কমিউনিটির জন্য পুলিশের বিভিন্ন মানবিক পদক্ষেপ তুলে ধরেন ও বাফলার প্রেসিডেন্ট শিপার চৌধুরী তাকে আসন্ন কমিউনিটির প্যারেডে উপস্থিত থাকার অনুরোধ করলে তিনি তাতেও সম্মতি দেন। বৈঠকে অফিসাররা জানান, বাংলাদেশী বংশোদ্ভুতরা চাইলে তাদের প্রয়োজনে ৯১১ এর মাধ্যমে বাংলা ভাষার অপশন ব্যবহার করতে পারবেন। বৈঠকে তারা বাংলা ভাষায় জরুরি সেবা নিয়ে একটি প্রেজেন্টেশনও উপস্থাপন করেন। বাফলার নেতৃবৃন্দ মত দেন, এ সেবার বিষয়টি এখন লস এঞ্জেলেস এর বাংলাদেশি কমিউনিটিতে সবার মধ্যে ছড়িয়ে দিতে হবে।

বাফলা'র পাবলিক রিলেশন্স সেক্রেটারি ও এলএ বাংলা টাইমসের সিইও আব্দুস সামাদ তার বক্তব্যের শুরুতে পুলিশ প্রধানকে এলএপিডিতে তার দক্ষতা ও সফল নেতৃত্বের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, "দীর্ঘদিন যাবৎ এলএ বাংলা টাইমস কমিউনিটির জন্য কাজ করে

লস এঞ্জেলেসের বাসিন্দারা মাসিক ১ হাজার ডলার পাবেন: শীঘ্রই আবেদন শুরু



ক্যালিফোর্নিয়া থেকে সংবাদদাতা: লস এঞ্জেলেসের বাসিন্দাদের জন্য এক বছর মেয়াদী পাইলট গ্যারান্টেড প্রোগ্রামের আওতাধীন মাসিক এক হাজার ডলার প্রাপ্তির আবেদন শুরু হচ্ছে। গত শুক্রবার (২৯ অক্টোবর) থেকে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। এই প্রোগ্রামের নাম বিগ:লিপ। এর আওতায় ৩ হাজার ২০০ জন বাসিন্দাকে ১ বছরের জন্য বিনাশর্তে ১ হাজার ডলার করে প্রদান করা হবে। প্রাপ্ত অর্থ খরচের জন্য কোনো ধরণের বাধ্যবাধকতা থাকবে না।

সিটি মেয়র এরিক গারসেটি এক বিবৃতিতে গত ২৭ অক্টোবর, বুধবার বলেন, 'এটি আমেরিকার যেকোনোটির থেকে বৃহত্তর গ্যারান্টেড বেসিক ইনকাম প্রোগ্রাম'। এই প্রোগ্রামের জন্য আবেদন করতে হবে| গত ২৯ অক্টোবর শুক্রবার থেকে আবেদন প্রক্রিয়া শুরু হয়ে চলবে ৭ নভেম্বরের পর্যন্ত। আবেদনের ঠিকানা- bigleap.lacity.org

ঐচ্ছিক ভিত্তিতে বাসিন্দাদের এই অর্থ প্রদান করা হবে| আবেদনকারীকে লস এঞ্জেলেসের বাসিন্দা হতে হবে ও ১৮ বছরের বেশি বয়েসী হতে হবে। সেই সাথে পরিবারে অন্তত একজন পোষ্য বা গর্ভবতী থাকতে হবে| করোনাকালের আয় ফেডারেল ইনকাম ধাপ থেকে নিচে নেমে গেছে কিংবা কোনো মেডিকেল জটিলতা রয়েছে, তাদের অর্থ প্রদান করা হবে।

২০২১-২০২২ অর্থ বছরে মেয়র এরিক গারসেটি ২৪ মিলিয়ন ডলারের বেসিক গ্যারান্টেড ইনকাম প্রজেক্ট প্রস্তাবনা করেন। এটির নাম হয় 'নো কোয়েশ্চান আস্ক'। পরবর্তী আরো বর্ধিত বাজেটের মাধ্যমে এর পরিমাণ হয় ৩৮ মিলিয়ন ডলারে। এর আগে গত ২৬ অক্টোবর মঙ্গলবার দ্য সিটি কাউন্সিল ভোটের মাধ্যমে গ্যারান্টেড ইনকাম পাইলট প্রোগ্রামের ফান্ডে এটি বরাদ্দ করে।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহ:
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.

Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❋ ফিজিক্যাল এক্সাম ❋ স্কুল ও কলেজের জন্য টীকা ❋ টি.এস.সি এক্সাম ❋ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❋ ডায়াবেটিস ❋ উচ্চ রক্তচাপ ❋ থাইরয়েড ❋ এজমা ❋ বাতের ব্যথা ❋ পেপটিক আলসার ❋ টেনশন এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে ব্লক পরীক্ষা, ইকোজি, স্পাইরোমেট্রি, মেমোগ্রাফি, টিবি টেস্ট, কাল ভুটা করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, HIS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্সুরেন্স নেই তাদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্সুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার : সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার : সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. ফ্রী স্ট্রীট 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালটেন্ট

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এষ্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংড়ভরধ খড়পধারড়হ
২৮-৫৭ ক্বাবরহধু ক্বাবরবহ,
অংড়ভরধ, ঘঢ
ঘ রংবরহ ঢড় ৩০ অব. ক্বাবরড়হ
প্রবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

Representation taxpayers IRS & State tax audit.

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

37-20 74th Street. 2nd Floor. Jackson Heights

বিড়ালের আদিখ্যেতা, বাঘ হওয়ার ব্যর্থ চেষ্টা



গোলাম মাওলা রনি

বিড়াল সম্পর্কে আমার বাস্তব অভিজ্ঞতা একেবারেই কম। আমি নিজে যেমন বিড়াল পছন্দ করি না তেমনি বিড়ালরাও সম্ভবত আমাকে তেমন একটা পছন্দ করে না। বিড়ালরা আমাকে কেন পছন্দ করে না সেটি আমি বলতে পারব না বটে; তবে আমি কেন এদের পছন্দ করি না সেটি বলতে পারি। এই প্রাণীটি সম্পর্কে সর্বপ্রথম আমার বিরক্তির উদ্রেগ হয় শৈশবকালে। আমাদের বাড়িতে একটি বেহায়া বিড়াল ছিল, যাকে ফরিদপুরের আঞ্চলিক ভাষায় বলা হতো ছোঁচা বিলাই। প্রমিত বাংলায় ছোঁচা শব্দের অর্থ লোভী। তবে সাধারণ লোভ এবং আঞ্চলিক শব্দ ছোঁচার প্রতিশব্দ লোভ এক জিনিস নয়। সাধারণ লোভের বৈশিষ্ট্য হলো- লোভ বেশির ভাগই মনের মধ্যে থাকে। কিছু লোভের কারণে জিহ্বায় লালা চলে আসে এবং শরীরে উত্তেজনা দেখা দেয়। অন্য দিকে কিছু লোভের কারণে জিহ্বা বের হয়ে আসে এবং লোভনীয় বস্তু লেহন না করা পর্যন্ত জিহ্বা মুখের মধ্যে ঢোকে না। আপনি যতই লাথি-গুঁতো, কিল-ঘুষি মারুন অথবা অপমান করুন তাতে লোভের জিহ্বায় কিছুই হবে না- ওটি তার লেহনকর্ম করেই ছাড়বে এবং বিড়ালের লোভ যখন এই পর্যায়ে পৌঁছে তখনই কেবল সেটিকে ছোঁচা বিলাই বলা হয়ে থাকে।

আমাদের বাড়ির ছোঁচা বিলাইয়ের যন্ত্রণায় আমরা যার-পরনাই অস্থির হয়ে পড়েছিলাম। রান্না করা খাবারে মুখ দেয়ার সব অপকৌশল সে জানত। ফলে আমাদের খাবার যে বিড়াল এঁটো করে দিত সেই সন্দেহ নিয়েই আমরা খাবার খেতাম। অন্য দিকে তার দুর্বৃত্তপনাও ক্রমেই বেড়ে চলেছিল। খাবারের প্লেট থেকে মাছ-গোশত ছিনতাই করা, শিশুদের ক্যাচ ক্যাচ শব্দ করে ভয় দেখানো এবং তাদের খাবার কেড়ে নেয়া ছাড়াও নির্বিচারে সবাইকে আঁচড় দিয়ে আহত করা তার অভ্যাসে পরিণত হয়েছিল। কোনো শাসন, লাঠিপেটা অথবা অন্য কোনো আঘাতে তাকে কাবু করা যাচ্ছিল না। এ অবস্থায় তাকে মারাত্মক আহত করা বা মেরে ফেলা ছাড়া কোনো বিকল্প ছিল না। কিন্তু এটা করা অসম্ভব ছিল। কারণ প্রাণী হত্যা করে মহাপাপী হয়ে দোজখে যাওয়ার ঝুঁকি নেয়ার মতো কোনো লোক আমাদের বাড়িতে ছিল না।

উল্লিখিত অবস্থায় বিড়ালটিকে বস্তায় ভরের সাত-আট মাইল দূরের কোথাও ফেলে দিয়ে আসার জন্য আমার ছোট কাকাকে দায়িত্ব দেয়া হলো। তিনি নির্দিষ্ট দিনে কাজটি করলেন এবং অত্যন্ত খুশি মনে বাড়ি ফিরে এলেন। পরের দিন দুপুর বেলায় আমরা সবাই খোশ মেজাজে মধ্যাহ্ন ভোজনে যখন ব্যস্ত ছিলাম তখন লক্ষ্য করলাম যে ছোঁচা বিলাইটি ফিরে এসেছে। আমার শৈশবের এই স্মৃতির কারণে আমি বিড়াল থেকে নিজেকে তেত্রিশ গজ দূরে রাখার চেষ্টা করেছি। কিন্তু ১৯৯৪ সালের পর আমি আর সেটি পারিনি। কারণ আমার বড় সন্তানটি প্রচন্ড বিড়ালভক্ত হয়ে জন্ম নিলো এবং শিশুকাল থেকেই বিড়াল সান্নিধ্য তার জন্য অপরিহার্য হয়ে পড়ল। ফলে পুত্রের আবদারে আমি বিড়াল কিনে আনতে বাধ্য হলাম। আমার স্ত্রীর আমার মতোই বিড়ালের বিষয়ে কোনো আগ্রহ ছিল না। কিন্তু পুত্রসন্তানের আগ্রহের কারণে তিনি বিড়ালের যত্নআত্তি করতেন এবং বিড়ালের বিষ্ঠা পরিষ্কার করতেন। এভাবেই ২০০৫ সাল অবধি চলল। ইতোমধ্যে আমার বড় পুত্র বয়সে বালকে উন্নীত হলো এবং কন্যাটি শিশু থেকে নাবালিকাতে পরিণত হলো। তারা লেখাপড়া বাদ দিয়ে বিড়াল নিয়ে বেশি সময় কাটাতে ভালোবাসত। ফলে আমার স্ত্রী একদিন রাগ করে আমাকে একখানা কড়া নোটিশ দিলেন। তিনি বললেন- তোমার আদারের ছেলে-মেয়েদের বলে দাও- আমি আর বিড়ালের গু পরিষ্কার করতে পারব না। স্ত্রী মহোদয়ার রেড অ্যালার্টটি আমি পুত্র-কন্যাকে জানালাম। তারা তখন মহাচিন্তায় পড়ে গেল। কিভাবে নিরাপদে বিড়ালের বর্জ্য পরিষ্কার করা যায় তা নিয়ে বালক পুত্র এবং নাবালিকা কন্যা বহু চিন্তা-ভাবনা ও গবেষণা করে এক উপায় বের করল।

তারা গোপনে নিউ মার্কেট থেকে কালো চশমা এবং রাবারের হাত মেজো কিনে আনাল। তারপর সেই চশমা পরে এবং মোজা হাতে দিয়ে যেই না বিড়ালের গুয়ের ওপর হাত রাখল ওমনি ভাইবোন একসঙ্গে ভক করে বমি করে দিলো। ফলে আমার বাসার যে অংশটি বিড়ালের গু দ্বারা অপরিচ্ছন্ন ছিল সেখানে মনুষ্য বমনযুক্ত হয়ে এক বীভৎস পরিস্থিতি সৃষ্টি করল, আমি রাতে যখন বাসায় ফিরলাম তখন বাসার তাপমাত্রা কত ডিগ্রিতে ছিল তা নিশ্চয়ই আপনাদের বলতে হবে না। আমি সে রাতে খুব বুদ্ধিমানের মতো আচরণ করলাম এবং বাসায় বিড়াল নিষিদ্ধ করলাম। এ ঘটনার পর বহু বছর চলে গেছে।



আমার বড় ছেলেটি এখন বিদেশে আছে। মেয়েটির বিয়ে হয়েছে এবং তৃতীয় ছেলে সন্তানটি ঢাকা কলেজে একাদশ শ্রেনীতে পড়ছে। আমি যখন বিড়ালসংক্রান্ত আমার অতীত স্মৃতি ভুলতে বসছিলাম তখন মাস কয়েক আগে দেখি সংসারে বিড়াল নিয়ে ইতিবাচক কথাবার্তা হচ্ছে। করোনাকালে স্কুল-কলেজ বন্ধ থাকায় ছেলেটি আমার সময় পেলেই টিভি দেখা এবং কম্পিউটার গেম খেলায় মত্ত হয়ে ওঠে। মেয়েটি যখন শ্বশুরবাড়ি থেকে বাপের বাড়িতে বেড়াতে আসে তখন সে তার ছোট ভাইয়ের প্রভাবে সেই ২০০৩-০৪ সালের মতো নাবালিকা হয়ে যায় এবং একসঙ্গে টিভি দেখা ও গেম খেলায় ভাইবোনে প্রতিযোগিতা করে।

উল্লিখিত সমস্যা নিয়ে আমার স্ত্রী যখন তার প্রবাসী জ্যেষ্ঠ পুত্রের পরামর্শ চায় তখন আমার বিদ্বান পুত্র বিলাই থেরাপির কথা বলে তার মাকে বুঝানোর চেষ্টা করে যে, বিড়াল একটি অলৌকিক প্রাণী। এটি মানুষের মনের দুঃখ-কষ্ট টেনে নেয়ার ক্ষমতা রোখে। যে ঘরে বিড়াল থাকে সেখানে জিন-ভূত-প্রেত ঢুকতে পারে না। অধিকন্তু বিড়াল লালন পালনের মাধ্যমে শিশু-কিশোরদের চরিত্রে একধরনের দায়িত্ব ও কর্তব্য বোধ সৃষ্টি হয়। এসব কথা শোনার পর আমার স্ত্রী বিড়াল আমদানির বিষয়ে নমনীয় হয়ে পড়েন এবং ভারতীয় চ্যানেলের বধূদের আদলে আমার কাছে আবদার করে বলেন, ওগো! শুনেছ! বিড়ালের নাকি মন ভালো করার ক্ষমতা আছে- ভূত তাড়ানোর যোগ্যতা আছে এবং তারা নাকি ছেলেমেয়েদেরকে ভালো মানুষে পরিণত করে দিতে পারে। আমি তার কথা শুনে শুধু বললাম- হুম! ব্যাস! এটুকুই। পরের দিন অফিস থেকে বাসায় ফিরে দেখি একটি রুগ্ণ শীর্ণ নবজাতক বিড়ালছানা বাসার মধ্যে মিউ মিউ করছে- আর আমার ছেলেমেয়ে সেটিকে সাত রাজার ধন মণি-মাণিক্যের মতো যত্নআত্তি শুরু করেছে। গত কয়েক মাসের ব্যবধানে উল্লিখিত বিড়ালছানাটি বেশ বড়সড় হয়েছে এবং সবার যত্নআত্তি পেয়ে রীতিমতো বাঘের মতো তর্জন গর্জন শুরু করেছে। তার জন্য বিভিন্ন খেলনা কেনা হয়েছে। সে বাঘের মতো ভাব নিয়ে সেসব খেলনা শিকার করে এবং খেলনাগুলোকে কামড় দিয়ে মুখে তুলে নিয়ে পুরোঘর হেলে দুলে এমনভাবে ঘুরে বেড়ায় যা দেখে মনে হতে পারে সে একটি হরিণ শিকার করেছে এবং শিকারের বস্তুটিকে টেনে নিয়ে যাচ্ছে। আমার ছেলেটি বিড়ালটিকে কাঁধের উপর চড়িয়ে এমন একটা ভাব নিয়ে ঘরের মধ্যে হাঁটে যা দেখে মনে হয় সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগারকে বশ মানিয়ে মহাবীর শেরখান সম্রাট জাহাঙ্গীরের রাজদরবার ত্যাগ করে আমার ঘরে তসরিফ এনেছেন। আমার কন্যাটি বিড়ালটিকে প্রায়ই সাজুগুজু করায় লিপস্টিক, কাজল ইত্যাদি দিয়ে। তারপর ছবি তুলে ফেসবুকে পোস্ট দেয়। সেটি দেখে আমার জামাই বাবাজি আবার বিড়ালটির গুণগান সমেত বিরাট আরেকটি প্রশংসাসূচক গদ্য রচনা তৈরি করে ফেসবুকে পোস্ট দেয়।

ছেলেমেয়ের সাথে পাল্লা দিয়ে আমার স্ত্রীও বিড়ালকে আদর-আপ্যায়ন করে এবং তারা অর্থাৎ আমার ছেলেমেয়ে এবং স্ত্রী প্রায়ই মৃদু বিতর্ক শুরু করে বিড়ালের তুলনামূলক ভালোবাসা নিয়ে। তারা পরস্পরের কাছে জানতে চায় বিড়াল আসলে কাকে বেশি ভালোবাসে! এ ব্যাপারে আমার ছেলেমেয়ে তাদের পিতার মতোই বুদ্ধিমত্তার পরিচয় দেয় এবং হাসিমুখে স্বীকার করে নেয়- বিড়ালটি আসলে আম্মুকেই বেশি ভালোবাসে। এসব কথাবার্তা এবং বিড়ালের রোজনামচা আমার প্রবাসী পুত্রের কাছে নিয়মিত জানানো হয়। সে সবকিছু শুনে খুবই খুশি বিশেষ করে তার কনিষ্ঠ ভ্রাতার বিড়ালপ্রীতিতে যথেষ্ট পুলকিত। সে তার মাকে এই সুখবর দিয়ে রেখেছে যে, দেশে ফিরে সে তার ছোট ভাইটিকে আরো একটি বিড়াল কিনে দেবে। বিড়াল সম্পর্কে আমার ব্যক্তিগত গল্প এখানেই শেষ। এবার বিড়ালের জাতীয় গুরুত্ব ও আদিখ্যেতা নিয়ে কিছু বলি।

আমাদের দেশের হাল আমলের রাজনীতি আগামী সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ইঁদুর-বিড়াল খেলার মহড়া এবং সেই খেলাতে নিজেদের পোষ্য ইঁদুর এবং বিড়ালগুলো যেন ভালো পারফরম্যান্স দেখাতে পারে সে জন্য যেসব মহড়া বা রিহারসাল শুরু হয়েছে তা দেখে শুনে যখন ক্লান্ত শরীর নিয়ে গৃহে ফিরি তখন আমাদের পোষ্য বিড়ালটির মতিগতি, আচার-আচরণ ও ভাবভঙ্গি দেখে অনেক কিছু জানতে পারি এবং সেভাবে নিজেকে প্রবোধ দিতে পারি। গত কয়েক মাসে ঢাকার রাজপথসহ দেশের বিস্তীর্ণ জনপদে বিলাই স্বভাবের মানুষের উৎপাত যেভাবে বেড়েছে এবং আমার শৈশবের সেই ছোঁচা বিলাইটির মতো প্রাণীদের দৌরাত্ম্য যেভাবে অসহ্য হয়ে পড়েছে সেখানে আমার গৃহ অভ্যন্তরের বিড়ালটির কৌতুকপূর্ণ আচরণ আমাকে কিছুটা হলেও স্বস্তি দিচ্ছে। আমি রাস্তাঘাটে চলতে ফিরতে গিয়ে সচরাচর যত বিলাই স্বভাবের মানুষের হম্বিতম্বি শুনি তাতে মনে হয় অনাগত দিনে একটি মারাত্মক এবং জটিল রক্তক্ষয়ী ইঁদুর-বিড়াল খেলার আয়োজন বেশ জোরেশোরেই চলছে। সুতরাং সেই অবস্থায় কিভাবে নিজেকে নিরাপদ রাখা যায় তজ্জন্য বিড়ালের স্বভাব চরিত্র সম্পর্কে জানার চেষ্টা করছি। বিড়ালের চোখ কেন দিনের আলোর চেয়ে রাতের আলোতে বেশি সক্রিয় থাকে এবং অন্ধকারময় রজনীতে বিড়াল কেন মানুষের চেয়ে ১৬ গুণ বেশি স্পষ্ট দেখতে পায় তার সঙ্গে গভীর রাতের ভোট চুরি এবং অন্ধকারের মধ্যে নির্ভুলভাবে ব্যালট পেপারে সিল মারার বিষয়টির কি কোনো সংযোগ রয়েছে তা জানার চেষ্টা করছি।

বিড়ালের প্রবল ঘ্রাণশক্তি এবং ক্ষুদ্রাতি ক্ষুদ্র শব্দ অনুধাবন করার যে শক্তি রয়েছে তার সাথে রাজনীতির মধু মেওয়ার গন্ধ অনুভব করা এবং রাজনীতির দুঃসময় বা সুসময়ের আগাম ধ্বনি অনুভব করে পালানো অথবা দৌড়ে কাছে আসার মধ্যে কী সংযোগ রয়েছে তা নিয়েও চিন্তাভাবনা আমাকে তাড়িত করছে। বিড়াল কেন বাঘের মতো ভাবসাব দেখায় এবং কিছু বিড়াল কেন ছোঁচা বিলাইতে রূপান্তরিত হয় তা নিয়ে যেমন চিন্তাভাবনা করছি তেমনি ক্রোধের বশে কেউ যদি বিড়ালকে মেরে ফেলে তবে আড়াই সের লবণ মাখিয়ে কেন বিড়ালের দেহ সমাহিত করার বাঙালি প্রথা চালু হয়েছিল তাও জানার চেষ্টা করছি। আমি ইতোমধ্যে জেনে গিয়েছি যে, বিড়ালরা সবসময় নিজেকেই প্রভু বা মালিক মনে করে। তারা তাদের লালন-পালনকারী মানুষদেরও নিজেদের মতো বিড়াল মনে করে। তবে এ ক্ষেত্রে তাদের চিন্তাচেতনা-অনুভূতি এবং বিবেচনা শক্তির একটি অভিনব বিষয় বিজ্ঞান আবিষ্কার করে ফেলেছে। আর সেটি হলো- বিড়ালরা তাদের লালন-পালনকারী মানুষদের বিড়াল মনে করে সত্য কিন্তু কোনো অবস্থাতেই এ কথা মনে করে না যে, তারা তাদের লালন- পালনকারীদের চেয়ে বড় বিড়াল নয় কিংবা সম আকৃতির নয়। তারা মনে করে, লালন-পালনকারীরা হলো বড় বিড়াল, আর তারা হলো ছোট বিড়াল।

মহান আল্লাহ পাকের একটি অনন্য সৃষ্টি বিড়ালের উল্লিখিত মন-মানসিকতার সাথে যদি আমরা বিড়াল স্বভাবের মনুষ্য জাতের মন- মানসিকতার তুলনা করি তবে কী দেখতে পাবো! তারা কি তাদের লালন-পালনকারীদের বিড়াল মনে করে, নাকি মানুষ হিসেবে শ্রদ্ধা করে? অথবা তারা কি তাদের লালন-পালনকারীদের নিজেদের চেয়ে ছোট নাকি বড় বিড়াল মনে করে? এসব প্রশ্নের উত্তর আমার জানা নেই। তবে বিড়াল স্বভাবের মানুষ তৈরির কারিগররা নিশ্চয়ই এসব জানেন বলেই আমার বিশ্বাস।

লেখক: সাবেক সংসদ সদস্য



আল্লাহ সংকট দেন ফিরে আসার

(শেষের পাতার পর)

ইত্যাদির মাধ্যমে পরীক্ষা করেন। যাতে সে আল্লাহর দিকে ফিরে আসে। আবার কাউকে অঢেল সহায়-সম্পদ, সুখ-শান্তি, আরাম-আয়েশ দিয়েও পরীক্ষা করেন। লক্ষ্য উদ্দেশ্য হলো, যাতে সে আল্লাহকে ভুলে না যায়। আল্লাহ তা'আলা বলেন, "আমি তাদেরকে পরীক্ষা করেছি ভাল ও মন্দ দ্বারা, হয়তো তারা ফিরে আসবে।"(সুরা আরাফ:১৬৮)

"মানুষের কৃতকর্মের দরুন স্থলে ও সমুদ্রে ফাসাদ প্রকাশ পায়। যার ফলে আল্লাহ তাদের কতিপয় কৃতকর্মের স্বাদ তাদেরকে আস্বাদন করান, যাতে তারা ফিরে আসে।"(সুরা রুম:৪১)

লোকদের স্বহস্তের উপার্জন বলতে ফাসেকী, অশ্লীলতা, জুলুম ও নিপীড়নের এমন একটি ধারা যা শিরক ও নাস্তিক্যবাদের আকীদা-বিশ্বাস অবলম্বন ও আখিরাতকে উপেক্ষা করার ফলে নিজেদের চরিত্রের মধ্যে সৃষ্টি হয়। এই চরিত্রের ফলে চারদিকের সমাজে ফাসেকী, অশ্লীলতা, জুলুম ও নিপীড়ন দাবানলের মতো ছড়িয়ে পড়ে। তখন সামাজিক বিপর্যয় অনিবার্য হয়ে উঠে। আর এই সমস্ত খারাপ কাজের কিয়দাংশের শাস্তি বা স্বাদ তাকে দুনিয়াতেই উপভোগ করানো হয় যাতে সে ফিরে আসে বা তা থেকে সে বিরত হয়। আখিরাতের বিশাল শাস্তি লাভ করার পূর্বে আল্লাহ এ দুনিয়ায় মানুষের সমস্ত নয় বরং সামান্য কিছু খারাপ কাজের ফল এ জন্য ভোগ করান যে, এর ফলে সে প্রকৃত সত্য উপলব্ধি করবে এবং নিজের চিন্তা ও কর্মধারার ভ্রান্তি অনুধাবন করে সঠিক বিশ্বাস ও কর্মধারার দিকে ফিরে আসবে। যেই বিশ্বাস ও কর্মধারার ফলে সামাজিক শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠিত হবে। যেমন আল্লাহ তা'আলা বলেন,"আর অবশ্যই আমি তাদেরকে গুরুতর আযাবের পুর্বে লঘু আযাব আস্বাদন করাব, যাতে তারা ফিরে আসে।"(সুরা আস সাজদাহ:২১)

এ আয়াতে গুরুতর শাস্তি বলতে আখিরাতের শাস্তিকে বুঝানো হয়েছে। এর মোকাবেলায় লঘু শাস্তির কথা বলা হয়েছে। এর অর্থ হচ্ছে এ দুনিয়ায় মানুষ যেসব কষ্ট পায় সেগুলো। যেমন ব্যক্তিগত জীবনে কঠিন রোগ, নিজের প্রিয়তম লোকদেও মৃত্যু, ভয়াবহ দুর্ঘটনা, মারাত্মক ক্ষতি, ব্যর্থতা ইত্যাদি। সামাজিক জীবনে ঝড়-তুফান, ভুমিকম্প, বন্যা, মহামারী, দুর্ভিক্ষ,দাঙ্গা,যুদ্ধ এবং আরো বহু আপদ-বিপদ, যা লাখো লাখো কোটি কোটি মানুষকে প্রভাবিত করে। এসব বিপদ অবতীর্ণ হওয়ার প্রয়োজন ও কল্যাণকর দিক বর্ণনা করে বলা হয়েছে, এর ফলে বড় শাস্তি ভোগ করার আগেই যেন মানুষ সচেতন হয়ে যায় এবং আল্লাহর দেয়া পথে ফিরে আসে।

দুনিয়ায় আল্লাহ মানুষকে একেবারেই পরমানন্দে রাখেন না। নিশ্চিন্তে ও আরামে জীবনের গাড়ি চলতে থাকলে মানুষ এ ভুল ধারণায় লিপ্ত হয়ে পড়বে যে, তার চেয়ে বড় আর কোন শক্তি নেই যে, তার কোন ক্ষতি করতে পারে। বরং আল্লাহ এমন ব্যবস্থা করে রেখেছেন যার ফলে মাঝে মধ্যে বিভিন্ন ব্যক্তি, জাতি ও দেশের ওপর এমন বিপদা-আপদ পাঠাতে থাকেন, যা তাদেরকে একদিকে নিজেদের অসহায়তা এবং অন্যদিকে নিজেদের চেয়ে বড় ও উর্ধ্বে একটি মহাপরাক্রমশালী সর্বব্যাপী শাসন ব্যবস্থার অনুভূতি দান করে। এ বিপদ প্রত্যেকটি ব্যক্তি, দল ও জাতিকে একথা স্বরণ করিয়ে দেয় যে, তোমাদের ভাগ্য উপড়ে অন্য এক সত্তা নিয়ন্ত্রণ করছেন। সবকিছু তোমাদের হাতে দেয়া হয়নি। আসল ক্ষমতা রয়েছে তার হাতে যিনি কর্তৃত্ব সহকারে এসব কিছু করে চলেছেন। তার পক্ষে থেকে যখনই কোন বিপদ তোমাদের উপর আসে, তার বিরুদ্ধে কোন প্রতিরোধ তোমরা গড়ে তুলতে পারো না এবং কোন জিন, রূহ, দেব-দেবী, নবী বা অলীর কাছে সাহায্য প্রার্থনা করেও তার পথ রোধ করতে সক্ষমও না। কোভিট-১৯ হয়তোবা তারই ধারাবাহিকতা। আল্লাহ মাফ করুন।

এই দিক বিবেচনা করলে এ বিপদ নিছক বিপদ নয় বরং আল্লাহর সতর্ক-সংকেত। মানুষকে সত্য জানাবার এবং তার বিভ্রান্তি দূর করার জন্য একে পাঠানো হয়। এর থেকে শিক্ষা গ্রহণ করে যদি মানুষ দুনিয়াতেই নিজের বিশ্বাস ও কর্ম শুধরে নেয় তাহলে আখিরাতে আল্লাহর বড় শাস্তির মুখোমুখি হবার তার কোন প্রয়োজনই দেখা দেবে না।

এই আলোচনায় ফিরাউনকে শামিল করা যায়। সে এ ভুল ধারণায় লিপ্ত হয়েছিল যে, তার চেয়ে বড় আর কোন শক্তি নেই যে, তার কোন ক্ষতি করতে পারে। কিন্তু আল্লাহ তার দম্ভচুর্ণ করে দিলেন। সে এমন সময় ফিরে আসার ইচ্ছা ব্যক্ত করেছিল যখন আর সময় ছিল না। ফিরাউনের অনুসারীদেরকে আল্লাহ পাকড়াও করেছিলেন। আল্লাহ তা'আলা বলেন, "আর আমি পাকড়াও করেছি ফিরাউনের অনুসারীদেরকে দুর্ভিক্ষ ও ফল-ফলাদির ক্ষয়-ক্ষতির মাধ্যমে, যাতে তারা উপদেশ গ্রহণ করে।"(সুরা আরাফ:১৩০)

"আমি তাদের যে নিদর্শনই দেখাই না কেন, তা ছিল তার অনুরূপ নিদর্শন অপেক্ষা শ্রেষ্টতর। আর আমি তাদেরকে আযাবের মাধ্যমে পাকড়াও করলাম, যাতে তারা ফিরে আসে।"(সুরা যুখরুফ:৪৮)

কিন্তু আল্লাহ তা'আলা সংকট দেয়ার পরও যারা ফিরে আসে না তারা ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভূক্ত হয়। আল্লাহ তা'আলা বলেন, "এরা কি দেখে না প্রতি বছর এদেরকে দু-একটি পরীক্ষার মুখোমুখি করা হয়? কিন্তু এরপরও এরা তাওবাও করে না কোন শিক্ষাও গ্রহণ করে না।"(সুরা তাওবা: ১২৬) আল্লাহ আরো বলেন, "আর সেদিনটি আসার আগেও জালেমদের জন্য আযাব আছে। কিন্তু তাদের অধিকাংশই জানে না।"(সুরা তুর:৪৭)

একটি হাদীসে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ বিষয়টি ব্যক্ত করেছেন। তিনি বলেছেন:"মুনাফিক যখন অসুস্থ হয়ে পড়ে এবং পরে সুস্থ হয়ে যায় তখন তার অবস্থা সেই উঠের মতো যাকে তার মালিক বেঁধে রাখলো কিন্তু সে বুঝলো না তাকে কেন বেঁধে রাখা হয়েছিল এবং তারপর আবার যখন খুলে দিল তখনও সে কিছু বুঝলো না তাকে কেন ছেড়ে দেয়া হলো।"

যারা মুর্খ ও নির্বোধ তারা বলে থাকে এসব তো প্রাকৃতিক কারণে হয়ে থাকে। এরা জানে না প্রকৃতি আল্লাহ কঠিণ নিয়মে বাঁধা। প্রকৃতি তাঁরই হুকুমে চলে। কিন্তু চিন্তাশীল ও জ্ঞানবান লোকেরা জানেন যে, কোন অন্ধ বা বধির আল্লাহ এ বিশ্ব-জাহানের উপর রাজত্ব করছেন না বরং এক সর্বজ্ঞ ও পরম বিজ্ঞ সত্তা এখানে সকলের ভাগ্যের নিষ্পত্তি করছেন। তাঁর সিদ্ধান্তসমূহ প্রাকৃতিক কার্যকারনের অধীন নয় বরং প্রাকৃতিক কার্যকারণসমূহ তাঁর ইচ্ছার অধীন। তিনি চোখ বন্ধ করে জাতিসমূহের উত্থান-পতনের ফায়সালা করেন না বরং বিজ্ঞতা ও ন্যায়পরায়ণতার সাথে করেন। এ সত্যগুলো সম্পর্কে সচেতন ব্যক্তিরা কখনো ঐ ভুমিকম্প, ঐ মহামারী প্রাকৃতিক কারণ প্রসূত বলে এড়িয়ে যান না। তারা তাকে নিজেদের জন্য সতর্কবার্তা বা সতর্কীকরণ বেত্রাঘাত মনে করেন। তা থেকে শিক্ষা গ্রহণ করেন। তারা নিজেদের কর্মনীতিকে এমন পথ থেকে সরিয়ে আনে যে পথে আল্লাহর গযব আসে এবং এমন পথে তাকে পরিচালিত করে যে পথে তাঁর রহমত নাযিল হয়।

লেখক: **আইবিবিএল, জিন্দাবাজার শাখা, সিলেট।**

নিউইয়র্কের পথে প্রান্তরে-৬

(শেষের পাতার পর)

ক্লিনিকে, একজন বয়স্ক (৬৭) রোগী কল দিলেন, বেশ ভদ্র, শান্ত। নাম দেখে বুঝলাম মুসলিম। উনি বেশ সুন্দর ইংরেজি বলছিলেন সো আমিও। কথার শেষের দিকে উনি একটা কঠিন প্রশ্ন করলেন উনার স্বাস্থ্য বিষয়ক কিছু। যেহেতু আমি মেডিকেলের ছাত্রী নই। এই ফিল্ডেও নতুন সো আমি প্রশ্নটা বুঝতে পারছিলাম না। যেহেতু নামটা সাধারণ মুসলিম নাম ভেবেছিলাম উনি হয় বাংগালী বা পাকিস্তানি। তাই জিজ্ঞেস করলাম স্যার, ইফ ইউ ডোন্ট মাইন্ড হোয়ার আর ইউ ফ্রম। বললেন ফ্রম আফগানিস্তান।

সেদিন সকাল থেকে প্রচন্ডরকম মন খারাপ কিন্তু কেন জানি না আফগানিস্তান নামটা শুনেই খুশিতে নেচে উঠল মন। বললাম আপনি জানেন, আমাদের দেশের একজন বিখ্যাত লেখক যার নাম সৈয়দ মুজতবা আলী আর উনি আফগানিস্তানে ছিলেন অনেক দিন, ওখানে পড়িয়েছেন। অনেক অনেক বিখ্যাত বই লিখেছেন। তারপর বললাম, উনি শবনম নামে একটা বই লিখেছেন যেটা আমার আর অনেকের অনেক অনেক প্রিয়। সেটা শুধু প্রেমের উপন্যাস না এটা একটা কাব্য, সেই গল্প আপনার দেশের শবনমকে নিয়ে, যাকে বাংলাদেশি এক যুবক ভালোবেসেছিল, দুজন দুজনকেই। আমি এক নাগাড়ে বিরতিহীনভাবে কথা বলেই যাচ্ছিলাম আর উনি শুনছিলেন

ভাগ্য ভালো ওই সময়টা ছিল জুম্মার নামাজের সময়। পুরুষরা সবাই নিচে নামাজ পড়তে গেছেন। আর আমাদের বেশিরভাগ রোগী মুসলিম বলে জুম্মার সময়টা কল কম আসে তাই উনার সাথে বেশ কিছুক্ষণ কথা বললাম। উনি অনেক শান্ত হয়ে আমার কথাগুলো শুনলেন। বেশ কিছু প্রশ্ন করলেন। আমার উচ্ছ্বাসে উনি মুগ্ধ হয়ে অনেকক্ষণ চুপ করে রইলেন। উনি জিজ্ঞেস করলেন, শবনম ইংরেজিতে অনুবাদ হয়েছে কি না। না শুনে আফসোস করলেন। জানি শবনম অন্য কোন ভাষায় অনুবাদ করা সম্ভব না, সেই আবেগ সেই প্রেম সেই অনুভূতি কেউ কি পারবে অনুবাদ করতে!

ইচ্ছে হচ্ছিল অনেক অনেকক্ষণ ধরে উনার সাথে আড্ডা দেই, সৈয়দ মুজতবা আলী আর শবনম নিয়ে কিন্তু প্রফেশনাল বিহ্যেভিয়ার মেইনটেইন করতে গিয়ে তা আর করলাম না।

শবনম নিয়ে আমার আবেগ অনুভূতি সীমাহীন ব্যাখ্যাহীন। আলী সাহেবের অনেক লেখা পড়েছি, আর পড়ার ইচ্ছে আছে কিন্তু শবনমকে আমি কিছুতেই ভুলতে পারি না, পারব না চাইও না।

আমার এখনকার মানসিক অবস্থা এমন যে, আমি যে মৃত্যু পত্র যাত্রী, শেষ নিঃশ্বাসের জন্য অপেক্ষা করছি, শবনম বইটা আরও একটা কিছু পেলেই মারা যাব, না হলে যে দম আটকে ফাসিতে ঝুলে থাকব।

এনিওয়ে খুবই উনার নাকি খুব অবাক লাগল কোথাকার কোন বাংলাদেশী মেয়ে আফগানিস্তান নিয়ে এত্ত উচ্ছ্বাস, শহরগুলোর নাম যখন বলছিলাম উনি জিজ্ঞেস করলেন, তুমি গিয়েছ বললাম না, যাইনি। বললেন তোমার গল্প শুনে মনে হচ্ছে তুমি কতবার গিয়েছ। পরে উনি আমায় দাওয়াত দিলেন আফগানিস্তানে, আমিও উনাকে বাংলাদেশে যাবার নিমন্ত্রণ দিয়ে রাখলাম।

ফোন রাখার পর দেখি নতুন স্প্যানিশ কলিগ, ভেনিজুয়েলার মেয়ে অবাক হয়ে তাকিয়ে আছে, জিজ্ঞেস করলাম কি হল, বলল, তোমার কথা শুনে আমার এখনই শবনম পড়তে ইচ্ছে করছে।

ওকে কথা দিলাম বইটা হাতে পেলে ওকে পড়ে শোনাব কিন্তু শবনম পড়ে কাউকে সেই অনুভূতি অনুভব করানোর সাধ্য কি কারো আছে, যদি সে না পড়ে, শবনমকে ভালো না বাসে!!! তাও আবার তাকে ইংরেজিতে বুঝাতে হবে!!!

টার্কিশ ভাষা, দেশ কালচার নিয়েও আমার অনেক অনেক দিনের আগ্রহ। টার্কিশ শেখার চেষ্টা করছি কিন্তু ভাষাটা অনেক অনেক কঠিন তাই যা শিখি ভুলে যাই কারণ চর্চা হয় না বলে।

টার্কিশ ড্রামার অভিনেতা অভিনেত্রী এত্ত সুন্দর, একটা মেয়ে তো মাথা খারাপ করে দেবার মতো। সে যখন ঘুম ভেঙে সকাল বেলা তার ভালোবাসার মানুষকে রোমান্টিক কণ্ঠে, 'গুনাইদম' (শুভ সকাল) বলে তখন মনে হয় পৃথিবীতে এর চেয়ে রোমান্টিক শব্দ আর কিছুই নেই। উফফ।

সম্ভবত গত মাসে সকাল বেলা প্রথম কল, সেইম কাহিনি, বয়স্ক এক মুসলিম লোক কল দিলেন, নিজে থেকে প্রথমেই বললেন আমার ইংরেজি ভালো না তুমি একটু ট্রাই কর পিজ বুঝার। বললাম সমস্যা নেই। সেদিনও ভেবেছিলাম উনি বাংলাদেশি অথবা পাকিস্তানী কিন্তু উনি যখন বললেন ফ্রম টার্কি, বললাম গুনাইদম, উনি অবাক, টার্কিতে জিজ্ঞেস করলাম কেমন আছেন? উনি হেসে উত্তর দিলেন, পরে উনার কাজটা শেষ হল, সেদিনও উনার সাথে গল্প করার ইচ্ছে ছিল কিন্তু উনি ইংরেজি একদম কম জানেন, আমি টার্কি কম জানি তাই হল না। তবে উনাকে কথা দিয়েছি টার্কি যাব ইনশাআল্লাহ।

তখন লন্ডনে এম বি এ করছি, পার্ট টাইম জব করতাম, অনেক ম্যানেজারের সাথে কাজ করেছি তাদের মধ্যে একজন রাশান ছেলে ছিল, আমার সম বয়েসী, খুব ভালো ছিল সবার সাথেই। কিন্তু খুব চুপচাপ ছিল। একদিন ব্রেকে খুব ভীড় ২০১১ এর বড়দিনের জন্য স্টোরে ভীড়, স্টাফ লাউঞ্জেও ভীড়, খাবার নিয়ে ওর পাশে বসলাম। তো কথা প্রসঙ্গে সে আমার দেশ কোথায় জিজ্ঞেস করল, বললাম, বলল এটা কি ইন্ডিয়ার পাশে! মানে সে বাংলাদেশ চিনে না, সে রাশান শুনে বললাম, তুমি জানো আমাদের দেশে রাশিয়ান বই কত বিখ্যাত? সেগুলো আমাদের দেশের ভাষায় অনুবাদ হয়েছে? সে অবাক। সে এমনকি আনা করোনিনা বইটা পড়েনি, মুভিও দেখেনি। তারচেয়ে অবাক হয়েছিল সেই কোন সুদূর দেশে তার দেশের বই বিখ্যাত বলে।

শবনম পড়তে হয় আয়োজন করে, নিরিবিলি, সবকিছু থেকে নিজেকে বিচ্ছিন্ন করে, যারা ভালোবাসতে জানে না তারা শবনম পড়ে মজা পাবে না, শবনম পড়তে হলে ভালোবাসতে জানতে হয়। আবার শবনম হয়তো কাউকে ভালোবাসতেও শেখাবে।

শবনমকে ভালোবাসি কিন্তু ঈর্ষাও করি ভীষণ ভাবে।

পুনশ্চঃ নিউইয়র্কে আসার দিন ৩/৪ টা বই ছিল ব্যাকপ্যাকে, কিভাবে যেন শবনম, সুনীলের, 'ছবির দেশে কবিতার দেশে' আর হেলাল হাফিজের 'যে জলে আগুন জ্বলে' বই তিনটা রয়ে গেছে বারবার জিনিসপত্র খুলতে গিয়ে। অবশেষে বইগুলো (কবিতার বইটা আমার সাথে আজ ২১ধরে আমার সাথে দেশ বিদেশে ঘুরেছে) দেশ থেকে আনিয়েছি। উত্তরা, আশুলিয়া মগবাজার, ইন্ডিয়ানা, মিশিগান ঘুরে অবশেষে খুব প্রিয় আমার হাতে পৌছেছে।

বইগুলো হাতে পাওয়ার মূহুর্তটা ব্যাখ্যা করে বুঝাতে পারব না। এ যেন চৈত্রের কড়া রোদ্দুরের পর বৃষ্টি হল, যেন বা অনেক অনেক বিরহ কতর

রাত্রির পর, কোন এক স্নিগ্ধ ভোরের তাঁর দেখা হল, 'তাঁর' সাথে।

ইস যদি শীতের বিকেলে এক কাপ গরম চিনি ছাড়া দুধ চায়ের সাথে ঢাকাইয়া বাখরখানি বা পনির পেতাম, খুব আয়োজন করে বইগুলো পড়তে পারতাম! কতদিন ঢাকাইয়া বাখরখানি আর পনির খাই না চায়ের সাথে।

ছেলের জন্য মানসিক চিকিৎসক নিয়োগ করছেন শাহরুখ

(শেষের পাতার পর)

আত্মহারা। বোন থাকেন দেশের বাইরে। কিন্তু ভিডিও কলে ভাইয়ের সঙ্গে কথা বলতে বলতে কেঁদে ফেলেছেন। আনন্দ এবং আবেগের আবহ ব্যান্ডস্ট্যান্ডের ওই অট্টালিকায়। গুমরে থাকা 'মান্নাত'-এ আলো জ্বলে উঠল। খান পরিবারের ঘনিষ্ঠ সূত্রের কাছে শাহরুখ খানের পরিবারের অন্দরমহলের কথা জানা গিয়েছে।

২৮ দিন ধরে খবরের শিরোনামে। মানুষের সমালোচনার কেন্দ্রে। কারও কারও চোখে তিনি অপরাধী। ২৬ দিন ধরে আর্থার রোড জেলে বন্দি। কয়েদি নম্বর ৯৫৬ হিসেবে পরিচিত হয়ে ওঠা। ২৩ বছরের তারকা-সন্তানের মনের উপর এই এক মাসে ঝড় বয়ে গিয়েছে। নিজের ঘরে ফিরে এলেও সেই ভয়াবহতাকে ভুলে যাওয়া কঠিন হয়ে যেতে পারে কখনও কখনও। আরিয়ান খানের ক্ষেত্রে তেমন আশঙ্কা করছেন বাবা-মা শাহরুখ এবং গৌরী খান। সচেতন বাবা মায়ের মতোই তাই ছেলের জন্য মানসিক রোগ বিশেষজ্ঞের সঙ্গে কথা বলার সিদ্ধান্ত নিয়েছেন তারকা-দম্পতি।

তা ছাড়া শাহরুখ যখন ছেলের সঙ্গে আর্থার রোড জেলে দেখা করতে গিয়েছিলেন, তখনই আরিয়ান তাকে জানিয়েছিলেন যে, জেলের খাবার তার ভালো লাগছে না। তাই ছেলের জন্য গৌরী নতুন ডায়েটের নতুন তালিকা তৈরি করেছেন। ছেলের স্বাস্থ্যের দিকে বিশেষ নজর দেওয়ার জন্য বেশ কিছু রক্ত পরীক্ষাও করানোর সিদ্ধান্ত নিয়েছেন বলে দাবি সূত্রের।



বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২১
BANGLADESH SOCIETY INC, ELECTION 2021

১৪ নভেম্বর, রোববার নির্বাচনে

ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার
মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠায় অঙ্গিকারবদ্ধ

নিষ্ঠাবান, সৎ ও যোগ্য ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন

নয়ন-আলী
পরিষদ



কাজী নয়ন
সভাপতি প্রার্থী
Kazi Ashraf Hossain (Nayan), President



মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক প্রার্থী
Mohammad Ali General Secretary



আব্দুর রহিম হাওলাদার
সিনিয়র সহ-সভাপতি
Abdur Rahim Howladar
Sr. Vice President



মোঃ রেজাউল করিম (সগীর)
সহ-সভাপতি
Md. Rezaul Karim (Sagir)
Vice President



মিয়া মোহাম্মদ দুলাল
সহ-সাধারণ সম্পাদক
Mia Mohammad Dulal
Asst. General Secretary




মোহাম্মদ জে. খান (ডিউক)
কোষাধ্যক্ষ
Mohammed Z Khan (Duke)
Treasurer



আহসান হাবিব
সাংগঠনিক সম্পাদক
Ahsan Habib
Organizing Secretary



মনিকা রায়
সাংস্কৃতিক সম্পাদক
Manika Roy
Cultural Secretary



শেখ হায়দার আলী
জনসংযোগ ও প্রচার সম্পাদক
Public Relation & Sekh Haider Ali
Public Relation & Publicity Secretary



আবুল কাশেম চৌধুরী
সমাজ কল্যাণ সম্পাদক
Abul Kashem Chowdhury
Social Welfare Secretary



মোহাম্মদ হাসান (জিলানী)
সাহিত্য সম্পাদক
Mohammed Hassan (Zilani)
Literary Secretary



মোঃ এইচ রশিদ (রানা)
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Mohammed H Rashid (Rana)
Sports & Ent. Secretary



মোঃ সামাদ মিয়া (জাকের)
স্কুল ও শিক্ষা সম্পাদক
Md. Samad Miah (Zaker)
School & Edu. Secretary



ছাইদুর খান (ডিউক)
কার্যকরী সদস্য
Saidur Khan (Duke)
Executive Member



মোঃ মাহমুদ আলম
কার্যকরী সদস্য
Md. Mahmood Alam
Executive Member



মোঃ এ. সিদ্দিকী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member



আহসান উল্লা (মামুন)
কার্যকরী সদস্য
Ashan Ullah (Mamun)
Executive Member

নয়ন-আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

ELECTION DATE: NOVEMBER 14 , 2021

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL

প্রচারে ঃ নয়ন-আলী নির্বাচন পরিচালনা কমিটি

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL

অনুগ্রহ করে নয়ন-আলী পরিষদে ভোট দিন

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES

International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY

Authorized e-file Provider

কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC

Board certified in Internal Medicine
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302
Board certified in Cardiology

We perform tests in the office:

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

We provide Vaccines for:
- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC

37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432

Phone: 718-262-8991

Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100

- স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
- জীবানুমুক্ত যন্ত্রপাতি
- সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
- মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
- Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
- সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO

Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health

INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

- Income tax:
- Individual/ Personal Tax (All states)
- Business Tax (Corporation, Partnership)
- Sales tax (Food Vendor, Corporation)
- Payroll Tax
- Business Incorporation
- Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

আন্তর্জাতিক ফারাক্কা কমিট'র বিবৃতি

তিস্তার অকাল বন্যা বিপর্যয়ের শিক্ষা হাত গুটিয়ে বসে থাকা যাবে না

ঢাকা ডেস্ক: অকাল বন্যা বিপর্যয়ে বাংলাদেশের নদী তিস্তা পাড়ের লাখো মানুষের অবর্ণনীয় ক্ষতি হয়েছে। হাজার-হাজার বসত বাড়ী বন্যার তোড়ে বিলীন হয়েছে, লাখ-লাখ একর জমির ফসল ভেসে গেছে, রাস্তাঘাট ভেঙ্গে বৃহত্তর রংপুর জেলার সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। বাংলাদেশে সেপ্টেম্বর মাসের পর এরকম বন্যা দেখা যায় না।

আন্তর্জাতিক ফারাক্কা কমিটি (আইএফসি)-এর নেতৃবৃন্দ শনিবার (৩০ অক্টোবর) এক বিবৃতিতে বলেন, তিস্তার উজানে অতিবৃষ্টির কারণে উজানে ভয়াবহ প্লাবন দেখা দেয়। তার তোড় সামাল দিতে না পেরে পশ্চিম বংগের গজল ডোবায় তিস্তার উপর নির্মিত ব্যারেজের সব ফ্লাডগেট খুলে দেয়ায় এ বন্যা বিপর্যয় দেখা দেয়। বন্যা বিপর্যয়ে তিস্তার উজানে ১৭ জায়গায় বাঁধ ভেঙ্গেছে। কিন্তু এ বিপর্যয়ের ব্যাপারে ভাটির দেশ বাংলাদেশকে সতর্ক করা হয়নি। অথচ দুই সপ্তাহ আগেও গজল ডোবা ব্যারেজের কারনে পানি-বঞ্চিত বাংলাদেশে তিস্তা ছিল এক শুকনো বিরানভূমি।

এদিকে বিগত তিন দশকেও তিস্তা নদী-ব্যবস্থাপনার জন্য প্রস্তাবিত চুক্তি স্বাক্ষর হচ্ছেনা। শুকনো মওসুমে বাংলাদেশে তিস্তা এখন এক মরা নদী। মানুষ পায়ে হেঁটে এপাড় ওপাড় যাতায়াত করতে পারে। গজল ডোবা ব্যারেজের তলানি থেকে সামান্য পানি আসে। অথচ বর্ষা মওসুমে প্রতিবছর নেমে আসে ভয়াবহ বন্যা। এক হিসেবে বলা হয়েছে ২০২১ সালে তিস্তায় ৫ দফা বন্যা হয়েছে।

গত সপ্তাহের অকাল বন্যা বিপর্যয়ে প্রাথমিক হিসেবে ৮০ হাজার পরিবারের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ক্ষয়ক্ষতির মধ্যে রয়েছে পাকা ধান, পেঁয়াজ, রসুন, ভুট্টা, গবাদিপশুর খাদ্য, বসতবাড়ি, পরিধেয় কাপড়, সংরক্ষিত শীতবস্ত্র, তৈযষপত্র এক কথায় সর্বস্ব। এ অসহায় অবস্থা থেকে তিস্তা পাড়ের তিন কোটি মানুষের জানমাল রক্ষা এবং এ নদীর অববাহিকার পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য আমাদের অবশ্যই কিছু করতে হবে। হাত গুটিয়ে বসে থাকলে চলবে না। এ ব্যাপারে বাংলাদেশ সরকার চীনের সহায়তায় যে তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে তাকে আমরা সময়োচিত মনে করি।

যদিও এই পরিকল্পনা নদীর স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করে নদীকে জীবিত রাখার প্রচেষ্টার বিকল্প নয়, তবুও বন্যা ভাঙ্গনের ক্ষয়ক্ষতি লাঘব ও সমন্বিত উন্নয়ন কর্মকান্ডের মাধ্যমে উত্তরপশ্চিমাঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে এই প্রচেষ্টা সফল হতে পারে। প্রকৃতির স্বাভাবিক নিয়মে উজানে যখন পানির প্রবাহ ফিরিয়ে আনার তাগিদ আসবে তখন বাংলাদেশের তিস্তা অংশ নতুন জীবন ফিরে পাবে। আইএফসি নেতৃবৃন্দের সুপারিশ, উল্লেখিত মহপরিকল্পনাকে আরেকটু বাড়িয়ে বাংলাদেশে তিস্তার পুরনো মূল অববাহিকায় অবস্থিত আত্রাই, করতোয়া এবং পুনর্ভবা নদী চলনবিলসহ এর আওতায় আনা গেলে দেশের উত্তরপশ্চিমাঞ্চলের সার্বিক উন্নয়ন নিশ্চিত হবে। আশে পাশের এলাকার ভূগর্ভস্থ পানির স্তর উপরে উঠে আসবে এবং সকল নলকূপ সারাবছর সচল থাকবে।

বিবৃতিতে স্বাক্ষর করেন আইএফসি, নিউইয়র্ক-এর চেয়ারম্যান, আতিকুর রহমান সালু, মহাসচিব সৈয়দ টিপু সুলতান, আইএফসি বাংলাদেশের সভাপতি অধ্যাপক জসিম উদ্দিন আহমাদ, সিনিয়র সহ-সভাপতি ড. এস আই খান, সাধারণ সম্পাদক সৈয়দ ইরফানুল বারী এবং আইএফসি সমন্বয়ক মোস্তফা কামাল মজুমদার।

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, **বাংলাদেশ সুপ্রীমকোর্ট**)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তিতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
ডিভোর্স কন্সিলশন
এভিডেন্সিটি অব সাপোর্ট
বিনা শর্তসাপেক্ষে সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুপাস
রিফিউজি, এসাইলম, গ্রীনকার্ড রিনিউ

AUTHORIZED e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্স ক্যাব ও ফুড ট্রেডার
পার্টনারশীপ, কর্পোরেশন
স্পেয়ারস এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটেলমেন্ট
কর্পোরেশন ও এলএলসি গঠন

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
ব্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

মানুষ আধুনিক দাসত্বের শিকার!

ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী


একটা লাটাই হাতে সুতা দিয়ে মানুষ যখন কাগজের ঘুড়িকে নিয়ন্ত্রণ করে, তখন মানুষ ভাবে ঘুড়িটা তার দাসত্ব বরণ করেছে। ঘুড়িটা তার বশ্যতা স্বীকার করে তার হাতের খেলনা হয়েছে। মানুষের মনস্তত্ত্ব তখন উন্মাদ হয়ে ঘুড়িটাকে যেভাবে পারে সেভাবে নাচাতে থাকে, সুতাটা যেভাবে টানে আর ছাড়ে ঘুড়িটার জীবন হয়তো তেমন একটা শেলবিদ্ধ টানাপড়নে করুণ আর্তনাদ করে কাঁদে। তবে মানুষের কান পর্যন্ত সে কান্নার শব্দ কখনো পৌঁছায় না অথবা মানুষ সেই চিৎকার শুনবে না বলে কানে তুলা দিয়ে রাখে। ঘুড়ি সাধারণত কাগজের তৈরি হয়। বিজ্ঞানী জগদীশচন্দ্র বসু উদ্ভিদের জীবন আছে সেটা প্রমাণ করলেও কাগজের জীবন আছে এটা এখনো পর্যন্ত কেউ প্রমাণ করতে পারেনি। সে হিসেবে কাগজের ঘুড়িটা একটা জড় পদার্থ। জড় পদার্থের স্বাধীনতা-পরাধীনতার গ্লানি আছে কি না সেটা বলা কঠিন, তবে মানুষ যে জড়ের স্বাধীনতাও হরণ করতে পারে এটা তার প্রত্যক্ষ প্রমাণ।

একটা বড়শি হাতে মানুষ যখন মাছ শিকার করতে যায়, তখন মানুষ ভাবে তার বড়শি নামের অস্ত্রের কাছে মাছটা ধরাশায়ী হবে। বড়শিতে মাছটা আটকালে মানুষ বিজয়ীর হাসি হাসে। মানুষের মনস্তত্ত্ব তখন বলে মাছটা তার হাতে বন্দি হয়েছে, তার পুরোপুরি নিয়ন্ত্রণে এসেছে। অথচ কী অদ্ভুত, এই মাছটা নদীতে স্বাধীন ছিল। মানুষ সে স্বাধীনতা হরণ করলেও মুখে তা স্বীকার করে না। মানুষ খাদক হয়। এরপর মানুষ খাদকের চরিত্র ধারণ করে মাছটাকে গলা দিয়ে ঢুকিয়ে তার পেট ভরাবে। আমোদিত হবে, আহ্লাদিত হবে। তবে সে মাছটাকে হজম করতে পারবে কি না সেটা একটা জটিল দর্শনতত্ত্ব। যে মানুষ অবৈধভাবে যেটা তার খাদ্য নয় এমন কিছু খায়, সেটা সে ভোগ করতে পারে কি না কেউ জানে না। আবার নদীতে বড় মাছগুলো ছোট অসহায় মাছগুলোকে গিলে খেয়ে তৃপ্তির ঢেকুর তোলে।

এমনটা একসময় রাজা-জমিদাররা করেছেন। খাজনার নাম করে গরিব প্রজাদের শোষণ করেছেন, অত্যাচার করেছেন। নিষ্ঠুর পৃথিবীর মানুষ তার আঙুলে সুতাকে সাজিয়ে কাঠের পুতুলগুলোকে নাচায়। এটা নাকি মানুষের পেশা ছিল। অথচ সে-ও কারো না কারো হাতের পুতুল ছিল। যেমন খুশি তেমন সে-ও নেচেছে, পুতুলকেও নাচিয়েছে।

কখনো মানুষ বড় বড় মানুষের দ্বারা পরাধীন হয়েছে। কখনো মানুষ প্রকৃতির হাতে পরাধীন হয়েছে। আবার কখনো মানুষ সময়ের কাছে পরাধীন হয়েছে। খুব বিস্ময়কর একটা বিষয়, তা হলো মানুষ সবাইকে পরাধীন করতে ভালোবাসে। মানুষ কখনো কখনো জড় পদার্থের কাছে পরাধীন হয়। এই পরাধীনতার থেকে লজ্জার আর কিছু হতে পারে না। মানুষ মাদকের মতো নেশার কাছে পরাধীন হয়। মানুষ টাকার কাছে পরাধীন হয়। মানুষ মন্দের কাছে পরাধীন হয়। আবদুল্লাহ আল মামুন রচিত 'এখনো ক্রীতদাস' নাটকটির কথা মনে পড়ল। আলো ঝলমল সুখের সুতায় বাঁধা ইট-পাথরের প্রাচীরের পর প্রাচীরে গড়া উঁচু উঁচু দালানকোঠা। নগর-মহানগর। লাল-নীল বাতি। কংক্রিটের পিচের আগুনে পোড়া রাজকীয় জনপদ। অথচ এই পাদ-প্রদীপের নিচেই অন্ধকার। এই অন্ধকারকে বক্ষে ধারণ করে গড়ে উঠেছে একেকটা বস্তি। বস্তিবাসীর জীবন। সেটা জীবন কি না বলা যাবে না। তবে সেখানেই মানুষ বাস করে। প্রতিদিন জীবনের সঙ্গে যুদ্ধ করে বাঁচে। সে যুদ্ধটা বৈধ, না অবৈধ সেটা ভাবার মতো সময় তাদের থাকে না। কারণ জীবন যন্ত্রণার চেয়ে ক্ষুধার যন্ত্রণা যে আরো অনেক বেশি শক্তিশালী। গ্রাম থেকে শহরে চলে আসা ট্রাকচালক বাক্কা মিয়ার একদিন সব ছিল। অনেক স্বপ্ন নিয়ে দেশের জন্য যুদ্ধও করেছিলেন। অথচ সব হারিয়ে তাঁকে আজ পঙ্গুত্ববরণ করতে হয়েছে। স্ত্রী কান্দুনীর উপার্জনে কোনোমতে তাঁর সংসার চলে। রাত-দিন বিছানায় মৃত মানুষের মতো পড়ে থাকা বাক্কা মিয়ার চোখ আর মনুষ্যত্ব চেয়ে চেয়ে নির্বাক হয়ে দেখে কিভাবে অভাব মানুষকে পরাধীন করে। চোখের সামনে নিজের মেয়েকে পুরুষের লালসার কাছে বিক্রি হতে দেখেন তিনি। পচে যাওয়া ভঙ্গুর এই সমাজব্যবস্থার প্রতি তাঁর তীব্র ঘৃণা তৈরি হয়। মনটা প্রতিবাদী হয়ে উঠতে চায়। কিন্তু সব কিছুই যে পরাধীনতার হাতে বন্দি, তার প্রতিবাদ ডুকরে কেঁদে মরবে হয়তো ইথার তরঙ্গে। তবে তা তথাকথিত সভ্য মানুষের কানে হয়তো কোনো দিনও পৌঁছাবে না। আধুনিক দাসপ্রথা সুতায় বাঁধা পুতুলনাচের মতো মানুষকেও গ্রাস করেছে। গবেষণায়ও সে তথ্য মিলছে। অস্ট্রেলিয়াভিত্তিক সংস্থা ওয়াক ফ্রি ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত গ্লোবাল স্লেভারি ইনডেক্স ২০১৮-এ বলা হয়েছে যে বিশ্বের চার কোটিরও বেশি মানুষ কোনো না কোনোভাবে আধুনিক দাসত্বের শিকারে পরিণত হচ্ছে। এই গবেষণায় হয়তো দৃশ্যমান বিষয়গুলোকে তুলে ধরা হয়েছে। দৃশ্যের বাইরের যে অদৃশ্য পৃথিবী রয়েছে, সেখানে কত বিচিত্রভাবে সুতার ওপরে সুতার মালা গেঁথে মানুষকে দাসে পরিণত করা হচ্ছে তার খবর কেউ রাখে না। সেটা উপলব্ধি করা যায় হয়তো, বলা যায় না। কারণ পরাধীনতাও সব সময় অদৃশ্য থাকতে ভালোবাসে।

লেখক: অধ্যাপক, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর







রুম ভাড়া

করোনা এলাকায় সেভেন ট্রেনের কাছে একটি এপার্টমেন্টে একটি আলাদা রুম ভাড়া দেয়া হবে। কিচেন, বাথরুম শেয়ার করতে হবে। কেবলমাত্র পুরুষরা যোগাযোগ করুন। মাসিক ভাড়া ৩৫০ ডলার। কোন অতিথি আনা যাবে না। ফোন: ৭১৮-৫০৭-৪১৬৯
অ-২৫/ন-০১

সাহায্যকারী আবশ্যক

নিউজার্সীর নিউ ব্রুন্সউইক-এ বসবাসরত একজন বয়স্কা প্যারালাইজড মহিলা রোগিনীকে সবসময় দেখাশুনা করার জন্য রোগিনীর বাসায় থাকতে আগ্রহী মহিলা সাহায্যকারী দরকার। আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন: ৯৭৩-৯৩১-৬০৫৯ (কলি)
অ-২৫/ন-০১/০৮/১৫

রুম ভাড়া

ওজনপার্কের ৯৪-৫৭ ১৩৩ স্ট্রীট ঠিকানায় নিরিবিলি পরিবেশে বসবাসের জন্য শুধুমাত্র একজন কর্মজীবী মেয়ে অথবা নারী অথবা ছাত্রীকে রুম ভাড়া দেওয়া হবে। এ ট্রেন সাবওয়ে এবং বাস সার্ভিস বাসার কাছেই। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৯২৯-৬০২-৯৯৬৬ অথবা ৫১৬-৮৮১-১১২৫
অ-২৫/ন-০১

বাসা ভাড়া

কুইন্স ভিলেজে-এর ৯৩ এভিনিউ এবং ২১০ প্লেস-এ এক বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া দেওয়া হবে। বাসার কাছেই কিউ১১০, কিউ৭৭, কিউ৩৬ আর কিউ১ এর বাস স্টপেজ। যোগাযোগ: ৯১৭-২২৬-৪৪২৩ (বাবলু)
অ-২৫/ন-০১

বাসা ভাড়া

ব্রুকলীনের এফ ট্রেনের বেলপার্কওয়ে সাবওয়ে ষ্টেশন ও বি৬ বাস স্টপ একই ব্লকের মধ্যে ১ রুমের বাসা ভাড়া হবে। আলাদা লিভিং ও কিচেন। যোগাযোগ: ৭১৮-৮৫৯-৫১৪৯ অথবা ৭১৮৫৫২৬৯৩১
অ-২৫/ন-০১/০৮

কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact # **934-234-7361**

সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হিলসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

রুম ভাড়া

করোনায় সেভেন ট্রেন সাবওয়ে থেকে দুই ব্লক দূরে একটি এপার্টমেন্টের এক বেডরুম একজন কর্মজীবির পুরুষের কাছে ভাড়া দেওয়া হবে। মাসিক ভাড়া ৩৫০ ডলার (গ্যাস ও ইলেক্ট্রিসিটি অন্তর্ভুক্ত নয়)। বাসায় গেষ্ট নেওয়া যাবে না। যোগাযোগ: ৭১৮-৫০৭-৪১৬৯
আ-০২

অবশ্যক

কুইন্সে পারিবারিক রান্নার জন্য একজন মহিলা কুক (cook) আবশ্যক। প্রাথমিক কাজ মান সমপন্ন রান্না (fine cookings) এবং সাথে light housekeeping। রান্নায় সখ এবং হাউসকিপিং এ অভিজ্ঞতা আছে এমন হলে ভাল হয়। পরিবারের সদস্য মাত্র ২ জন। আওয়ার ১৫.০০ ডলার।
যোগাযোগ: ৭১৮ ২০৭-৩৭৫৭

বাসা ভাড়া

কুইন্স ভিলেজের ৮৮ এভিনিউ এবং ২১২ প্লেসে ডুপ্লেক্স বাড়ী ভাড়া হবে, ১লা নভেম্বর থেকে। ৩ বেডরুম, ১ বাথরুম (সেকেন্ড ফ্লোর), ১/২ বাথরুম, লিভিং, ডাইনিং, কিচেন (ফানস্ট ফ্লোর)। এফ ট্রেন এর লাস্ট স্টপেজ (১৭৯ স্ট্রীট)। বাস কিউ১, কিউ৩৬ ও কিউ৪৩। যোগাযোগ: ড্যানী (৬৪৬) ৫২৯-৫২৪০।
অ-০৪/১১

রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের প্রাইভেট হাইজে ৭১ ষ্ট্রীট ও ৩৫ এভিনিউ, মাছ বাজার সংলগ্ন ২ জন রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৬৪৬-৭৩৩-৭২৯৬ অথবা ৬৪৬-৭৩৩-৭২৭৯
অ-০৪/১১

বাসা ভাড়া

ইষ্ট এলহার্স্ট-এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ ও ৩২ এভিনিউর উপরে প্রথম তলায় একটি দুই বেডরুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৪৬ স্ট্রীট এবং ১০৫ এভিনিউতে তিন বেডরুম এবং দুই বাথরুমের এপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। তিন ব্লকের মধ্যে এলআইআরআর এয়ার ট্রেন এবং সাবওয়ে। যোগাযোগ: ৭১৮-৮৮৬-০৮৫৪
জুলা-০৫/১২

রুমমেট চাই

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডের সন্নিকটে ৪৬৫ ওশান পার্কওয়ে অ্যাপার্টমেন্ট বাসায় বিশাল একটি রুমে অধুমপায়ী পুরুষ রুমমেটের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযাগে: ৬৩১-৫৬৮-১১৭৩
জু-২৮/জু-০৫

অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪
জু-২৮/জু-০৫

আবশ্যক

একটি গ্যাস ষ্টেশনে কাজ করবার জন্য ফুল টাইম কেশিয়ার আবশ্যক। বিনিয়োগ করতে ইচ্ছুক হলে আলোচনা সাপেক্ষে তাকে পার্টনারশীপ দেয়া যেতে পারে। যোগাযোগ: **৯১৭-৭৪৪-৭৩০৮**

বেসমেন্ট ভাড়া

কুইন্সের জ্যামাইকায় ২ বেডরুম/১ বেডরুমের বেসমেন্ট ছোট পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে। (হিন্দু হলে ভালো হয়। কারণ বাসার সবাই হিন্দু)। যোগাযোগ: গোপ (৩৪৭-৬০৫-৯৫৮২)
আ-৩০/সে-০৬

আবশ্যক

বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ৩৫-৪৭ বছর বয়সী প্রার্থীকে ভালো ইংলিশ জানতে হবে। সেলারী ১৭ ডলার ঘন্টা। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ অথবা ৩৪৭-৫৭৯-৯৮৭৮
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের নিরিবিলি পরিবেশে দুজন থাকার জন্য বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট সকল ইউটিলিটি ও ইন্টারনেট ভাড়া হবে। কিউ২ ও কিউ৮৩ বাস কাছাকাছি। ভাড়া ১১০০ ডলার। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারনেট ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-১৪/২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে। লিভিং রুম, ডাইনিং, কিচেন ২ বাথরুম সহ। যোগাযোগ: ৯২৯-৩৯৮-৮২৮৩
জুন-১৪/২১

বাসা ভাড়া

ওজোনপার্কের ১০৬-২৪ ৭৫ স্ট্রীটের সেকেন্ড ফ্লোরে এক বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৭ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪ জুন-১৪/২১

বাড়ী ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টারে (১৪৬৮ হোয়াইট প্লেইন্স রোড, ফাস্ট ফ্লোর) তিন বেডরুম ও ২ বাথরুমের বাড়া নভেম্বর মাস থেকে ভাড়া দেওয়া হবে। ভাড়া ২৫০০ ডলার। যোগাযোগ: ৬৪৬-৬৬৭-৮১২৯ অথবা ৭১৮-৫৬১-০৬৯৯
ন-০১/০৮

বাসা ভাড়া

সাউথ ওজনপার্কে ১২৮ স্ট্রীট ও ১১১ এভিনিউতে সম্পূর্ন রেনুভেটেড দুই বেডরুমের বাসা নভেম্বর থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৬৩১-৩৫৯-৪০৪৪ অথবা ৩৪৭-৫৯২-৬৮৫২
ন-০১/০৮

কন্ডো বিক্রি

ব্রঙ্কসের পার্কচেষ্টারে নিউলি রেনোভেটেড ২ বেডরুমের কন্ডো বিক্রি করা হবে। এটি এখনই বসবাসযোগ্য। যোগাযোগ: ৯১৭-৮৯২-৭৫০০
অ-২৫/ন-০১

আবশ্যক

ব্রঙ্কসে বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ৩টা থেকে সন্ধ্যা ৮:৩০ ঘটিকা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ইংলিশ জানা ৩৫ থেকে ৪৭ বছরের মধ্যে। প্রতি ঘন্টা ১৭ ডলার। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ আবশ্যক ৩৪৭-৫৭৯-৯৮৭৮
অক্টো-১১/১৮

সেমিবেমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ ষ্ট্রীট এফ ট্রেন সাবওয়ের সন্নিকটে সেমিবেসমেন্ট নামাজি কর্মজীবি ২ জন মহিলা অথবা স্বামী/স্ত্রীর নিকট ১ নভেম্বর থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৬৪৬-২৫৫-৮৯২৩
অক্টো-১১/১৮

পারমিট ভাড়া

দুই বৎসরের সিটিওয়াইড ফুলটাইম জায়রোর পারমিট ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ টিপু আহমেদ
৩৪৭-৪৫৯-৪৮৯১
অ-০৪/১১

জমি বিক্রয়


খুলনা শহরের বানিয়া খামার মৌজার মিস্ত্রি পাড়ায় খালপাড় রোডে ৫ কাঠা জমি বিক্রি হবে। যোগাযোগ: ৩৪৭-৯৪৪-৪১৮১ (সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত)
অক্টো-১১/১৮

গাড়ি ভাড়া

উবার/ লিফটটের জন্য ২০২১ টুসান হুন্দাই ০ মাইলেজ গাড়ি ভাড়া হবে।
যোগাযোগঃ ৯২৯-৩৯৩-৬৮০৭

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।
যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭
জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444





হৃদয় ছোঁয়া গানে মন জয় করলেন শামীম সিদ্দীকী

(শেষের পাতার পর)

২৯ অক্টোবর অত্যন্ত বৈরী আবহওয়া উপেক্ষা করে অনুষ্ঠানে বিপুল দর্শক অংশ গ্রহন করেন। কানায় কানায় পূর্ণ অডিটরিয়ামে আশরাফুল হাসানের আহবানে শিল্পী শামীম সিদ্দীকী মঞ্চে আসেন।

বাফা, ছায়ানট, সিলেটে একজন গুরুর কাছে গানের প্রশিক্ষন প্রাপ্ত এই শিল্পী সুন্দর সাবলীল যাদু ভরা কণ্ঠে দর্শকের মাতিয়ে রাখেন। তিনি রবীন্দ্র সংগীত, বাংলা আধুনিক গান, ব্যান্ডের গান পরিবেশন করেন। তিনি তার প্রাণপ্রিয় মাকে নিয়ে তার রচিত ও সুরে একটি গান পরিবেশন করেন। গান পরিবেশন করার সময় উনার স্নেহময়ী মা মঞ্চে উপস্থিত ছিলেন। মধ্য রাত পর্যন্ত ব্যান্ডের বহু গান পরিবেশন করে দর্শকদের নাচিয়েছেন। সদা হাসি খুশী এই শিল্পী অত্যন্ত বন্ধুবৎসল, তাই এই শিল্পীর বিপুল ফ্যান আছে। তিনি তার কোন ফ্যানকেই এই অনুষ্ঠানে গান না শুনিয়ে নিরাশ করেনি। প্রতিটি দর্শকই অত্যন্ত আনন্দ সহকারে অনুষ্ঠানটি উপভোগ করেছেন। মিউজিসিয়ানদের মিউজিকের মধুর ঝংকারে আর আলোক সজ্জার রঙিন ঝলকে অনুষ্ঠানটি হয়ে উঠে স্মরনীয়। শিল্পী অভিনেত্রী তমালিকা কর্মকতার, সঙ্গীত শিল্পী শশী ও চন্দ্রা রায়ের সাথে দ্বৈ সংগীত পরিবেশন করেন। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন জনপ্রিয় কণ্ঠ শিল্পী বেবী জাজ-নীন ও রিজিয়া পারভিন সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, শাহ নেওয়াজ প্রমুখ। শিল্পীর জীবনী তুলে ধরেন অভিনেত্রী তমালিকা কর্মকার। অনুষ্ঠানে শামীম সিদ্দীকে সম্মাননা প্রদান করা হয়। সমাজের বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ উপসিস্থত ছিলেন এই সুন্দর অনুষ্ঠানে। অনুষ্ঠানটি ছিলো আলমগীর খান আলমের আর একটি সুন্দর প্রযোযনা।

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত

(শেষের পাতার পর)

আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্তু বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়াটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন।

এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

কি করবেন? যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না। নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:

কখনো ডুয়েল এজেন্সী গ্রহণ করবেন না।

এমন রিয়েল এস্টেট এজেন্টকে মনোনীত করবেন না যে শুধু ওপেন হাউজকে প্রাধান্য দেয়।

এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেবেন না, যে শুধু বাড়ি বিক্রয় করাকে শুধু তার মূল্যের ওপর গুরুত্ব দেয়।

গব সময় আপনার রিয়েল এস্টেট এজেন্টকে বাড়ির ইন্সপেকশনের সময় উপস্থিত থাকতে তাগাদা দিন।

আপনার আশেপাশের এমন একজন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিন যার বিশেষ সুনাম রয়েছে এবং ভাল ট্রাক রেকর্ড আছে।

উপরে উল্লেখিত টিপসগুলো ব্যবহার করে আপনি আপনার বাড়ি বিক্রয়ে সেরা সফলতা লাভ করতে পারেন।

বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোনো সমস্যায় আ-মরাও আপনাকে পরামর্শ দিতে পারি। লোন অপশন আপনার জন্য প্রযোজ্য হবে- এ ব্যাপারে আমাদের পর্যবেক্ষণ ও পরামর্শ আপনার জন্য উপকারী হতে পারে।

আপনি, আপনার পরিবার অথবা বন্ধু-বান্ধব যদি বাড়ি ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন, আপনার যোগ্য মর্টগেজ খুঁজে নিতে চান তাহলে ফ্রি কনসালটেন্টের জন্য এম কামাল সিপিএর সাথে যোগাযোগ করতে পারেন। অথবা wwwkamalmort-gage tips.com লগ অন করে বিস্তারিত জেনে নিন। এ ছাড়াও এ বিষয়ে বিস্তারিত জানার জন্য ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নাম্বারে যোগাযোগ করতে পারেন।

নিউইয়র্ক বাংলা বইমেলায়

(শেষের পাতার পর)

রাষ্ট্রদূত এম সহিদুল ইসলাম।

বই মেলার পরবর্তী চার দিনের কর্মকান্ড পরিচালিত হয় জ্যাকশন হাইটসের জুইস সেন্টারে। প্রতিকুল পরিবেশেও জমে উঠেছে নি-উইয়র্ক বাংলা বইমেলা। প্রতিদিন বিকেল ৪টা থেকে রাত ১১টা পর্যন্ত চলে মেলার কার্যক্রম। ঢাকার ১১টি প্রকাশনা সংস্থা/প্রতিষ্ঠান সহ মুক্তধারার স্টল বসে মেলা প্রাঙ্গনে। বই প্রদর্শন ও বিক্রি ছাড়াও মেলায় ছিলো সাহিত্য আড্ডা, কবিতা পাঠ, সেমিনার, সাংস্কৃতিক আনুষ্ঠান, প্রামাণ্যচিত্র প্রদর্শনী প্রভৃতি। উল্লেখ্য, করোনা মহামারির কারণে গেলো বছর সরাসরি হতে পারেনি নিউইয়র্ক বাংলা বইমেলা। সেই আক্ষেপ ঘুঁচিয়ে পাঠক, লেখক ও প্রকাশকদের অংশগ্রহণে এবার অনুষ্ঠিত হলো নিউইয়র্ক বাংলা বইমেলার ৩০তম আসর। নিউইয়র্কের বাংলা বইমেলা বাংলাদেশ ও পশ্চিম বাংলার বাইরে সবচেয়ে বড় ও দীর্ঘস্থায়ী বইমেলা হিসেবে স্বীকৃত।

উদ্বোধনী অনুষ্ঠান: মুক্তধারা ফাউন্ডেশনের উদ্যোগে লাগোর্ডিয়া আয়োজিত ৩০তম এই আয়োজনের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন এবারের মেলার আহ্বায়ক ড. নুরুন নবী। এরপর ৩০ জন বিশিষ্ট ব্যক্তিকে সম্মাননা জানানো হয়। তারা আলোর প্রদীপ হাতে নিয়ে মেলার উদ্বোধনী পর্বে অংশ নেন। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয় সংসদের সদস্য শফিউল ইসলাম মহিউদ্দিন, বাংলাদেশের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ঐতিহ্য) সাবিহা পারভীন, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কবি মিনার মনসুর, বাংলাদেশ জ্ঞান ও সৃ জনশীল প্রকাশনা সমিতির নির্বাহী মনিরুল হক, সাংবাদিক হারুন হাবীব, কবি ও লেখক মিনার মনসুর, শিশু সাহিত্যিক ফারুক হোসেন, অনন্যা প্রকাশনীর সত্ত্বাধিকারী মনিরুল হক, বাংলাদেশ পুস্তক প্রকাশক সমিতির সাবেক সভাপতি আলমগীর শিকদার লোটন, কবি ও প্রকাশক জাফর আহমেদ রাশেদ, প্রমুখ।

উদ্বোধনী পর্বে ছিল গৌরবের পঞ্চাশ বছর শীর্ষক সেমিনার। ড. নূরুন নবীর সঞ্চালনায় এই সেমিনারে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা-সাংবাদিক হারুন হাবীব, বিশিষ্ট অর্থনীতিবিদ ড. নজরুল ইসলাম। চার দিনের বিভিন্ন সাংস্কৃতিক পর্বে সঙ্গীত পরিবেশন করবেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্রনাথ রায়, কাদেরী কিবরিয়া ও শহীদ হাসান, মুক্তিযোদ্ধা-শিল্পী তাজুল ইমাম, ঢাকার সাংবাদিক-শিল্পী নবনীতা চৌধুরী, প্রবাসের জনপ্রিয় শিল্পী কাবেরী দাস, পার-মিতা মুমু, শাহ মাহবুব, রাজীব, চন্দন চৌধুরী ও পশ্চিমবঙ্গের শিল্পী সাহানা ভট্টাচার্য প্রমুখ।

এবারের মেলায় মুক্তধারা-জিএফবি সাহিত্য পুরস্কার দেয়া হয় পশ্চিমবঙ্গের জনপ্রিয় কথাসাহিত্যিক সমরেশ মজুমদারকে। তাঁর অনুপস্থিতিতে পুরস্কার গ্রহণ করেন ড. নূরুর নবী। এছাড়া মেলার ৩০ বছরে বিশেষ সম্মাননা দেয়া হয় মুক্তধারার প্রতিষ্ঠাতা বিশ্বজিত সাহা, সাংবাদিক নিনি ওয়াহেদ এবং উদ্যোক্তা মোহাম্মদ আলীকে।

সংবাদ সম্মেলন: এদিকে বইমেলা উপলক্ষে গত বুধবার (২৭ অক্টোবর) সন্ধ্যায় সিটির উডসাইডের কুইন্স প্যালেসে আয়োজিত এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে এবারের বইমেলার আহবায়ক একুশে পদক বিজয়ী লেখক ড. নুরুন নবী, চেয়ারম্যান ফেরদৌস সাজেদীন, মুক্তধারা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও সিইও বিশ্বজিত সাহা বিস্তারিত তুলে ধরেন। হাসান ফেরদৌসের উপস্থাপনায় সাংবাদ সম্মেলনে ঢাকা থেকে আগত পুস্তক প্রকাশকগণ তাদের প্রতিক্রিয়াও তুলে ধরেন।

খলিল বিরিয়ানীর খাবার

(শেষের পাতার পর)

৭৬তম সাধারণ অধিবেশনে অংশ গ্রহন করতে এসে শেখ হাসিনা এবং তার সাথে আসা সরকারী কর্মকর্তাদের প্রতিদিন আপ্যায়ন করা হয়েছে ব্রঙ্কসের খলিলের খাবার দিয়ে। নিউইয়র্কে তার অবস্থানের প্রথম দিন থেকে শেষ দিন পর্যন্ত প্রতিদিন খাবার সরবরাহ হয়েছে খলিল বিরিয়ানী হাউস থেকে। আর এই খাবার রান্না করেছেন শেফ খলিল নিজে। খলিলুর রহমান জানান, ব্যাপারটা আমার এবং আমার প্রতিষ্ঠানের জন্য খুবই গৌরবের। আমার দেশের প্রধানমন্ত্রীকে আমি নিজ হাতে রান্না করে খাওয়াতে পেরেছি এজন্য আমি নিজেকে খুবই ভাগ্যবান মনে করছি। আমি যতদূর জানতে পেরেছি মাননীয় প্রধানমন্ত্রী ও আমার রান্না করা খাবার খেয়ে খুশী হয়েছেন।

উল্লেখ্য, কিছুদিন আগে বাংলা দেশের পরিকল্পনা মন্ত্রী সহ আরো কয়েকজন অফিসিয়াল খলিল বিরিয়ানীর খাবারের স্বাদ গ্রহন করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ম্যাথে অনার্স এবং মাস্টার্স খলিলুর রহমান নিউইয়র্কের বিখ্যাত কুলিনারী ইন্সটিটিউট থেকে রন্ধনশিল্পে ডিপ্লোমা নিয়ে ব্রঙ্কসের বাংলা বাজারে ছোট্ট পরিসরে গড়ে তুলেন খলিল বিরিয়ানী হাউস। অল্প সময়ের ব্যবধানে তিনি আরো বৃহৎ পরিসরে খলিল হালাল চাইনিজ সহ আরো চারটি ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলেন। নিউইয়র্কের কংগ্রেসম্যান, স্টেট সিনেটর, অ্যাসেম্বলীম্যান, সিটি কম্পট্রোলার, কাউন্সিলম্যান, বরো প্রেসিডেন্ট, ডিষ্ট্রিক্ট এটর্নীসহ মূলধারার রাজনীতিবিদদের অন্যকেই খলিলের খাবারের নিয়মিত ক্রেতা। নিউইয়র্ক বাংলাদেশ কনসুলেটের কনসাল জেনারেল সহ বাংলাদেশের সরকারের মন্ত্রী, রাজনীতিবিদ, চিত্রনায়ক নায়িকা, সঙ্গীত শিল্পী বিভিন্ন পত্রিকার সম্পাদক এবং সাংবাদিকবৃন্দ সহ এলিট শ্রেনীর অনেকেই নিউইয়র্কে এলে খলিলের খাবারের স্বাদ গ্রহন করে থাকেন। বাংলাদেশের বাইরেও ছড়িয়ে পড়েছে খলিলের খাবারের সুনাম। ভারতের সারেগামাপার অনেক শিল্পীও নিউইয়র্কে এসে খলিলের খাবারের নিয়মিত স্বাদ গ্রহন করে থাকেন। শুধু ভারত নয় প্রতিবেশী দেশ নেপাল ভুটান এবং শ্রীলংকারও অনেকে নিউ-ইয়র্ক এসে খলিলের খাবারের স্বাদ গ্রহন করেছেন।

বিউটি দাসের একক

(শেষের পাতার পর)

মঙ্গেসকর, আশা ভোসলে, মাহমুদুন্নবী, কৌলাস খের, রুনা লায়লাসহ জনপ্রিয় শিল্পীদের গান পরিবেশন করেন বিউটি দাস। মুগ্ধ দর্শকরা বার বার করতালি দিয়ে উৎসাহ দেন বিউটিকে। নিউইর্কে এটি বিউটি দাসের প্রথম একক সঙ্গীতানুষ্ঠান। অনুষ্ঠানে বাংলাদেশের অন্যতম জনপ্রিয় শিল্পী আইয়ুব বাচ্চুর প্রতি শ্রদ্ধা জানিয়ে ঘুমন্ত শহরে গানটি পরিবেশন করেন। তিনি আর লালনের গান দিয়ে শেষ হয় অনুষ্ঠান। সন্ধ্যা থেকে মধ্যরাত পর্যন্ত চলে অনুষ্ঠান। এতে মিডিয়া পার্টনার ছিল টাইম টেলিভিশন।

বাইডেন ও এরদোগান

(শেষের পাতার পর)

যুক্তরাষ্ট্রের সঙ্গে তুরস্কের সম্পর্কের অবনতি হয়। এছাড়া বাইডেন প্রশাসন তুরস্কে এরদোগান প্রশাসনের ওপর বেশ কয়েকটি কারণে ক্ষুব্ধ। এর আগে গত জুন মাসে বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে ন্যাটো সম্মেলনের ফাঁকে বৈঠকে মিলিত হয়েছিলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান। বাইডেন প্রেসিডেন্ট হওয়ার পর এটি ছিল তাদের প্রথম সাক্ষাৎ।

রোববার বাইডেন-এরদোগানের ৭০ মিনিট বৈঠকের পর তুরস্কের প্রেসিডেন্টের যোগাযোগ পরিচালকের দপ্তর এক বিবৃতিতে বলেছে, ইতিবাচক আবহে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন বিষয়সহ আঞ্চলিক বিষয়াদি আলোচনা করা হয়েছে। বৈঠকে দুই নেতা যুক্তরাষ্ট্র-তুরস্ক সম্পর্ক শক্তিশালী এবং উন্নয়ন করতে একমত হন। এ লক্ষ্যে তারা পরবর্তীতে বিভিন্ন কর্মকৌশল গ্রহণের বিষয়েও সম্মত হন।

বাইডেন ২০২০ সালে তার নির্বাচনী প্রচারণার সময় সংবাদপত্রে এক সাক্ষাৎকারে তুর্কি প্রেসিডেন্টকে স্বৈরাচারী হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের উচিৎ তুরস্কে তার বিরোধীদের সমর্থন করা।

স্বাভাবিকভাবে এসব কথা পছন্দ হয়নি তুর্কি নেতা এরদোগানের। নির্বাচনে জেতার পর বাইডেনকে অভিনন্দন জানাতে রাশিয়ার পুতিন বা চীনের শি জিনপিংয়ের মতো এরদোগানও পাঁচদিন সময় নেন।

শাহজাহান শেখ ফাস্ট

(শেষের পাতার পর)

বাংলাদেশী-আমেরিকান শাহজাহান শেখ। গত ২৮ অক্টোবর বৃহস্পতিবার অনুষ্ঠিত বোর্ড সভায় সদস্যদের সরাসরি ভোটে তিনি ফাস্ট ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন। খবর ইউএনএ'র।

ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ১ সূত্রে জানা গেছে, বোর্ড সভায় সদস্যদের সরাসরি ভোটে আলিন পার্ক চেয়ারপারসন, শাহজাহান শেখ ফাস্ট ভাইস চেয়ারম্যান এবং এডি মারু সেকেন্ড ভাইস চেয়ারপারসন হিসেবে নির্বাচিত হন।

এদিকে স্থানীয় সিটি কাউন্সিল মেম্বার সালামাংকা জুনিয়র এবং ব্রঙ্কস বরো কর্মকর্তা প্রড্রি টিলিডো সহ অন্যান্য বোর্ড মেম্বাররা ব্রঙ্কস কাউন্টি কমিউনিটি বোর্ড-১ এর নবনির্বাচিত কর্মকর্তাদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।

উল্লেখ্য, স্থানীয় আইনশৃংখলা, নির্বাচিত প্রতিনিধির পরামর্শ, ভূমি ব্যবহারসহ জনকল্যাণমূলক কর্মকান্ডে কমিউনিটি বোর্ড বিশেষ ভূমিকা রাখছে। স্থানীয় সিটি কাউন্সিল মেম্বার, অ্যাসেম্বলী সদস্য ও স্টেট সিনেটরদের সুপারিশক্রমে বরো প্রেসিডেন্ট দুই বছরের জন্য কমিউনিটি বোর্ড সদস্যদের মনোনয়ন দেন এবং প্রতি দুই বছর অন্তর বোর্ড সদস্য নবায়ন করেন বা নতুন মনোনীত হন। কমিউনিটি অ্যাক্টিভিস্ট শাহজাহান শেখ তার প্রতিক্রিয়ায় জানান, বোর্ড মেম্বারের পাশাপাশি নতুন দায়িত্ব পাওয়ায় এলাকার কল্যানে তার দায়িত্ব আরো বেড়ে গেলো। তিনি তার দায়িত্ব পালনে সকল মহলের সার্বিক সহযোগিতা কামনা করেন। শাহজাহান শেখ ২০১৭ সাল থেকে এই বোর্ডের একজন সক্রিয় সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। তার দেশের বাড়ি গাজীপুরের কাপাসিয়ায়।

যুক্তরাষ্ট্রে সড়ক

(শেষের পাতার পর)

ঘটেছে বলে 'ন্যাশনাল হাইওয়ে সেইফটি এডমিনিস্ট্রেশন' (এনএইচ-টিএসএ) সূত্রে ২৯ অক্টোবর এ সংবাদ জানা গেছে। করোনাভাইরাসের ভীতির মধ্যেও বল্গাহীন ড্রাইভিংয়ের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে ফেডারেল প্রশাসন। ২০২০ সালের প্রথম ৬ মাসের তুলনায় এবারের একই সময়ের দুর্ঘটনার হার ১৮.৪% বেশি।

বাইডেনের পরিবহন মন্ত্রী পিতে বাটিগীগ বলেছেন, এহেন অবস্থাকে চলতে দেয়া উচিত হবে না। ১৯৭৫ সালের পর আর কোন বছরের অর্ধেক সময়ে এতবেশী আমেরিকান মারা যায়নি সড়ক দুর্ঘটনায়। তাই দুর্ঘটনা রোধে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ফেডারেল সংস্থাটি উল্লেখ করেছে যে, চলতি বছরের মার্চ থেকে জুন পর্যন্ত চার মাসের দুর্ঘটনা সমূহের পর্যালোচনা ও বিশ্লেষণের পর দেখা গেছে, করোনা মহামারির আগের তুলনায় এখন সীটবেল্ট ছাড়া ড্রাইভিং এবং গতিসীমা লংঘনের ঘটনা বেড়েছে। গত দু'বছর থেকেই গতিসীমা লংঘনকারি ড্রাইভারের সংখ্যা বাড়ছে বলেও উল্লেখ করেছে মহাসড়কের ট্রাফিক পুলিশ।

করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে আসায় স্বাস্থ্যবিধি অনেকাংশে শিথিল করার পরই সড়কে গাড়ি চলছে দ্রুতবেগে ট্রাফিক আইন লংঘনের প্রবণতাও বেড়েছে। ফেডারেল মহাসড়ক প্রশাসন সূত্রে জানা গেছে, এ বছরের জুন পর্যন্ত ৬ মাসে গাড়ি চালানোর পরিমাণ আগের বছরের তুলনায় বেড়েছে ১৭৩.১ বিলিয়ন মাইল অর্থাৎ ১৩%। এ অনুযায়ী প্রতি ১০০ মিলিয়ন মাইল চলার সময় দুর্ঘটনায় মৃত্যু বেড়েছে ১.৩৪। আগের বছরের একই সময়ের চেয়ে মৃত্যুর হার বেড়েছে ১.২৮। এহেন অবস্থায় এনএইচটিএস এর উপ-প্রশাসক স্টিভেন ক্লিফ ড্রাইভারদের প্রতি অনুরোধ জানিয়েছেন গতিসীমা লংঘন না করতে এবং সীটবেল্ট লাগিয়ে গাড়ি চালাতে।

মিশিগানে সম্প্রীতি প্রতিষ্ঠায়

(শেষের পাতার পর)

গত রোববার (৩১ অক্টোবর) এ সমাবেশ হয়। এতে বিভিন্ন ধর্মের মানুষ অংশগ্রহণ করেছেন। আয়োজকরা বলেছেন, অন্য ধর্মের মানুষের সঙ্গে সম্প্রীতি গড়ে তুলতে এবং ইসলামবিদ্বেষ দূর করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

সরেজমিন দেখা গেছে, মসজিদ আল ফাতহে সারাদিন উন্মুক্ত রাখা হয়েছে। পবিত্র আল কুরআনের বাণী ও ইসলামের ইতিহাস প্যাকার্ড ও পোস্টারের মাধ্যমে সুন্দরভাবে প্রদর্শন করা হয়েছে। আরবি লেখার পাশাপাশি ইংরেজিতে অনুবাদ ছিল। মসজিদে আগত অমুসলিমদের ফুল দিয়ে অভ্যর্থনা জানান। তারা ইসলাম সম্পর্কে জানতে প্রশ্ন করেন। ইসলামিক চিন্তাবিদরা তাদের নানা প্রশ্নের উত্তর দেন। 'মসজিদের দরজা খোলা' শীর্ষক প্রাণবন্ত এ অনুষ্ঠান যেন সব সম্প্রদায়ের মানুষের মধ্যে সম্প্রীতির এক অনন্য উদাহরণে রূপ পেয়েছে। মসজিদ কমিটির সভাপতি অলিউর রহমানের সঞ্চালনায় ধর্মীয় এ সভায় বক্তব্য রাখেন ওয়ারেন সিটির মেয়র জিম ফাউটস, কাউন্সিলরম্যান জনাতন লাফায়াটি, কাউন্সিলরম্যান রন পাপাড্রিয়া, ইসলামিক স্কলার আবদুল লতিফ আজম, মোহাম্মদ জিন্দানী, মোস্তফা এল টুরক, ইমাম আবদুল বাছিত চৌধুরী, মসজিদ কমিটির সদস্য সৈয়দ সাহেদুল হক, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ফয়সাল আহমদ, ড. খাজা শাহাব আহমদ, আজিজ চৌধুরী মুরাদ, নুমান আরবী প্রমুখ।





ব্রঙ্কসে খলিল সুপার মার্কেটের বর্ণাঢ্য উদ্বোধন

(শেষের পাতার পর)

স্টোরের পর এবার চালু হলো 'খলিল সুপার মার্কেট'। ধারাবাহিকভাবে ব্যবসায়িক সাফল্যের পর ব্রঙ্কসের ১৪৫৫ ইউনিয়ন পোর্ট রোড ঠিকানায় বিশাল পরিসরে শুক্রবার (২৯ অক্টোবর) বাদ জুম্মা উদ্বোধন হতে যাচ্ছে খলিল সুপার মার্কেট। এর অন্যতম স্বত্তাধিকারী খলিলুর রহমান জানান, কমিউনিটি সহ স্থানীয় জনমানুষের চাহিদার কথা বিবেচনা করে খলিল সুপার মার্কেট চালু করা হয়েছে। এতে থাকবে নিত্য প্রয়োজনীয় সকল দ্রব্য সামগ্রী সহ ফ্রেস মাছ, মাংস, শাক-সবজী সহ হালাল খাবার। শুধু ব্যবসা নয়, ব্যবসার মাধ্যমে গ্রহকদের সেবা করাই আমাদের মূল লক্ষ্য ও উদ্দেশ্য। তিনি সকল বাংলাদেশী প্রবাসী সহ অন্যান্য কমিউনিটির গ্রেতাদের এই সুপার মার্কেটের সেবা গ্রহণের অনুরোধ জানান। উদ্বোধন উপলক্ষ্যে ১০০ ডলার পর্যন্ত বাজারে ১০ শতাংশ ডিসকাউন্ট দেয়ার ঘোষণা দেন খলিলুর রহমান। ঐদিন বাদ জুম্মা খলিল সুপার মার্কেটের উদ্বোধন করেন নিউইয়র্ক স্টেট সিনেটর লুইস সিপুলভেদা। এসময় শুভেচ্ছা বক্তব্য রাখেন কাউন্সিলওমেন প্রার্থী আমান্দা ফারিয়া ও ইমাম রশীদ জামিল। এরপর ফিতা কাটেন নিউপোর্ট মসজিদের সাবেক ইমাম সৈয়দ আকবর আলী। এসময় ইমাম আবুল কাসেম মোহাম্মদ ইয়াহিয়া, বাংলাবাজার বিজনেস এসোসিয়েশনের সভাপতি আবদুল ওয়াহিদ চৌধুরী জাকি ও সাধারণ সম্পাদক সাইদুল রহমান লিংকন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মীর্জা মামুন, মাও-লানা ওবায়দুল্লাহসহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

বিশ্বকাপ থেকে ছিটকে পড়লেন সাকিব

(শেষের পাতার পর)

বাংলাদেশের বাকি দুইটি ম্যাচে খেলা হবে না তার। রোববার (৩১ অক্টোবর) সন্ধ্যায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড থেকে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বাংলাদেশ ক্রিকেট দলের চিকিৎসক দেবাশীশ চৌধুরী জানান, 'সাকিব বাঁ পায়ের নিচের দিকে আঘাত পেয়েছেন। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সর্বশেষ ম্যাচে এই চোট পেয়েছেন তিনি। গ্রেড ওয়ান এই ইনজু-রির কারণে বিশ্বকাপে বাংলাদেশের পরের দুই ম্যাচে খেলতে পারছেন না সাকিব।'

বিশ্বকাপে যেহেতু আর খেলা হবে না সাকিবের, তাই কাল-পরশুই টিম হোটেল ছাড়বেন তিনি। সংযুক্ত আরব আমিরাত থেকে চলে যাবেন যুক্তরাষ্ট্রে, পরিবারের কাছে। এর আগে শুক্রবার (২৯ অক্টোবর) ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে খেলার সময় হ্যামস্ট্রিংয়ে চোট পান সাকিব। এরপর চোট নিয়েই ব্যাটিং ও বোলিংয়ের গুরুদায়িত্ব পালন করেছেন। মেডিকেল টিম তাকে দুই দিন পর্যবেক্ষণে রাখে। এসময় বিসিবি চিকিৎসক জানিয়েছিলেন, পর্যবেক্ষণ শেষে অবস্থা বুঝে নেওয়া হবে ব্যবস্থা। পর্যবেক্ষণের ফলাফল ভালো না আসায় শেষ পর্যন্ত বিশ্বকাপ থেকেই ছিটকে গেলেন এই অলরাউন্ডার। বাছাই পর্বে জিতলেও মূল পর্বে এখন পর্যন্ত একটি ম্যাচও জিততে পারেনি বাংলাদেশ। এতে সেমিফাইনালে যাওয়ার সম্ভাবনা বাংলাদেশের প্রায় নেই বললেই চলে। এমন অবস্থায় সাকিব ছিটকে যাওয়ায় নতুন কাউকে দলে নেওয়ার সুযোগ থাকলেও করোনা কালে বায়োবাবলের এই সময়ে সাকিবের বিকল্প নিচ্ছে না বাংলাদেশ। কারণ কোয়ারেন্টাইনের জটিলতার কারণে সেই সুযোগও নেই বাংলাদেশ দলের। এর আগে ইনজুরিতে বিশ্বকাপ শেষ হয়েছিল জাতীয় দলের আরেক তারকা মোহাম্মদ সাই-ফউদ্দিনেরও।

এ বারের বিশ্বকাপে একটি রেকর্ড গড়েন সাকিব। টি২০ বিশ্বকাপে সব থেকে বেশি উইকেট নেওয়ার রেকর্ড এখন তার দখলে। টপকে গিয়েছেন পাকিস্তানের শাহিদ আফ্রিদিকে। দলের জন্য এই বিশ্বকাপ মনে রাখার মতো না হলেও সাকিব মনে রাখতে চাইবেন তার রেকর্ডের জন্য। টি২০ ক্রিকেটেও সব চেয়ে বেশি উইকেট এখন তার দখলে। লাসিথ মালিঙ্গার ১০৭টি উইকেটের রেকর্ড ভেঙে দিয়েছেন সাকিব।

অতিরিক্ত ঘুম কি স্ট্রোকে

একটু আরাম করে শুলেন - আবহাওয়াও চনমনে। ব্যাস বেশ একটু ঘুম। বয়োজ্যেষ্ঠরা অবশ্য বলেন, বেশি ঘুম ভালো না। কথাটা অবশ্য খুব ভুল বলেন নি। এইতো কদিন আগেরই এক গবেষণা থেকে জানা গেলো বেশি ঘুমোলে নানাবিধ শারীরিক জটিলতা দেখা দিতে পারে। হতে পারে স্ট্রোক।

এটুকু আমরা সবাই জানি একজন প্রাপ্তবয়স্কের দিনে ৮-৯ ঘণ্টা ঘুম প্রয়োজন। মূলত মস্তিষ্ক এতে খুব একটা ক্লান্ত হয়না। দিনে চার ঘণ্টা ঘুমোতে পারলেও আপনি সুস্থ থাকবেন। তবে ৮-৯ ঘণ্টাই আদর্শ। পর্যাপ্ত পরিমাণ ঘুমের অভাবে বদহজম, ক্লান্তি, স্মৃতিশক্তি লোপের মতো সমস্যা দেখা দিতে পারে। কম ঘুম যেমন হৃদযন্ত্রের সমস্যার কারণ, বেশি ঘুমও হৃদযন্ত্র বিকলের কারণ হতে পারে। যারা দিনে ৯ ঘণ্টার বেশি ঘুমান, তাদের হৃদরোগ হওয়ার ঝুঁকি ৮৫ শতাংশ বেড়ে যায়।

সচরাচর মস্তিষ্কে রক্ত চলাচল কমে গেলে স্ট্রোকের ঝুঁকি বাড়ে। স্ট্রোকের উপসর্গ প্রথম থেকেই আন্দাজ করা সম্ভব হয়না। অনেকের ঘুমের মধ্যেও স্ট্রোক হয়। অবশ্য সাময়িক গবেষণা থেকে জানা যায়না ঘুমের সাথে স্ট্রোকের সম্পর্কটা আদৌ কিভাবে সম্ভব। তবে পর্যবেক্ষণ থেকে এমনটাই জানিয়েছেন বিশেষজ্ঞরা।

আমরা এর সম্ভাব্য কারণগুলো বলতে পারি। বেশি ঘুমোলে দেহে রক্তে কোলেস্টেরলের মাত্রা বেড়ে যেতে শুরু করে। এতে শরীরে মেদ জমে। মেদ অবশ্যই স্ট্রোকের কারণ। এছাড়াও প্রচন্ড মানসিক অবসাদ শরীরে ক্লান্তি আনে। তাতে অনেকে বেশি ঘুমোন। আর এসব কারণে স্ট্রোকের ঝুঁকিও বাড়তে শুরু করে।

তাই বেশি ঘুমনোর অভ্যাস থাকলে দ্রুত পরিহার করুন। আরামপ্রিয়তাকে কিছুটা সংযত রাখতে পারলে আপনারই লাভ।



বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // November 0 1 // 2021

ট্যাক্সি ড্রাইভাররা আতঙ্কে

(শেষের পাতার পর)

তৎপরতা রয়েছে জাল নোট ব্যবসায়ী সিনডিকেটসহ নানা ধরনের প্রতারক চক্রের উৎপাত। গত শনিবার ছিনতাইকারীর কবল থেকে বিস্ময়করভাবে রক্ষাপান জামাইকার বাসিন্দা ইমরান আহমদ। রাতে এস্টোরিয়া থেকে ৩ জন যাত্রী ম্যানহাটন নিয়ে যান ইমরান। আপটাউন ম্যানহাটনে সবাই নেমে যাওয়ার কথা থাকলেও ২ জন যাত্রী তাদেরকে বক্স নিয়ে যাওয়ার কথা বলে। ইমরান আহমদ অপারগতা প্রকাশ করলে অনেকটা জোরপুর্বক তাকে বরোংস নিয়ে যায় তারা। গাড়ির দ্বিতীয় যাত্রী মহিলা ১১৪৩ ফরেসট এভিনিউ বরোনস নেমে যায়। শেষ যাত্রী ৮৭০ ফ্রি ম্যান স্ট্রীট পৌছে গাড়ি চালক ইমরানের বলে আমার জ্যাকেটে লম্বা চাকু আছে কোন কথা না বলে তোমার কাছ যা আছে দিয়ে দাও। একথা শুনে আতংকিত ইমরান গাড়ি থেকে নেমে যান। তিনি ছিনতাইকারীকে বলেন গাড়িতে টাকা পয়সা আছে তুমি নিয়ে যাও। (বাকি অংশ ৪৭ পাতায়)

‘নিসচা’ যুক্তরাষ্ট্র শাখা’র উদ্যোগে ‘জাতীয় নিরাপদ সড়ক দিবস’ পালিত





নিউইয়র্ক: নিরাপদ সড়ক চাই (নিসচা) যুক্তরাষ্ট্র শাখা আলোচনা সভার মাধ্যমে পালন করেছে ‘জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০২১’। এ উপলক্ষ্যে গত ২১ অক্টোবর বৃহস্পতিবার সন্ধ্যায় জ্যামাইকায় স্টার কাবাব রেস্টুরেন্টে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সংগঠনের আহবায়ক ইসমাইল হোসেন স্বপন। সভায় প্রধান অতিথি ছিলেন মূলধারার রাজনীতিবিদ মোহাম্মদ এন মজুমদার। নিরাপদ সড়ক চাই (নিসচা) যুক্তরাষ্ট্র শাখার সদস্য সচিব স্বীকৃতি বড়ুয়ার সঞ্চালনায় ও যুগ্ম আহবায়ক খন্দকার রেজাউল করিমের সহযোগিতায় অনুষ্ঠানের শুরুতেই সম্প্রতি বাংলাদেশে শারদীয় দুর্গোৎসবে সাম্প্রদায়িক হামলার নিন্দা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে কোরআন তেলাওয়াত করেন মোঃ আলী আফজাল মিয়া। এরপর যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন, নিসচা-এর প্রতিষ্ঠাতা চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনের প্রয়াত স্ত্রী জাহানারা কাঞ্চন সহ দেশে ও প্রবাসে সড়ক দুর্ঘটনায় নিহত সবার আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন এবং জাতীয় নিরাপদ সড়ক দিবসে চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনের বক্তব্য পরিবেশন করা হয়।

শুভেচ্ছা বক্তব্যে আহবায়ক ইসমাইল হোসেন স্বপন বলেন‘গতি সীমা মেনে চলি, সড়ক দুর্ঘটনা রোধ করি’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে এইবার আমরা দেশে ও প্রবাসে জাতীয় সড়ক দিবস পালন করছি। স্বনামধন্য চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চনের দীর্ঘ আন্দোলনের ফসল আজকের এই জাতীয় নিরাপদ সড়ক দিবস। নিরাপদ সড়ক চাই আন্দোলনের গভীরতা তারাই বেশি অনুভব করেন, যাদের পরিবার বা আত্মীয় স্বজনের মধ্যে কেউ না কেউ সড়ক দুর্ঘটনার স্বীকার হয়েছে। কিন্তু আমরা চাই সড়ক দুর্ঘটনা রোধে দেশে ও প্রবাসে সমাজের সর্বস্তরের মানুষ সচেতন হবেন এবং প্রশাসন যথাযথ ভূমিকা পালন করবেন। সভায় মোহাম্মদ এন মজুমদার বলেন, দেশে ও প্রবাসে নিরাপদ সড়ক চাই সংগঠনের কার্যক্রমকে আমি স্বাগত জানাই। প্রবাসের মত বাংলাদেশেও প্রতিটি গাড়ীকে ইনস্যুরেন্সের আওতায় আনতে হবে এবং দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারকের বড় অংকের আর্থিক ক্ষতিপূরণ দিতে হবে। ক্ষতিপূরণ দেওয়াটা আইনের আওতায় আনলেই গাড়ির মালিক বা চালক অনেক সতর্ক হবেন এবং দুর্ঘটনা অনেকাংশে কমে আসবে বলে আমার বিশ্বাস।

সভায় অন্যান্য বক্তারা সড়ক দুর্ঘটনা রোধে নিসচা সংগঠনের সামাজিক আন্দোলনের ভূয়সী প্রশংসা করে বলেন, বাংলাদেশে গাড়ী চলাকালে এয়ারফোন বা মোবাইল ফোন ব্যবহার করার ফলে সড়ক দুর্ঘটনা বাড়ছে। এছাড়া গাড়ীতে ধারণ ক্ষমতার অতিরিক্ত মাল বা যাত্রী বহন করা হয়। ফুটপাত দখল করে ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলায় সংকীর্ণ রাস্তায় গাড়ি চালানোয় দুর্ঘটনা বাড়ছে। এ ছাড়া ভালো সড়ক না থাকার পরও নির্ধারিত গতিসীমার অতিরিক্ত গতিতে গাড়ী চালানোর ফলে দুর্ঘটনা কমছে না। ট্রাফিক পুলিশের স্বক্রিয় ভূমিকাসহওজনসচেতনতাই পারে বাংলাদেশে সড়ক দুর্ঘটনা রোধ করতে। এ জন্য পেশাজীবী গাড়িচালকসহ সবাইকে সম্মিলিতভাবে সড়ক দুর্ঘটনা রোধে সচেতনতা সৃষ্টি ও সকল নিয়মের অনুশাসন মেনে চলতে হবে। বক্তারা আরও বলেন বাংলাদেশে সড়ক দুর্ঘটনা রোধে যে আন্দোলন চলে আসছে, সেই আন্দোলন একদিন জাতিসংঘের স্বীকৃতি আদায় করে বিশ্ব নিরাপদ সড়ক দিবসে পরিণত হবে বলে আমাদের বিশ্বাস।

সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা যথাক্রমে এবিএম ওসমান গনি, বীর মুক্তিযোদ্ধা ওমর ফারুক খসরু, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফকরুল আলম, সোসাইটির কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার ও সৈয়দ আল আমিন রাসেল, মূলধারার রাজনীতিক আহসান হাবিব ও আহনাফ আলম, বিশিষ্ট রাজনীতিক শামসুদ্দীন আজাদ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সাধারণ সম্পাদক আব্দুল হাসিব মামুন, লেবার ইউনিয়ন ‘আসাল’-এর ন্যাশনাল চেয়ারম্যান মাফ মিজবাহ উদ্দীন, এনওয়াইপিডি ট্রাফিক বিভাগে কর্মরত খান শওকত, সাংস্কৃতিক ব্যক্তিত্ব গোপাল স্যান্নাল, কমিউনিটি অ্যক্টিভিষ্ট সাহানা বেগম রিনা, নিসচা’র আজীবন সদস্য আব্দুস সালাম, নিসচা সদস্য যথাক্রমে আদান ইসলাম ও সাদিয়া জয়া প্রমুখ।

সভায় বিশিষ্ট রাজনীতিবিদ ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক মোঃ সেবুল মিয়া, ইমরুল কায়েস, মোহাম্মদ হেলাল, আফরোজা হোসেন, মিসেস রেজাউল করিম, মোস্তাফিজুর রহমান, রওশন বেগম সোনিয়া, আব্দুল গাফফার বাবু, সমীর ফারুক, ওমর ফারুক, মোহাম্মদ মোস্তাফিজুর রহমান লিটন প্রমুখ আরও উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

সিএনএন টাওয়ারের সামনে প্রবাসী হিন্দু কমিউনিটির প্রতিবাদ সভা



আটলন্টা (জর্জিয়া): বাংলাদেশের বিভিন্ন জায়গায় সনাতনী হিন্দু সম্প্রদায়ের বসতবাড়ি, মন্দির, পূজা মন্ডপে হামলা এবং প্রতিমা ভাংচুরের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন যুক্তরাষ্ট্রের জর্জিয়া রাজ্যের আটলানটায় বসবাসরত প্রবাসী হিন্দু কমিউনিটি। গত ২৪ অক্টোবর রোববার আটলান্টার সিএনএন টাওয়ারের সামনে এই প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ প্রবাসী হিন্দু পরিষদ-এর নির্বাহী সভাপতি ও হিন্দু এসোসিয়েশন অব জর্জিয়ার সভাপতি সত্যব্রত করের সঞ্চালনায় প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন চন্দ্রশেখর দত্ত, ইলা চন্দ প্রমুখ। সভায় অরুন চন্দ্র দেব, সুভাষ চক্রবর্তী, দেবব্রত চক্রবর্তী সহ বিশিষ্ট হিন্দু ব্যক্তিবর্গ সভায় উপস্থিত ছিলেন।

প্রতিবাদ সভায় বক্তারা বলেন, পূর্ব পরিকল্পিতভাবে হিন্দুদের প্রাণের উৎসব শারদীয় দুর্গাপূজায় দেশের বিভিন্ন স্থানে হামলা, প্রতিমা ভাংচুর ও পূজা অর্চনা ভন্ডুল করা হয়েছে। পূর্বেও এরকম পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

সভায় বক্তারা আরো বলেন, আগে সাম্প্রদায়িক হামলার ঘটনা ঘটতো নির্বাচন কেন্দ্রিক, এখন তা শুরু হয়েছে উৎসব কেন্দ্রিক, যা অত্যন্ত আশংকার। বক্তারা বলেন, বর্তমান সরকার সব সময়ই বলে থাকেন, বাংলাদেশ অসাম্প্রদায়িক দেশ। আমরাও তা অন্তরে ধারণ করি, লালন করি।

বাংলাদেশের স্বাধীনতা অসাম্প্রদায়িকতার ফসল। কিন্তু যদি তাই হয়, তবে স্বাধীনতার এত বছর পরও কেন এই সাম্প্রদায়িক সহিংসতা! অথচ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এই ঘটনার সাথে জড়িতদের শাস্তি হবে। স্বরাষ্ট্রমন্ত্রীও এই নাশকতার সাথে জড়িতদের খুঁজে বের করে আইনের আওতায় আনার আশ্বাস দিয়েছেন। আমরা দ্রুত এর বাস্তবায়ন চাই।

বক্তারা সরকারের কাছে আবেদন জানিয়ে বলেন, ‘যারা এ হামলার সাথে জড়িত তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিন, যাতে এই অপশক্তিরা বোঝে যে অন্যের ধর্মের ক্ষতি করে নিজের ধর্মের মহিমা প্রতিষ্ঠা করা যায় না, রাষ্ট্রও সে অপরাধ ক্ষমা করে না। -প্রেস বিজ্ঞপ্তি।





আন্তর্জাতিক কবিতা পুরস্কার পেলেন কবি হাসানআল আব্দুল্লাহ



নিউইয়র্ক: পোলিশ রাইটার্স ইউনিয়নের দেয়া আন্তর্জাতিক কবিতা পুরস্কার 'ইয়ানিসুস'-এ ভূষিত হলেন কবি ও শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ। ষোড়শ শতাব্দীর ল্যাটিন কবি ইয়ানিসুসের নামে দেয়া এই পুরস্কারের অন্য নাম 'ক্লেমেন্স ইয়ানিস্কি প্রাইজ।' হাসানআল আব্দুল্লাহর সাথে ইজরায়েলের কবি আমির অরও এই পুরস্কার পেলেন। পুরস্কার দেয়া হলো 'for a great contribution to world poetry!'

পোজন্যান শহরে অনুষ্ঠিত চার দিনের আন্তর্জাতিক কবিতা উৎসবে আমন্ত্রিত কবি হিসেবে যোগ দেন কবি হাসানআল আব্দুল্লাহ। অনুষ্ঠানের তৃতীয় দিনে তার হাতে এ পুরস্কার তুলে দেন বোডগোস শাখা রাইটর্স ইউনিয়ন প্রেসিডেন্ট কবি ডারিউস টমাস লেবিয়ডা। পুরস্কার হাতে নিয়ে কবি সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, '২৫ বছর আগে আমি গণিতে পিএইচডি না করে কবিতা লেখায় নিজেকে নিয়োজিত করেছিলাম। এখন মনে হচ্ছে আমার সেদিনের সিদ্ধান্ত ঠিক ই ছিলো।' উৎসবে কবির একটি বই 'আন্ডার দ্যা থিন লেয়ারস অব লাইট'-এর পোলিশ সংস্করণ প্রকাশ পায়। তাছাড়া উৎসব উপলক্ষ্যে প্রকাশিত তিনটি সংকলনেই তার কবিতা বাংলা-পোলিশ-স্প্যানিশ-ব্রেইল চার পদ্ধতিতে বিশেষ গুরুত্বের সাথে ছাপা হয়। বাংলাদেশ ও ইসরায়েল ছাড়াও এই অনুষ্ঠানে অংশ নেন ইটালি, গ্রীস, জার্মানী, প্যালেস্তাইন, ইউক্রেন, বেলজিয়াম ও পোল্যান্ডের খ্যাতিমান কবি ও অনুবাদক। উল্লেখ্য, ২০১৬ সালে কবি হাসানআল আব্দুল্লাহ 'হোমার ইয়োরোপিয়ান কবিতা পুরস্কার'-এ ভূষিত হন। তিনি একাধিকবার পোল্যান্ডে কবিতা উৎসবে আমন্ত্রিত হয়েছে। আমন্ত্রিত হয়েছেন গ্রীস ও চীন কবিতা উৎসবেও। তার কবিতা অনূদিত হয়েছে দশের অধিক ভাষায়। তাইওয়ান থেকে চাইনিজ ভাষায়ও তার বই প্রকাশ পেয়েছে। তার প্রকাশিত গ্রন্থ সংখ্যা ৪৯। তিনি আন্তর্জাতিক দ্বিভাষিক কবিতা পত্রিকা 'শব্দগুচ্ছ' সম্পাদক। -প্রেস বিজ্ঞপ্তি।

ট্যাক্সি ড্রাইভাররা আতঙ্কে

চরম আতংকে থাকা ইমরান আহমেদ দেখতে পান এসময় বিপরীত থেকে একটি গাড়ি আসছে। মনে সাহস সঞ্চয় করে ঐ গাড়ির সামনে দাড়িয়ে হেল্প হেল্প বলে চিৎকার শুরু করেন। অবস্থায় বেগতিক দেখে পালিয়ে যায় ছিনতাইকারী।

এই প্রতিবেদককে বলেন ছিনতাইকারীর ফেলে যাওয়া আইডি কার্ড ব্যাংক তিনি থানায় জমা দিয়েছেন। পুলিশ গাড়িতে ক্যামেরন সংযোজনের পরামর্শ দিয়েছে। শুধু ইমরান আহমদ নয় ইদানীং গাড়ি চালকসহ বিভিন্ন শ্রেনীর মানুষ ছিনতাই হামলা প্রতারক চকের কবলে পড়ে হয়রানীর স্বীকার হচ্ছেন। ভোক্তভোগীরা বলছেন পেশাদার অপরাধী উৎপাত বেড়ে যাওয়ায় বাড়ছে উদ্বেগ আতংক।

চালকদের অবস্থা জানতে এই প্রতিবেদক এক কথা বিভিন্ন বেইসের চালকদের সাথে। ব্যবসার খারাপ অবস্থার কথা স্বীকার করেছেন তারা।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York

M. Kamal, MLO
CPA




খলিল বিরিয়ানীর খাবার খেলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

হাবীব রহমান: নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের খলিল বিরিয়ানীর এখন জয়জয়কার। এতদিন নিউইয়র্কের মুলধারার রাজ-নীতিকরা শুধু খলিলের খাবার খেলেও এবার খলিলের খাবারের স্বাদ নিয়েছেন বাংলা দেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সদস্য সমাপ্ত জাতিসংঘের (বাকি অংশ ৪৪ পাতায়)

হৃদয় ছোঁয়া গানে মন জয় করলেন শামীম সিদ্দীকী

অপু: নিউইয়র্ক সিটির উডসাইডের কুইন্স প্যালেসে শোটাইম মিউজিকের আয়োজনে এইপ্রবাসের অন্যতম জনপ্রিয় শিল্পী শামীম সিদ্দীকী একক সংগীত সন্ধ্যা অনুষ্ঠিত হলো। গত শুক্রবার (বাকি অংশ ৪৪ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ৪৪ পাতায়)

নিউইয়র্ক বাংলা বইমেলায় হৃদয়ের ছোঁয়া

বিশেষ প্রতিনিধি: 'বই আমার শক্তি, বই আমার মুক্তি' শ্লোগান নিয়ে বর্ণাঢ্য উদ্বোধনের মধ্য দিয়ে শুরু হওয়া পাঁচ দিনব্যাপী নিউইয়র্ক বাংলা বইমেলা সোমবার শেষ হচ্ছে। এর আগে গত ২৮ অক্টোবর বৃ হস্পতিবার সন্ধ্যায় নিউইয়র্কের লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে উদ্বোধনী অনুষ্ঠানে পাঠক, প্রকাশক ও লেখকদের মেলা বসেছিল। স্বাধীনতার ৫০ বছর আর বইমেলার ৩০ বছর ঘিরে এবারের বইমেলায় ছিলো ভিন্নতা। কানাডা থেকে ভিডিওবার্তার মাধ্যমে এবারের মেলার উদ্বোধন করেন কবি আসাদ চৌধুরী। প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের (বাকি অংশ ৪৪ পাতায়)


নিউইয়র্ক বই মেলায় প্রবাসীদের ভীড়

বিউটি দাসের একক সঙ্গীতানুষ্ঠানে মুগ্ধ দর্শক-শ্রোতা



টাইম টিভি: যুক্তরাষ্ট্রের জনপ্রিয় সঙ্গীত শিল্পী বিউটি দাসের একক সঙ্গীতানুষ্ঠান শনিবার রাতে নিউইয়র্ক সিটির কুইন্স থিয়েটারে অনুষ্ঠিত হয়েছে। হল ভর্তি দর্শকদের উপস্থিতিতে এতে মৌসুমি ভৌমিক, লতা (বাকি অংশ ৪৪ পাতায়)

বাইডেন ও এরদোগান রোমে ৭০ মিনিট বৈঠক করেন

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যিপ এরদোগান মুখোমুখি বৈঠক করেছেন। রোমে ২৬ তম জি-টোয়েন্টি সম্মেলনের ফাঁকে এই দুই নেতা বৈঠক করেন। তুরস্কের ডেইলি সাবাহর খবরে বলা হয়েছে, বৈঠকে দুই প্রেসিডেন্ট সম্পর্ক উন্নয়ন করতে একমত হয়েছেন। রাশিয়া থেকে ক্ষেপণাস্ত্র এস-৪০০ কেনা নিয়ে (বাকি অংশ ৪৪ পাতায়)

সরে যাচ্ছেন পরিচালকরা : মিথ্যা তথ্যে প্রস্তাবিত পিপলস ব্যাংক

তিন দফা সময় বাড়িয়েও মূলধনের অর্থ জমা দিয়ে কার্যক্রম শুরু করতে পারেনি



মাহবুব আলম লাবলু: মিথ্যা তথ্য দিয়ে কেন্দ্রীয় ব্যাংক থেকে প্রাথমিক সম্মতিপত্র পেয়েছে পিপলস ব্যাংক। এরপর প্রায় দুবছর ধরে পরিচালক নিয়োগের নামে অর্থ লোপাটে চলছে নানামুখী তৎপরতা। এর নেপথ্যে রয়েছেন প্রস্তাবিত ব্যাংকটির চেয়ারম্যান আমেরিকা প্রবাসী বাংলাদেশী নাগরিক আবুল কাশেম। ইতোমধ্যেই ঋণের টাকা ব্যাংকের পরিশোধিত মূলধন হিসাবে দেখাতে গিয়ে বিএফআইইউর তদন্তে অভিযুক্ত হয়েছে প্রতিষ্ঠানটি। এমন পরিস্থিতিতে ব্যাংক প্রতিষ্ঠার উদ্যোগ (বাকি অংশ ১৬ পাতায়)

ট্যাক্সি ড্রাইভাররা আতঙ্কে

এমদাদ চৌধুরী দীপু: হামলা ছিনতাই এর ভয়কে সাথী করে নিউইয়র্কে গাড়ি চালান বাংলাদেশী চালকরা। বিশেষ করে যারা রাতের শিফটে গাড়ি গাড়ি চালান তারা বিভিন্ন ধরনের সমস্যায় পড়েন প্রতি নিয়ত। ইদানীং হামলা ছিনতাইক ঘটনা বেড়েছে আশংকাজ-নকভাবে। হামলা ছিনতাইর পাশাপাশি (বাকি অংশ ৪৬ পাতায়)

যুক্তরাষ্ট্রে সড়ক দুর্ঘটনায় ৬ মাসে মৃত্যু ২০,১৬০

বাংলা পত্রিকা ডেস্ক: চলতি বছরের প্রথম ৬ মাসে যুক্তরাষ্ট্রে সড়ক দুর্ঘটনায় ২০ হাজার ১৬০ জনের প্রাণহানী ঘটেছে। ২০০৬ সালের পুরো বছরের সমান প্রাণহানীর ঘটনা (বাকি অংশ ৪৪ পাতায়)

মিশিগানে সম্প্রীতি প্রতিষ্ঠায় উদ্যোগ

তোফায়েল রেজা সোহেল, মিশিগান থেকে: যুক্তরাষ্ট্রের মিশিগানে ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠায় এক ব্যতিক্রমী সমাবেশ হয়েছে। ইসলামিক সেন্টার অব ওয়ারেন ও মসজিদ আল ফাতহের উদ্যোগে (বাকি অংশ ৪৪ পাতায়)



নিউইয়র্কের ব্রঙ্কস কমিউনিটি বোর্ড-১

শাহজাহান শেখ ফাস্ট ভাইস চেয়ারম্যান নির্বাচিত

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কে ব্রঙ্কস কমিউনিটি বোর্ড-১ এর ফাস্ট ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন বোর্ড মেম্বার (বাকি অংশ ৪৪ পাতায়)

ব্রঙ্কসে খলিল সুপার মার্কেটের বর্ণাঢ্য উদ্বোধন


ফিতা কেটে খলিল সুপার মার্কেটের উদ্বোধন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ব্রঙ্কসে প্রতিষ্ঠিত বাংলাদেশী মালিকানাধীন খলিল বিরিয়ানী হাউজ, খলিল চাইনিজ ও খলিল পিজা (বাকি অংশ ৪৫ পাতায়)

নিউইয়র্কের পথে প্রান্তরে-৬

মুক্তারা বেগম নদীঃ 'তুমি শুধু এইটুকু বিশ্বাস কর, তোমাকে দেখবার জন্য আমার যে ব্যাকুলতা, তুমি কখনো সেটা ছাড়িয়ে যেতে পারবে না' শবনম - সৈয়দ মুজতবা আলী যথারীতি কাজ করছিলাম (বাকি অংশ ৩৬ পাতায়



আল্লাহ সংকট দেন ফিরে আসার জন্য

জাফর আহমাদ

আল্লাহ তা'আলা মানুষকে বিপদ-আপদ-মু-সিবত, দু:খ-কষ্ট-ক্লেশ, সংকট-সমস্যা, অভাব-অনটন,রোগ-ব্যধি-মহামারি, প্রাকৃ তিক দুর্যোগ, লাঞ্জনা-অপমান ও জান-মালের ক্ষতি (বাকি অংশ ৩৬ পাতায়)

খেলার খবর

বিশ্বকাপ থেকে ছিটকে পড়লেন সাকিব

স্পোর্টস ডেস্ক: চোটের কারণে আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে ছিটকে পড়লেন সাকিব আল হাসান। সুপার টুয়েলভে (বাকি অংশ ৪৫ পাতায়)

হেলথ টিপস

অতিরিক্ত ঘুম কি স্ট্রোকের কারণ?

বাংলা পত্রিকা ডেস্ক: ঘুমকাতুরে স্বভাব আছে অনেকেরই। এই সুযোগ মিলালো, একটু নিরিবিলি সময়ে ঘুম এড়ানোটা কষ্টকর। বিছানায় (বাকি অংশ ৪৫ পাতায়)

বিনোদন

ছেলের জন্য মানসিক চিকিৎসক নিয়োগ করছেন শাহরুখ-গৌরী!

বিনোদন ডেস্ক: বাড়ি ফিরেই বাবা-মাকে জড়িয়ে ধরে কেঁদেছেন আরিয়ান খান। ছোট ভাই কিছু না বুঝলেও ভাইয়ের ঘরে ফেরার আনন্দে (বাকি অংশ ৩৬ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ প ষ্ঠায় দেখ ন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com